শ্রীশ্রীপ্রেয়োভক্তিরসার্ণব
শ্রীশ্রীকৃষ্ণভক্তি-রসকদম্ব
ও
শ্রীশ্রীশ্যামচন্দ্রোদয়

শ্রীহরিদাসদাস

শ্রীশ্রীসুন্দরানন্দ গোপাল-বংশীয়

শ্রীনয়নানন্দ ঠাকুর-বিরচিত

শ্রীশ্রীপ্রেমভক্তি-রসার্ণব

শ্রীশ্রীকৃষ্ণভক্তি-রসকদম্ব

তথা

শ্রীজগদানন্দ ঠাকুর-রচিত

শ্রীশ্রীশ্যামচন্দ্রোদয়

শ্রীধাম নবদ্বীপ, শ্রীহরিবোল কুটীর হইতে
শ্রীহরিদাস দাস-কর্ত্তৃক প্রকাশিত

৪৬৩ শ্রীচৈতন্যাব্দ

ভিক্ষা—২৷০

শ্রীহরিদাস দাস
শ্রীহরিবোল কুটীর
শ্রীধাম নবদ্বীপ

মুদ্রাকর
শ্রীহরিপদ পাত্র
সত্যনারায়ণ প্রেস
১৬০, মসজিদবাড়ী ষ্ট্রীট
কলিকাতা

বিজ্ঞপ্তি

বর্ত্তমান সিউড়ি (বীরভূম) হইতে দক্ষিণ-পূর্ব কোণে পাঁচ ক্রোশ দূরে মঙ্গলডিহি গ্রাম। শ্রীমন্ মহাপ্রভুর পার্ষদ শ্রীসুন্দরানন্দ গোপালের শিষ্য শ্রীপণি (পান্নুয়া) গোপালই তত্রত্য ঠাকুর বংশের আদিপুরুষ। পান্নুয়ার পিতার নাম মনসুখ। নিজের প্রকৃত নাম গোপালচন্দ্র হইলেও তিনি পান বিক্রয় করিতেন বলিয়া নাম হইয়াছিল—পান্নুয়াঠাকুর। কাম্যবনবাসী শ্রীধ্রুব গোস্বামী নামক জনৈক সন্ন্যাসী শ্রীশ্রীশ্যামচাঁদ ও শ্রীশ্রীবলরাম বিগ্রহদ্বয় কস্কন্ধে করিয়া মঙ্গলডিহিতে উপস্থিত হন। * মুসলমান অত্যাচারে পলায়ন করত এই ধ্রুব গোস্বামী দ্বাদশ গোপাল সমভিব্যবহারে বঙ্গদেশে আসিয়া ভাণ্ডীরবন গ্রামে কিছুদিনের জন্য আশ্রয় গ্রহণ করেন। তত্রত্য দোলমঞ্চে অবস্থানকালে এক নিদারুণ ঘটনায় তিনি সেই স্থানও ত্যাগ করেন। ভাণ্ডীর বনের নিকটবর্ত্তী খটঙ্গা গ্রামের অধীশ্বরের পরিবারস্থ কোন বিধবা যুবতীর সহিত তাঁহার পাচক ব্রাহ্মণের অবৈধ প্রণয় হইলে রাজা ক্রোধে ব্রাহ্মণের মস্তক দ্বিখণ্ডিত করিতে আজ্ঞা করেন। ব্রাহ্মণ নিরুপায় হইয়া ভাণ্ডীরবনের ধ্রুব গোস্বামিজির আশ্রমে পলায়ন করেন এবং গোস্বামিজি তাঁহাকে অভয়দান করেন। কিছুক্ষণ পরে রাজপুরুষগণ তাঁহাকে ধরিয়া অতি নিষ্ঠুরভাবে নিহত করে। এই ঘটনার পরে গোস্বামিজি স্থানান্তরিত হইতে ইচ্ছা করিয়া দ্বাদশ গোপাল সঙ্গে করিয়া ময়ূরাক্ষীতটে উপস্থিত হন। চৈত্র মাস হইলেও প্রচুর বর্ষায় ময়ূরাক্ষী তখন দুই কূল প্লাবিত করিয়া চলিয়াছে—গোস্বামিজি একে একে একাদশ বিগ্রহ পর্য্যন্ত নৌকায় স্থাপন করিলেন, কিন্তু দ্বাদশ মূর্ত্তি অন্যত্র যাইতে অনিচ্ছুক হইয়া বিশ্বম্ভর হইলে জনৈক ভিক্ষুক ব্রাহ্মণের হস্তে ঐ গোস্বামিজি গোপালটি দিয়া প্রস্থান করেন। দরিদ্র ব্রাহ্মণটি ঐ গোপাল মূর্ত্তি বক্ষে ধরিয়া নোয়াডিহি গ্রামের শ্রীনন্দদুলাল ঘোষাল মহাশয়ের বাটীতে

---

* ভাণ্ডীরবনকাহিনী (বীরভূম-বিবরণ ১।১৪৬-১৪৭ পৃষ্ঠা)

রাখিয়া প্রস্থান করেন। বহুদিন পরে রামনাথ ভাহুড়ী নামক জনৈক বদান্য ব্রাহ্মণ ভাণ্ডীরবনে মন্দির নির্মাণ করাইয়া শ্রীগোপালজীউকে ঘোষাল বংশের সহিত ভাণ্ডীরবনে আনিয়া প্রতিষ্ঠা করিয়াছেন।

পূর্বোক্ত ধ্রুবগোস্বামী মঙ্গলডিহিতে শুভ বিজয় করত তত্রত্য জনৈক পণ্ডিতের গৃহে প্রবেশ করেন। কথা-প্রসঙ্গে গোস্বামিজি জানিলেন যে মঙ্গলডিহি নিবাসী মনসুখের পুত্র গোপাল নিষ্ঠাবান্ ও দেবপরায়ণ বৈষ্ণব। গোপালের নিকট সংবাদ প্রেরিত হইলে গোপাল আসিয়া সন্ন্যাসীর মুখে শ্রীশ্রীশ্যামচাঁদের অপূর্ব কাহিনী ও তাঁহার পূর্ববংশের পরিচয়াদি পাইয়া সন্ন্যাসীর সহিত মিত্রতাপাশে বদ্ধ হন। সন্ন্যাসীঠাকুর গোপালের গুণে মুগ্ধ হইয়া শ্রীশ্রীশ্যামচাঁদ ও শ্রীবলরামকে তাঁহার গৃহে রাখিয়া শ্রীশ্রীজগন্নাথ দর্শন করিতে গমন করিয়া চারি বৎসর পরে প্রত্যাগত হন। গোপাল স্বীয় পত্নী লক্ষ্মীপ্রিয়া ও ভগিনী মাধবীলতার সহিত পরমানন্দে শ্রীশ্যামচাঁদের সেবায় দিনাতিবাহিত করিতে-ছিলেন—কিন্তু সন্ন্যাসী আসিয়া বিগ্রহ লইয়া গেলে বিরহে, দুঃখে ও শোকে তাঁহারা ম্রিয়মাণ হইলেন। এদিকে সন্ন্যাসী গ্রাম হইতে অনতিদূর যাইতে না যাইতেই শ্রীবিগ্রহ পানুয়ার প্রেমরজ্জুতে আকৃষ্ট হইয়া বিশ্বম্ভর মূর্ত্তি ধারণ করিলেন এবং পুনরায় স্বপ্নাদেশ দিয়া মঙ্গলডিহিতে আগমন করেন। এই প্রসঙ্গ শ্রীজগদানন্দের 'শ্রীশ্যামচন্দ্রোদয়' গ্রন্থে ত্রিপদীছন্দে বর্ণিত হইয়াছে।

প্রবাদ আছে যে পানুয়া ঠাকুর প্রত্যহ পঞ্চকোটে পান বিক্রয় ও কাটোয়ায় গঙ্গাস্নান করিয়া মঙ্গলডিহিতে প্রত্যাবর্ত্তন পূর্বক অভীষ্টদেবের সেবাদি করিতেন। পানের বোঝাটি কিন্তু ভগবান্ই বহন করিতেন। পানুয়া ঠাকুরের এক গাভীকে ব্যাঘ্রে লইয়া গেলে তিনি ব্যাঘ্র-মুখ হইতে গাভীকে রক্ষা করত ব্যাঘ্রকে কৃষ্ণমন্ত্র দান করেন এবং ঘোষটিকুরী গ্রামের সিদ্ধ ফকির সাহ আবদুল্লার বস্ত্রাবৃত অমেধ্য খাদ্যসামগ্রীকে পুষ্পরূপে পরিণত করিয়াছিলেন। পণিগোপাল শ্রীমন্ মহাপ্রভুর সমসাময়িক বলিয়াই ধর্ত্তব্য, যেহেতু তিনি শ্রীসুন্দরানন্দ গোপালের শিষ্য। ঠাকুর সুন্দরানন্দ মঙ্গলডিহির পূর্বদিকৃস্থিত

পুরিয়া পুষ্করিণীর কদম্বখণ্ডীর যে ঘাটে পণিগোপালকে দীক্ষা দেন এবং যেস্থানে তৎকালে দ্বাদশ দিনব্যাপী মহোৎসব সংঘটিত হয়, সেই স্থানে সেই স্মৃতিরক্ষার্থে অদ্যাপি নন্দোৎসবের দিন বহু নরনারী সমবেত হয়েন এবং পুরিয়ায় স্নান করিয়া ঘাটে চিঁড়া, দধি, মিষ্টান্নাদির ভোগ দিয়া প্রসাদ পাইয়া কৃতার্থ হইয়া থাকেন।

পণিগোপালের সন্তান ছিল না বলিয়া তিনি গড়গড়ে গ্রামবাসী কাশীনাথ নামক জনৈক ব্রাহ্মণের পঞ্চপুত্রকে (অনন্ত, কিশোর, হরিচরণ, লক্ষ্মণ ও কানুরামকে) পোষ্যপুত্ররূপে গ্রহণ করিয়া দীক্ষিত করেন। পানুয়ার অন্তর্ধানে ইঁহারাই তাঁহার সকল সম্পত্তিতে ও বিগ্রহ-সেবায় অধিকারী হন। অনন্তের বংশধরগণ মঙ্গলডিহি হইতে শ্রীবলরামসহ খয়রাশোলে বসতি স্থাপন করেন। কিশোরের একমাত্র কন্যা হীরামুণির বংশধরগণ শ্রীমদনগোপালের সেবা করেন। শ্রীবিনোদরায়জীউ পানুয়া ঠাকুরের কুলদেবতা বলিয়াই প্রবাদ শুনা যায়। হরিচরণ অপুত্রক। লক্ষ্মণ ও কানুরামের পুত্রগণই শ্রীশ্রীশ্যাম-চাঁদের সেবাধিকারী।

কানুরামের পুত্র—গোপালচরণ। ইহার দুই পুত্র গোকুলানন্দ (গোকুলচন্দ্র) ও নয়নানন্দ। জ্যেষ্ঠ পরম প্রেমিক ও সুগায়ক ছিলেন, কীর্ত্তন-পদরচনায় সবিশেষ কৃতিত্ব ছিল বলিয়া তিনি কাশীপুরাধিপের নিকট হইতে গোস্বামিডিহি ও মোতাবেগ নামক দুইটি গ্রাম নিষ্কর প্রাপ্ত হন। সেই সম্পত্তির আয়ে শ্রীশ্যামচাঁদের সেবা হয়। কনিষ্ঠ **শ্রীনয়নানন্দ** শ্রীশ্রীরূপগোস্বামিপ্রভু-বিরচিত শ্রীভক্তিরসামৃতসিন্ধুর আনুগত্যে ১৬৫২ শাকে **শ্রীশ্রীকৃষ্ণভক্তি-রসকদম্ব** ও ১৬৫৩ সালে **শ্রীপ্রেয়োভক্তিরসার্ণব** রচনা করিয়াছেন। গোকুলানন্দের পুত্র জগদানন্দ সংস্কৃতজ্ঞ হইলেও বঙ্গভাষায় ত্রিপদীছন্দে **শ্রীশ্যামচন্দ্রোদয়** এবং কীর্ত্তন-পদাবলী রচনা করিয়াছেন।

জগদানন্দের পৌত্র দ্বারকানাথ ঠাকুর **'শ্রীশ্রীগোবিন্দবল্লভ'** নামক সঙ্গীতনাটক রচনা করিয়া অক্ষয় কীর্ত্তি রাখিয়াছেন। মঙ্গলডিহির ঠাকুরগণ

সকলেই সখ্যভাবের উপাসক। প্রতি গ্রন্থেই তাহা সুপরিস্ফুট। শ্রীবিনোদ রায়ের রাসোৎসব, আশ্বিনী শুক্লাসপ্তমীতে শ্রীপানুয়া গোপালের তিরোধান-উৎসব, দেওয়ালীর উৎসব এবং পুরিয়াকূলে নন্দোৎসবাদি মঙ্গলডিহির প্রধান পর্ব।

বঙ্গীয় সাহিত্য পরিষদের বাংলা পুঁথি ৩৫৬ সংখ্যায় যে খণ্ডিত '**ভক্তি-মাধ্বীকণা**' পাওয়া যাইতেছে, তাহাতে শ্রীরাধাকৃষ্ণের রহোলীলার বর্ণনা থাকায় মঙ্গলডিহির কবি নয়নানন্দ-বিরচিত হইতে পারে না; যেহেতু এই বংশগণ সখ্যরসেরই উপাসক। শ্রীদ্বারকানাথ ঠাকুর শ্রীগোবিন্দবল্লভে মধুর রস বর্ণনা করিলেও তাহাতে প্রেয়োরসই অঙ্গী।

সবিশেষ কৃতজ্ঞতার সহিত নিবেদন করিতেছি যে শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সাহিত্যরত্ন-কর্ত্তৃক প্রদত্ত পুঁথি-সাহায্যে [কলিকাতা বিশ্ববিদ্যালয়ের খণ্ডিত পুঁথির সাহায্যে অত্রত্য ষষ্ঠ প্রকরণমাত্র] '**শ্রীশ্রীপ্রেয়োভক্তিরসার্ণব,** ঐ বিশ্ববিদ্যালয়ের ১১৬৭-সংখ্যক খণ্ডিত পুঁথির সাহায্যে '**শ্রীশ্রীশ্যামচন্দ্রোদয়**', ১৩২০—১৩২২ সাল পর্য্যন্ত বীরভূম পত্রিকা হইতে দশম প্রকরণ পর্য্যন্ত এবং শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায়-কর্ত্তৃক এসিয়াটিক্ সোসাইটিতে প্রদত্ত খণ্ডিত পুঁথি হইতে **শ্রীশ্রীকৃষ্ণভক্তিরসকদম্ব** প্রকাশিত হইয়া ভক্তগণের করকমলে সমর্পিত হইল, ইহাদের আলোচনায় কাহারও বিন্দুমাত্র আনন্দ হইলেও আমি কৃতার্থ হইব—ইতি ১৩৫৬ সন অন্নকূটযাত্রা।

সূচীপত্র

শ্রীশ্রীপ্রেয়োভক্তিরসার্ণব—

শ্রীশ্রীকৃষ্ণভক্তি-রসকদম্বের

শ্রীগ্রন্থকারকৃত সূচীপত্র

---

* একাদশ ও দ্বাদশ প্রকরণদ্বয় খণ্ডিত।

† সূচীপত্রের পরে লিখিত আছে—"শ্রীনয়নানন্দ শর্মণঃ পুস্তকং স্বাক্ষরঞ্চ—ইতি। তারিখ ৩০ পৌষ, সন ১১৫০ (?) সাল॥"

সাঙ্কেতিক চিহ্নাদি

উ	...	শ্রীউজ্জ্বলনীলমণি
গো লী	...	শ্রীগোবিন্দলীলামৃত
ভ, ভ র সি	...	শ্রীভক্তিরসামৃতসিন্ধু
ভা, ভাগ	...	শ্রীমদ্‌ভাগবত
রা কৃ গ	...	শ্রীরাধাকৃষ্ণগণোদ্দেশ
রা কৃ গ প	...	শ্রীরাধাকৃষ্ণগণোদ্দেশ-পরিশিষ্ট

শ্রীশ্রীপ্রেয়োভক্তিরসার্ণব

শ্রীশ্রীরামকৃষ্ণাভ্যাং নমঃ

প্রথম পরিচ্ছেদ

প্রণম্য পরমানন্দং রামেণ বনমালিনম্।
প্রতন্যতে ময়া যত্নাৎ প্রেয়োভক্তিরসার্ণবঃ॥
প্রতপ্ত-কাঞ্চনাভং তং কম্বুগ্রীবং শচীসুতম্।
ন্যগ্রোধমণ্ডলাকারং সাবধূতং নমাম্যহম্॥
বন্দে শ্রীসুন্দরানন্দং সাভিরামং কৃপাস্পদম্।
তথা শ্রীপর্ণিগোপালং সগণং সুন্দর-প্রিয়ম্॥

জয় জয় রামকৃষ্ণ ব্রজেন্দ্রনন্দন। ভব-বিধি-সুর-নর-বন্দিত-চরণ॥
জয় জয় সেই প্রভু নিতাই চৈতন্য। কলিযুগে অবতরি সংসার কৈল ধন্য॥
শ্রীদাম সুদাম জয় জয় গোপগণ। কৃষ্ণপ্রিয়-প্রিয়া জয় গিরি গোবর্দ্ধন॥
জয় জয় ব্রজবাসী যমুনার তীর। দ্বাদশ কানন জয় ধীরসমীর॥
জয় শ্রীঅদ্বৈতচান্দ গৌর-প্রেমানন্দ। গদাধর অভিরাম শ্রীসুন্দরানন্দ॥
সুন্দরের প্রিয় অতি পানুড়া গোপাল। কুল-নাথ বন্দ সেই ঠাকুর দয়াল॥
ভজ মন রামকৃষ্ণ, চিন্ত বৃন্দাবন। স্মর কৃষ্ণলীলাগুণ ব্রজ-বিলসন॥

ক—শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সাহিত্যরত্ন-কর্ত্তৃক প্রদত্ত পুঁথি।

খ—কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথি সংখ্যা ৩৩২৫ (খণ্ডিত)। অত্রত্য ষষ্ঠ প্রকরণই খণ্ডিত পুঁথিতে চতুর্থ প্রকরণ বলিয়া উল্লিখিত হইয়াছে।

ভক্ত হরি, ভক্তি করি' বিষয় ছাড়িঞা। প্রেমানন্দে মহাসুখে সাধুসঙ্গ লঞা॥
যতি ধর্মী কর্মী জ্ঞানী সিদ্ধ আদি যত। যোগ-যাগ জ্ঞানমার্গ ছাড়ি অবিরত॥
কাম ক্রোধ লোভ মোহ আদি করি ত্যাগ। চতুর্বর্গ স্বর্গপদে ছাড়ি অনুরাগ॥
পাপপুণ্য ধর্মাধর্ম কাম্য-বাসনা। সকল ছাড়িঞা কর' গোবিন্দ-অর্চনা॥
যোগ-যাগ-কর্ম-জ্ঞান-তপস্যাদি করি। দান-ধর্মে বিধিমতে যেবা ভজে হরি॥
তাহে অতিতুষ্ট নন ভক্তিভাব বিনে। উদ্ধবে ত ভগবান্ কহিলা আপনে॥

ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জিতা॥
[ভাঃ ১১।১৪।২০]

সাংখ্য যোগ জ্ঞান কর্ম ধর্মনিষ্ঠমতি। কেহো নহে সম কৃষ্ণভক্তিভাব প্রতি॥
ভক্তি ছাড়ি' মুক্তি লাগি জ্ঞান উপাসনা। কৃপা নহে, তার মাত্র ক্লেশাদি যন্ত্রণা॥

শ্রেয়ঃসৃতিং ভক্তিমিত্যাদি……[ভাঃ ১০।১৪।৪] ‡

সেই কৃষ্ণভক্তি যজে দুইবিধ জন। কেহো সকাম, নিষ্কাম কেহো হন॥
স্বর্গ মোক্ষ আদি করি' যে জনা বাঞ্ছয়। কামী ভক্ত গতায়াত জন্মমৃত্যু হয়॥
নিষ্কাম ভক্তগণ সদা কৃষ্ণাশ্রয়।……………………………………॥
অতএব নিষ্কামা ভক্তি করি কর সেবা। কৃষ্ণভক্তি সম কেহো নহে দেবীদেবা॥
কারে ভক্তি বলি, শুন মুনির বচন। কৃষ্ণ-সেবা পরিচর্য্যা ভক্তির লক্ষণ॥
কৃষ্ণোদ্দেশে যেই কর্ম সাধারণ ক্রিয়া। শ্রবণ কীর্ত্তন আদি সশ্রদ্ধিত হইয়া॥

পঞ্চরাত্রে—সুরর্ষে! বিহিতা শাস্ত্রে হরিমুদ্দিশ্য যা ক্রিয়া।
সৈব ভক্তিরিতি প্রোক্তা তয়া ভক্তিঃ পরা ভবেৎ॥

শ্রীমদ্ভাগবতে কন ভক্তির লক্ষণ। বাসুদেবে স্বাভাবিকী যে কৃতি সাধন॥
শ্রবণ কীর্ত্তনাদিরূপে কৃষ্ণে নিষ্ঠাবৃত্তি। হেতুশূন্যা অনিমিত্তা ভাগবতী ভক্তি॥

‡ ইতঃপর শ্রীমদ্ভাগবতাদির শ্লোকগুলির প্রতীকসহ সংখ্যাই নির্দ্দিষ্ট হইবে।

দেবানাং গুণলিঙ্গানাম্……[ভাঃ ৩।২৫।৩২]

পরম ভক্তির সূত্র সংক্ষেপে কহিয়ে। সর্বেন্দ্রিয়ে যার সেবা সতত দেখিয়ে॥
ভুক্তি-মুক্তি-বাসনা-রহিত নিজ কর্ম। আনুকূল্যে কৃষ্ণসেবা সদা যার ধর্ম॥
কৃষ্ণে নির্মল মতি তদনুশীলন। উত্তম ভক্তের ভক্তি কহিল লক্ষণ॥

অন্যাভিলাষিতাশূন্যং……[ভ র সি ১।১।১১]

সেই কৃষ্ণভক্তি পুন ত্রিবিধ বর্ণন। সাধনভক্তি, ভাবভক্তি, প্রেমভক্তি কন॥

সা ভক্তিঃ সাধনং……[ভ র সি ১।২।১]

তত্র সাধনভক্তিঃ—

দেহেন্দ্রিয়ে সাধি যেবা পরিচর্য্যা আদি। গৃহমার্জন পুষ্পাহরণাদি প্রসিদ্ধি॥
তারে কৃতিসাধ্যা **সাধনভক্তি** নাম। তাহাতে সন্দেহ-ভঙ্গ কর অবধান॥

সাধনভক্তি হৈলে হয়ে ভাবভক্তি জানি।
প্রেমের প্রথমাবস্থা **ভাবভক্তি** মানি॥

ইন্দ্রিয় সাধন হৈলে অনিত্যতা হয়। 'নিত্যসিদ্ধস্য ভাবস্য'—ভাঙ্গিলা সংশয়॥
ভাব নিত্যসিদ্ধ হন, সাধ্য কভু নহে। হৃদয়ে প্রকট হৈলে 'সাধন' নাম কহে॥

কৃতিসাধ্যা ভবেৎ……[ভ র সি ১।২।২]

সেই ত সাধন ভক্তি দ্বিবিধ বর্ণন। বৈধীভক্তি এক, আর রাগানুগা সাধন॥

তত্র বৈধী—

রাগে অনবাপ্ত হঞা শাস্ত্র-অনুসারে। পরমাত্মা-জ্ঞানে ভজে সেইত ঈশ্বরে॥
কৃষ্ণ না ভজিলে হয় নরকে গমন। পাপপুণ্য ভয়ে ভজে বৈধীর লক্ষণ॥

যত্র রাগানবাপ্তত্বাৎ……[ভ র সি ১।২।৬]

তত্র অধিকারী ত্রিবিধ—উত্তম, মধ্যম ও কনিষ্ঠ :—

সর্বভূতে সম দয়া, লাভালাভে সম। শাস্ত্রযুক্তি-নিপুণ যে সেই সে **উত্তম**॥
কৃষ্ণ পূজে, ভক্তি করি বৈষ্ণবে সম্মান। অনুগতে অনুগত, সমত্বে সমান॥
দ্বেষির করয়ে দ্বেষ শাস্ত্রে শ্রদ্ধা সম। তাহাকে কহিএ মাত্র ভক্ত **মধ্যম**॥

শাস্ত্র যুক্তি নাহি জানে, কোমল শ্রদ্ধা যার। কৃষ্ণ পূজে, নাহি পূজে ভক্ত আর॥
তদীয় না সেবে, মাত্র সেবে ভগবান্। কেবল কনিষ্ঠকল্প ভক্ত তার নাম॥
পুরাণান্তরে কহে ভক্তের লক্ষণা। অক্রোধ বৈরাগ্য আদি দশধা বর্ণনা॥

'অক্রোধ-বৈরাগ্য-জিতেন্দ্রিয়ত্বং, ক্ষমা দয়া সর্বজন-প্রিয়ত্বম্।
নির্লোভদানং ভয়শোকহীনং, ভক্তস্য চিহ্নং দশলক্ষণঞ্চ॥' ইতি

ব্রাহ্মণ অবধি নীচ চণ্ডাল পর্য্যন্ত। সেই হয় অধিকারী যে ভজে একান্ত॥
আর্ত্ত হৈঞা কেহো সেবে কেহো বা জিজ্ঞাসু।
অর্থার্থী জ্ঞানী ভজিলে পায়ে আশু॥
গজেন্দ্র, শৌনক, ধ্রুব, সনকাদিগণ। আর্ত্ত আদি চতুর্বিধ এইত লক্ষণ॥
সাধন ভক্তির অঙ্গ আছে বহুমত। শ্রীগুরুপাদাশ্রয় আদি চতুঃষষ্টি জ্ঞাত॥

গুরুপাদাশ্রয়স্তস্মাৎ·······শ্রীমন্মথুরামণ্ডলে স্থিতিঃ॥

[ভ র সি ।২।৭৪—৯২]

(১) আদৌ শ্রীগুরুচরণাশ্রয়, (২) কৃষ্ণদীক্ষাদিশিক্ষণ, (৩) বিশ্বাস-সহকারে শ্রীগুরুসেবা। (৪) সাধুবর্ত্মানুবর্ত্তন, (৫) সদ্ধর্ম-জিজ্ঞাসা, (৬) কৃষ্ণার্থে ভোগত্যাগ। (৭) দ্বারকা-গঙ্গাতীরে বাস। (৮) যাবদর্থানুবর্ত্তিতা, (৯) শ্রীহরিবাসর-সম্মান, একাদশী-ব্রতকরণ, (১০) অশ্বত্থ ধাত্রী আদির গৌরব। (১১) অভক্ত-সঙ্গত্যাগ, (১২) শিষ্যাদ্যননুবন্ধিত্ব—বহু শিষ্যকরণ-ত্যাগ, (১৩) এককালে বহু কর্মত্যাগ, (১৪) অভক্তি গ্রন্থপাঠ-ত্যাগ, (১৫) ব্যবহারে কার্পণ্যত্যাগ, (১৬) শোকরোষাদির ত্যাগ, (১৭) দেবতা নিন্দা ত্যাগ, (১৮) সর্বভূতে উদ্বেগ ত্যাগ, (১৯) সেবাপরাধ-নামাপরাধ ত্যাগ, (২০) কৃষ্ণকৃষ্ণভক্ত-নিন্দাশ্রবণ-ত্যাগ, (২১) বৈষ্ণবচিহ্ন শঙ্খচক্র-তিলকাদি-ধারণ, (২২) নামাক্ষর-ধারণ, (২৩) নির্মালা-ধারণ, (২৪) অগ্রে তাণ্ডব, (২৫) দণ্ডবৎ প্রণাম, (২৬) দর্শনে অভ্যুত্থান, (২৭) পশ্চাদ্-গমন, (২৮) স্থানে গতি, (২৯) স্থান-পরিক্রমা, (৩০) অর্চন, (৩১)

পরিচর্যা, (৩২) গীত, (৩৩) সঙ্কীর্ত্তন, (৩৪) জপ, (৩৫) বিজ্ঞাপন, (৩৬) স্তবপাঠ, (৩৭) নৈবেদ্য-প্রসাদগ্রহণ, (৩৮) চরণোদক-পান, (৩৯) ধূপমাল্যাদি-সৌরভগ্রহণ, (৪০) শ্রীমূর্ত্তি-স্পর্শন, (৪১) তদ্দর্শন, (৪২) আরাত্রিক-দর্শন, মহোৎসব-দর্শন, (৪৩) নামাদি-শ্রবণ, (৪৪) কৃপা-পেক্ষণ, (৪৫) স্মৃতি, (৪৬) ধ্যান, (৪৭) দাস্য, (৪৮) সখ্য, (৪৯) আত্ম-নিবেদন, (৫০) নিজপ্রিয়-(বস্তু)-উপহরণ (৫১) কৃষ্ণার্থে অখিল চেষ্টা, (৫২) কৃষ্ণে সদা শরণাপত্তি, (৫৩) তদীয়-সেবন, (৫৪—৫৬) তুলসী, শ্রীভাগবতাদি শাস্ত্র, মথুরা, বৈষ্ণবাদির সেবা, (৫৭) সামর্থ্য থাকিলে বৈষ্ণবগণ সহ মহোৎসব, (৫৮) কার্ত্তিক ব্রত, (৫৯) জন্মযাত্রাদি (৬০) শ্রীমূর্ত্তি-সেবা, (৬১) ভক্ত সহ শ্রীমদ্ভাগবতার্থাস্বাদন, (৬২) সজাতীয়াশয়ভক্ত-সঙ্গ, (৬৩) নাম-সংকীর্ত্তন, (৬৪) শ্রীমথুরা বাস :—

ভক্তি-অঙ্গ চতুঃষষ্টি সাধনভক্তি ক্রমে। নবাঙ্গ ভক্তির সূত্র প্রহ্লাদ-বচনে॥
শ্রবণ, কীর্ত্তন, কৃষ্ণের স্মরণাদি করি। পাদসেবন অর্চন, বন্দন মুরারি॥
দাস্য, সখ্য, কৃষ্ণে আত্মনিবেদন। এক অঙ্গ সাধে, কেহো বহু অঙ্গ-লক্ষণ॥
সাধন-ভক্তির অঙ্গ সংক্ষেপে কহিল। সেই ত সাধন-ভক্তি দ্বিবিধ বর্ণিল॥
বৈধী ভক্তি সংক্ষেপে কহিলাম আগে। এবে কহি রাগভক্তির বিভাগে॥
বিধি মার্গে ভজে কেহো সর্বেশ্বর-জ্ঞানে। অন্তে বিষ্ণুগতি হয় সাধনানুক্রমে॥
মাধুর্য্য-আস্বাদ তার না হয় কখন। তাহে নন্দসুত ব্রজে দুরারাধ্য হন॥
প্রেমের অধীন ব্রজে শ্রীনন্দনন্দন। রাগানুগ-গণের কভু দুরারাধ্য নন॥
ব্রজেন্দ্রনন্দন পদে যবে অভিলাষ। তবে রাগানুগা-মার্গে করহ প্রয়াস॥
রাগানুগা-অনুসারে যে ভজে মুরারি। তাহারা বিহরে সঙ্গে হঞা সহচরী॥

রাগবন্ধেন কেনাপি·······[ভ র সি ১।২।২৮১]

রাগানুগা কহিতে কহি আগে রাগাত্মিকা। রাগাত্মিকা নিষ্ঠা ব্রজে গোপগোপিকা॥
রাগাত্মিকা কহিলেন গোপগোপীগণ। সেইভাবে অনুগত রাগানুগা জন॥

বিরাজন্তীমভিব্যক্তং·······[ভ র সি ১।২।২৭০]

স্বাভাবিকী কৃষ্ণে প্রেমতৃষ্ণা সদা যার। পরমাবিষ্টতা রূপ, রাগ নাম তার ॥

সে রাগ বৎসলাদিরূপে সদা থাকে যাথে।

রাগাত্মিকা নিষ্ঠা বলিয়া কহি তাথে ॥

তন্ময়ী যে নিষ্ঠা ভক্তি রাগাত্মিকা সেই। ইষ্টে স্বারসিকী রাগ—কহিলেন এই ॥

ইষ্টে স্বারসিকী রাগঃ·······[ভ র সি ১।২।২৭২]

রাগাত্মিকা পুন হয় দ্বিবিধ বিচার। কামাত্মিকা, সম্বন্ধাত্মিকা বলিয়া আর ॥

পুন কামরূপা ইথি দেখি দুই মত। কেহো কৃষ্ণসুখে সুখী, কেহো নিজে রত ॥

কৃষ্ণসুখে সদা সুখী শ্রীমত্যাদিগণ। তাঁহা সভার কামশব্দে প্রেমরূপ কন ॥

যথা তন্ত্রে—প্রেমৈব গোপরামাণাং·······[ভ র সি ১।২।২৮৫]

সম্ভোগেচ্ছা কামরূপা কুব্জা আদি করি। কামরূপে বিলসন মথুরাদি পুরী ॥

যথা—কামপ্রায়া রতিঃ·······[ভ র সি ১।২।২৮৭]

সম্বন্ধরূপা গোবিন্দের পিতামাতাগণ। বৃষ্ণিবংশ যদুকুল সম্বন্ধে গণন।

নন্দগোপ সখাগণে সম্বন্ধ উপশ্লেষ। প্রেমমাত্র নিরূপণ কহিলা বিশেষ।

যথা—কাম-সম্বন্ধরূপে তে·······[ভ র সি .।২।২৮৯]

রাগাত্মিকা নিষ্ঠা ব্রজে গোপগোপীগণ। সেইসব ভাবে লুব্ধ হয়ে যার মন ॥

সেই হয় রাগানুগ, আনুগত্য লৈঞা। শ্রীকৃষ্ণের ব্রজলীলা-মাধুরী শুনিয়া ॥

শাস্ত্র যুক্তির অপেক্ষা না করে বিচার। কৃষ্ণলীলা আস্বাদনে চিত্তে লোভ যার ॥

সেই হয়ে অধিকারী তাহার সাধনে। বিধি অবিধি বলি কিছু নাহি জানে।

যথা—রাগাত্মিকৈকনিষ্ঠাঃ·······[ভ র সি ১।২।২৯১]

কৃষ্ণলীলা মাধুরী-শ্রবণে হয়ে লোভ। সেই লীলা আস্বাদনে যার বাড়ে ক্ষোভ।

সেই হয়ে অধিকারী তাহার সাধনে। শাস্ত্রযুক্তি অনুকূল কিছু নাহি মানে ॥

বৈধীভক্তি-অধিকারী রহে তদবধি। ভাবোদ্গম নাহি হয় দেহে যদবধি ॥

তদবধি তর্কাপেক্ষা বৈধী-আচরণ। ভাবভক্তি দেহে হৈলে ঘুচয়ে তখন ॥

বৈধভক্ত্যধিকারী তু·······[ভ র সি ১।২।২৯৩]

সাধন ভক্তির কৈল দুই বিবরণ। বৈধী আর রাগভক্তি হৈল স্থচন ॥

অথ ভাবভক্তিঃ—

শুদ্ধ-সত্ত্ব স্বরূপাত্মা যার বিশেষণ। শুদ্ধ সত্ত্ব ভগবানের হ্লাদিনী শক্তি হন ॥

শুদ্ধসত্ত্বস্বরূপভাব প্রেমের প্রথম। রুচিক্রমে চিত্তদ্রব যাহাতে সে হন ॥

প্রেম বিনে চিত্তদ্রব আনে নাহি হয়। অতএব প্রেমের প্রথম ভাব কয় ॥

প্রেমের প্রথম চিহ্ন ভাব সে বলিল। প্রেমস্থ্র্যাংশুসাম্যভাক্ গ্রন্থেতে বর্ণিল ॥

শুদ্ধসত্ত্ববিশেষাত্মা·······[ভ র সি ১ ৩।১]

সেই ত ভাবের চিহ্ন কর অবধান। ভাবাঙ্কুর-চিহ্ন কহি শাস্ত্রের প্রমাণ ॥

যথা— ক্ষান্তিরব্যর্থকালত্বং বিরক্তির্মানশূন্যতা।

আশাবন্ধঃ সমুৎকণ্ঠা নামগানে সদারুচিঃ ॥

আসক্তিস্তদ্গুণাখ্যানে প্রীতিস্তদ্বসতিস্থলে।

ইত্যাদয়োঽনুভাবাঃ স্যুর্জাতভাবাঙ্কুরে জনে ॥

[ভ র সি ১।৩।২৫-২৬]

ভাবাঙ্কুর-চিহ্ন এই যার দেহে হয়। তার কাছে ব্রহ্মসুখ তুচ্ছ অতিশয় ॥

প্রেমের প্রথমাবস্থা ভাবরূপ হন। কৃষ্ণে গাঢ় ভাব হৈলে উপজে প্রেমধন ॥

হ্লাদিনী স্বরূপশক্তি শুদ্ধসত্ত্ব নাম। শুদ্ধসত্ত্ববিশেষাত্মা ভাবভক্ত্যাখ্যান ॥

সেই ভাব কৃষ্ণে যবে অনন্য মমতা। স্বরূপ লক্ষণ প্রেম পুরুষার্থদাতা ॥

সান্দ্রাত্মা—নিবিড়াত্মা এই স্বরূপ লক্ষণ। ভীষ্ম উদ্ধবাদি কহে প্রেমনিরূপণ ॥

সম্যঙ্মসৃণিতস্বান্তং·············[ভ র সি ১।৪।১]

সেই প্রেম সাধনক্রম আছে বহুমত। তাহা কহি পরিপাটী শাস্ত্র-অভিমত ॥

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া।

ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা রুচিস্ততঃ ॥

অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।

[illegible] অলৌকিক ক্রিয়া তার বিজ্ঞে না বুঝয়ে ॥

সেই প্রেম ক্রমে ক্রমে বাড়ে আস্বাদনে।
স্নেহ, মান, প্রণয়, রাগ হয় বাড়ি প্রেমে ॥

তারপর ভাব, মহাভাব এই পর্যান্ত। বিষয়-আস্বাদনে বাড়ে কহিল নিতান্ত ॥
[illegible] কহিল ভাব-প্রেমের লক্ষণা। সংক্ষেপ করিয়া ইথি করিল ঘোষণা ॥
[illegible] নিজাভীষ্ট রাগাত্মিকার অনুগতি [illegible] ॥
[illegible] ছাড়ি নন্দসুতে ভজ ব্রজে জন্মাবধি ॥
ব্রজপুরে করি বাস ব্রজেন্দ্রনন্দন। রাগাত্মিকার আনুগত্যে করহ সেবন ॥
যথা তথা করি বাস জানিহ আপনে। শ্রীকৃষ্ণ স্মরণ করি থাকি বৃন্দাবনে ॥
নিজাভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ-অনুগত হৈঞা। কৃষ্ণ কথায় রত হইব ব্রজেতে বসিয়া ॥

কৃষ্ণং স্মরন্ জনঞ্চাস্য········[ভ র সি ১।২।২৯৪]

দুই দেহে সেব কৃষ্ণ ব্রজ অনুসারে। দুই দেহ কারে কহি, শুনহ বিচারে ॥
এক সিদ্ধ দেহ আর সাধক যে দেহ। দুই দেহে ব্রজবাসির অনুগত লেহ ॥
সাধারণ দেহ যে পিতা মাতাতে উৎপন্ন। সিদ্ধদেহ হয় জানি তাহা হৈতে ভিন্ন ॥
অন্তশ্চিন্তনীয়াভীষ্ট-প্রাপ্তি দেহ যেই। ব্রজে বাস গোপ-বেশ সিদ্ধ জানি সেই ॥
এইরূপ দুই দেহে ভজ নন্দসুত। ব্রজবাসি-নিত্যসিদ্ধের হৈঞা অনুগত ॥
সাধক দেহেতে সেবা শ্রবণ কীর্ত্তন। স্মরণ, অর্চন আদি এই বিবরণ ॥
সিদ্ধ দেহে মানসিক গোপ-দেহ পাঞা। ব্রজলোকের অনুসারে ব্রজেতে বসিয়া ॥

যথা—সেবা সাধকরূপেণ········[ভ র সি ১।২।২৯৫]

এই শ্লোক বুঝিতে নারি, সন্দেহ জন্মিল। টিপ্পনীকারের অর্থে সন্দেহ খণ্ডিল ॥
[illegible] এক ব্রজস্থগণ, মহান্তগণ আর ॥
সিদ্ধ মহান্তগণ ব্রজলোকে হন। সাধক দেহেতে তৈছে করিবে সেবন ॥

[illegible]
ব্রজ-শব্দে ব্রজবাসী গোপ গোপী যত। বুঝি দেখ অনুভব শাস্ত্র অভিমত ॥
[illegible]

না বুঝিঞা সেবাধর্মে করে অত্যাপাত।
আপনি আপন আপন মুণ্ডে করে বজ্রাঘাত ॥

যথা টিপ্পনীকারঃ "[illegible] তয়োরনুসারতঃ সেবা [illegible] সাধকদেহেন মহান্তানামনুসারতঃ। এবমজ্ঞাত্বা কেচিৎ স্বশিরসি মহাবজ্রনিপাতং মন্যন্তে ইতি।'

[illegible]
গুরুজাতীয় ভাবে নিষ্ঠা মতি করি। সখ্যভাবে সখাসঙ্গে ভজ ব্রজে হরি ॥
[illegible]

সখ্যরূপং সংবিধায় সখ্যভাবেন সর্বদা।
প্রধানানুগতো ভূত্বা সখ্যেনাপি চ মানসে ॥

[illegible]

দুষ্করত্বেন বিরলে········[ভ র সি ১।২।১৯৮]

[illegible]
বড় ছোট জ্ঞানে নহে এইত সাধন। ছোট বড় জ্ঞান হৈলে মৈত্রতা না রন্ ॥
অতএব তাহা কহে নারদী পুরাণে। [illegible]

[illegible]

সখ্যভাবঃ পরং ভাবো মম প্রীতিকরঃ সদা।

সখ্যাৎ পরতরং নান্যৎ তস্মাৎ সখ্যেন মাং যজ ॥ ইতি

অন্য রস হৈতে প্রিয় সখ্যরস জানি।

প্রিয় হৈতে প্রিয়রস প্রেয়ান্ তেঞি মানি ॥

প্রেয়ানেব ভবেৎ..... [ভ র সি ৩৩৷১৩৬]

শ্রীকৃষ্ণের অবতারে যেই সব লীলা। সকল অদ্ভুত কৃষ্ণের যাহা যে করিলা ॥
গোপাল সহিত তাহে যে লীলাকরণ। সর্বলীলা হৈতে সে মনোহর হন ॥
পাদ্মে—চরিতং কৃষ্ণদেবস্য সর্বমেবাদ্ভুতং ভবেৎ।

গোপাললীলা তত্রাপি সর্বতোঽতিমনোহরা ॥ ইতি

মনোহর কৃষ্ণ-লীলা গোপাল বিহার। গোপীগণ গায় গীতে লঞা অনুসার ॥
অতএব কৃষ্ণলীলা শ্রবণ-মঙ্গল। গোপীগণ গান করে বিহার সকল ॥

'ইতি বেণুরবং রাজন্' (ভা১৯৷২১৷৬) ইত্যাদি বচনে।
সখ্যরসে মগ্ন হৈয়া গায় কৃষ্ণগুণে ॥

[illegible] গোপীগণ নিজ নিজ সখী প্রতি। আপনাকে করে তারা শোচাজ্ঞান অতি ॥
[illegible] —চক্ষুষ্মান জনের [illegible] এই। রামকৃষ্ণ-লীলা দেখে সখা সঙ্গে [illegible] ॥
[illegible] সহিত কৃষ্ণ লঞা বৎস ধেনু। প্রবেশয়ে বৃন্দাবনে পূরি শিঙ্গা বেণু ॥
[illegible] রামকৃষ্ণ দুই ভাই। বেণুরঞ্জিত মুখ সদা দেখে যেই ॥
'[illegible] নীলপদ্মমুখ' ক সদা দেখে যারা। ভাগ্যবান্ সেইজন কহে গোপিকারা ॥

অক্ষণ্বতাং ফলমিদং......[ভা ১০৷২১৷৭]

কোন গোপী কহে—সখি! শুন মন দিয়া।
দেখে আঁমু রামকৃষ্ণ আজি বনে গিয়া ॥

[illegible] । [illegible] অনুপাম ॥

[illegible]

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
কুসুমাবলিতে সখার পুলকিত অঙ্গ। এইরূপ দেখি মেঘ বলরাম-সঙ্গ ॥
[illegible]
ঐছন বিহার কৃষ্ণের সখাগণ লঞা। প্রেমানন্দে মগ্ন সখা হরি সঙ্গ পাঞা।
সখার সৌভাগ্য গান করে গোপীগণ। গোপী-গীতা ভাগবতে দশমে বর্ণন ॥

চূতপ্রবালবরহস্তবকোৎপলাব্জ......[ভা ১০৷২১৷৮, ১৬] ইতি

ইত্যাদি বিবিধ লীলা গোকুল-বিহার। গোপীগণ করে গান দশমে প্রচার ॥

এবং ব্রজস্ত্রিয়ো রাজন্! .....[ভা ১০৷৩৫৷১৬]

সখ্যের বাসনা ব্রজে দেখি এসভার। কি পুরুষ, নারী কিবা ব্রজে জন্ম যার ॥
হেতুশূন্য সখ্য প্রেমে রহিত কামনা। ব্রজবাসী সভাকার সখ্যেত বাসনা ॥
অতএব ব্যাসদেব করিলা বর্ণন। ভাগ্যবান্ ব্রজবাসী এই—নিরূপণ ॥
কৃষ্ণমিত্র ব্রজবাসির কি কব মহিমা। অতএব ব্যাস কৈল যশের ঘোষণা ॥
'অহো ভাগ্য অহো ভাগ্য'বন্ত ব্রজবাসী। পূর্ণব্রহ্ম ভগবান্ যার প্রেমে বশী ॥

অহো ভাগ্যং..... [ভা ১০৷১৪৷৩২]

[illegible]

বিখনসার্থিতো বিশ্বগুপ্তয়ে সখ ...[ভা ১০৷৩১৷৪]

[illegible]

[illegible]

[illegible]

[illegible] [ভা ১০৷[illegible]]

[illegible]

[illegible]
[illegible]
অতএব কেবলা রতি সদা বৃন্দাবনে। পুরবাসী জনে হয় 'সঙ্কুলা'-দর্শনে ॥

সঙ্কুলা যথা—

অন্য রতি দুই তিন হয়েত মিলন। **সঙ্কুলা** বলিয়া রতি তাহারে কহেন ॥
কৃষ্ণে উদ্ধব কভু প্রভুগণে মানে। কভু সখা হই বলি কৃষ্ণচন্দ্রে জানে ॥
ভীম প্রভৃতি বলে কৃষ্ণে সখা ভাই। ঈশ্বর-জ্ঞানে কভু সঙ্কোচিত পাই ॥
মুখরাতে বাৎসল্য মিছিল হইতে। সঙ্কুলা বলিয়া রতি বলিলাম তাথে ॥

এষাং দ্বয়োস্ত্রয়াণাম্বা……[ভ র সি ২।৫ ২৬]

অথ প্রিয়তা রতি :—

পরস্পর অঙ্গ আদি-সম্ভোগ কারণ। কৃষ্ণ আর শ্রীমতীর যেবা প্রেম হন ॥
তারে কহি প্রিয়তা রতি অভিধান। মধুর উজ্জ্বল বলি হয়ে যার নাম ॥
মুখ্য পঞ্চস্থায়ী রতি-বর্ণন সংক্ষেপে। **সপ্ত গৌণরতি** কহি শুনহ তোমাকে ॥

হাসরতি, বিস্ময়রতি, উৎসাহরতি আর।
শোকরতি, ক্রোধ, ভয়, রতি, জুগুপ্সা প্রচার ॥

এই সাত ভক্তদেহে নিত্য স্থায়ী নয়। এই হেতু হাসাদিক রতি গৌণ হয় ॥
পঞ্চরতি স্থায়ী নিত্য ভক্তগণে দেখি। সপ্তের আধার পঞ্চ মুখ্যরতি লেখি ॥

তস্মাদানিয়তাধারাঃ……[ভ র সি ২।৫।৪৫]

এই পঞ্চ স্থায়ী রতি বিভাবাদি-সনে। রসরূপ হয় জানি স্বাদু বাঢ়ে ক্রমে ॥

তত্র বিভাব :—

বিভাব তাহাতে হয় রতি-আস্বাদনে। আলম্বন, উদ্দীপন দুই অভিধানে ॥
যে কারণে যদধিকরণে জাত হয় রতি। আলম্বন উদ্দীপন দ্বিবিধ খেয়াতি ॥

যথাগ্নিপুরাণে—বিভাব্যতে হি রত্যাদিঃ [ভ র সি ২।১।১৫]

আলম্বন উদ্দীপন বিভাবে কহিল। সেই আলম্বন পুন দ্বিবিধ বলিল ॥

[illegible]
[illegible] ……[ভ র সি [illegible]]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

অথ সখ্যরতি :—

সমভাবে যে দোঁহার দেখিয়ে পিরীতি। সখ্যরতি বলি হয় তাহার খেয়াতি।
কৃষ্ণসম অভিমান সম আচরণ। দুঁহুতে বিশ্রম্ভ অতি, নাহিক সম্রম ॥
[illegible]

যে শ্যুস্তুল্যা মুকুন্দস্য …[ভ র সি ২।৫।৩০]

সখ্যরতি বিভাবাদি-সামগ্রী মিলনে। প্রেয়োভক্তিরস নাম হয় তার ক্রমে ॥

স্থায়ী ভাবো বিভাবাদ্যৈঃ……[ভ র সি ৩।৩।১]

বিষয়ালম্বন কৃষ্ণ সখ্যরসে হন। আশ্রয়ালম্বন সখা বয়স্যের গণ ॥

হরিশ্চ তদ্বয়স্যাশ্চ… .[ভ র সি ৩।৩।২]

তাহে হরি আলম্বন সর্বগুণযুত। ব্রজপুরে ভগবান্ দ্বিভুজ খেয়াত ॥
যেন নবঘনশ্যাম ইন্দ্রনীলমণি। বরণ রমণ অতি সুমোহন জানি ॥
মুখে মৃদু হাস অতি কুন্দধবল। নয়নকটাক্ষযুক্ত শোভিত কজ্জল ॥
স্বর্ণকেতকী জিত বসন অতিশোভা। বনমালা বনধাতু মুনিমনোলোভা ॥
বেণু-রঞ্জিত মুখ, করে গোঠ-পয়ান। হরয়ে সখার মন দিয়া বেণু-গান ॥

মহেন্দ্রমণিমঞ্জুল ….. [ভ র সি ৩।৩।৫]

[illegible]
[illegible]
[illegible]

কক্ষবাদ্য করতালি 'আবা আবা' দিয়া। অঘতুণ্ডে প্রবেশিলা জয় জয় দিয়া ॥
তাহা দেখি অঘাসুর মনেতে বিচারে। মোর ভ্রাতৃবৈরি সে রহিল অতিদূরে ॥
কৃষ্ণের অপেক্ষা করি রহে দুরাচার। সখা না দেখিয়া কৃষ্ণ হৈল চমৎকার ॥
চঞ্চল নয়নে হরি করে নিরীক্ষণ। অঘতুণ্ডে প্রবেশিল সহচরগণ ॥
অন্তরে চিন্তিত হইলা নন্দের নন্দন। অঘাসুরে গ্রাস কৈল মোর সখাগণ ॥
আকুল হইলা কৃষ্ণ সখা নাহি দেখি। অশ্রুজলে পরিপূর্ণ হৈল দুই আঁখি ॥
কাঁদিয়া আকুল কৃষ্ণ সখা না দেখিঞা। শ্রীদাম সুদাম দাম ভাই ভাই বলিয়া ॥
সুবল অর্জ্জুন মোর প্রিয় বসুদাম। লবঙ্গ উজ্জ্বল কোথা শ্রীকিঙ্কিণী নাম ॥
কি লাগি আইল আজ কানন-ভিতরে। বলরাম নাহি সঙ্গে, তিহোঁ রৈলা ঘরে ॥
ক্ষণেক বিলাপ করি মনে বিচারিলা। সেহ পুন অঘতুণ্ডে হরি প্রবেশিলা ॥
বাড়িতে লাগিলা অঘতুণ্ডে প্রবেশিঞা। নির্গত হইলা তার মস্তক ভেদিঞা ॥
সেই পথে সব সখা বাহির হইল। পরানন্দে কৃষ্ণসঙ্গে আলিঙ্গন কৈল ॥
অঘ-বিমোচন কৃষ্ণ করিলেন যদি। তথাপি না হৈল সখার ঈশ্বরত্ববুদ্ধি ॥

সহচর-নিকুরম্বং……[ভ র সি ৩।৩।২০]

কৃষ্ণের বয়স্য ব্রজে অসংখ্য গণন। তাহে মুখ্য চতুর্ব্বিধ, গৌণ দুই হন ॥
'সুহৃৎ সখা আর সখারূপ জানি। প্রিয়সখা, প্রিয়নর্ম্ম —চারি এই গণি ॥

সুহৃদশ্চ সখায়শ্চ……[ভ র সি ৩।৩।২১]

অথ **সুহৃৎসখা** :—

বাৎসল্য-মিশ্রিত সখ্য যাহা সভাকার। কৃষ্ণের বয়স্য সুহৃৎ বলিঞা প্রচার ॥
কৃষ্ণ হৈতে বয়োধিক বাৎসল্য-মিশ্রিত। দুষ্টভয় হৈতে রক্ষাকারী অবিরত ॥

বাৎসল্যগন্ধি-সখ্যাস্তু……কার্ত্তিতাঃ [ভ র সি ৩।৩।২২-২৩]

[illegible]
[illegible]
বলভদ্র [illegible]
[illegible]

[illegible]

কহিয়ে লক্ষণ এবে কেবল সখার। বয়সে শ্রীকৃষ্ণ হৈতে ন্যূন দেখি যার ॥
কনিষ্ঠকল্প সখাগণ প্রীতিগন্ধযুত। সেবানিষ্ঠ সেই সখা—কহিল বিদিত ॥
[illegible]
ইহামধ্যে দেবপ্রস্থ শ্রেষ্ঠ অতিশয়। তারপর শুন প্রিয়সখার নির্ণয় ॥

অথ **প্রিয়সখা** :—

[illegible]

এষাং সখ্যম্—

[illegible]

করিল বর্নন ॥

সগদ্গদপদৈঃ… …[ভ র সি ৩।৩।৩৯]

কৃষ্ণ পরাণ হয়ে সখার নিশ্চয়। কৃষ্ণ বিনু প্রিয়জন জীবন সংশয়॥
যমুনার উপবনে প্রিয়সখা লঞা। গোচারণ-ক্রীড়া করে আনন্দিত হৈঞা॥
হেনকালে অকস্মাৎ ব্রজেন্দ্রনন্দন। ধেনু-অদর্শন ছলে হৈলা অদর্শন॥
কৃষ্ণ না দেখিঞা শ্রীদাম মনে চমকিত। কোথা গেলা ভাই ওরে কহনা বিহিত॥
ভূমিতে পড়িলা শ্রীদাম কৃষ্ণ না দেখিঞা। ধূলায় ধূসর অঙ্গ-সঙ্গ না পাইঞা॥
যমুনার উপবন-কানন-কুটিরে। হা কৃষ্ণ হা প্রিয় বলি বুলে তীরে তীরে॥
তাহা দেখি ভগবান্ ত্বরিত করিঞা। সখার জীবন দিল মুরলী পূরিয়া॥
মুরলীর নাদ শুনি শ্রীদাম সুদাম। মৃতদেহে হয় যেন জীবের আধান॥
কাঁহা কৃষ্ণ বলি শ্রীদাম ঊর্দ্ধমুখে চায়। সম্মুখে মুরলীধরে দেখিবারে পায়॥

কৃষ্ণকে দেখিঞা শ্রীদাম গদ্গদ বোলে।

কৃষ্ণ সখা কৃষ্ণ বন্ধু কৃষ্ণ সে জীবন। কৃষ্ণবিনে সখাগণ জীবনে মরণ॥

সদা কৃষ্ণ-সনে সখার মাধুর্য্য-পিরীতি। ঐশ্বর্য্য দেখিলেহ নহে ঈশ্বর-প্রতীতি॥

ভাণ্ডীর-তলেতে কৃষ্ণ সখাগণ লঞা। বিবিধ বিহার করে ধেনু বাথানিঞা॥

সুভদ্র মণ্ডলীভদ্র আদি কথোগণ। শ্রীকৃষ্ণের অংশভাগে সেই দিন হন॥
দুই ভাই করিলা পণ হারিবেক যে। ভাণ্ডীর-পর্য্যন্ত স্কন্ধে বহি যাবে সে॥
সেইবার খেলাতে জিত হৈল রামগণ। যার যেবা সমখেলী তেঁহো তারে ব'ন॥

কৃষ্ণের চাপিল স্কন্ধে জিনিঞা শ্রীদাম। না দেখি এমত প্রেম কোথাহ নিষ্কাম॥
যার যেই সমবয়ী সে তারে বহিঞা। সঙ্কেত ভাণ্ডীরতল স্কন্ধে করি লঞা॥
সংসারে অজিত কৃষ্ণ, নাহি পরাজয়। প্রেমরসে বশ হঞা পরাভূত হয়॥
শুদ্ধ সখ্যরসে শ্রীদাম স্কন্ধেত চাপিল। এমত নিহেতু প্রীতি কাহু না দেখিল॥

রাম-সঙ্ঘটিনো যর্হি …পরাজিতঃ॥ [ভা ১০।১৮।২৩—২৪]

অকৈতব প্রেম কৃষ্ণে কি কব বর্ণন। সখার উচ্ছিষ্ট খায়, একত্র ভোজন॥
বিপিন-ভোজনে সখা নিজনিজ সুখে। খাইতে সুস্বাদু পাইলে দেয় কৃষ্ণমুখে॥

সর্বে মিথো দর্শয়ন্তঃ… [ভা ১০।১৩।১০]

ইত্যাদি বিহার করে সখাগণ লঞা। দিঙ্‌মাত্র লিখিলাম প্রসঙ্গ পাইয়া॥
প্রিয়সখাগণমধ্যে শ্রেষ্ঠ চারিজন। গৌতমীয় তন্ত্রে যার মহিমা কথন॥

কিন্তু দাম-সুদামাদ্যা হরেরতিপ্রিয়া মতাঃ।
গৌতমীয়াদিষু প্রোক্তং তন্মাহাত্ম্যমনুত্তমম্॥

তেজঃস্বরূপ কৃষ্ণের এই চারিজন। ক্রমদীপিকাদি গ্রন্থে বিশেষ বর্ণন॥
অন্তঃকরণ কৃষ্ণের আবরণ চারি। পূজা-প্রকরণে তন্ত্রে দেখহ বিচারি॥

যথা ক্রমদীপিকায়াম্ (৪।২৮)

দিক্ষ্বথ দামসুদামৌ বসুদামঃ কিঙ্কিণী চ সংপূজ্যাঃ।
তেজোরূপাস্তদ্‌বহিরঙ্গাণি চ কেশরেষু সমভিযজেৎ॥

শ্রীদাম সুদাম আর বসুদাম কিঙ্কিণি। সকল-রহস্যবেত্তা প্রিয়-অগ্রগণী॥

গোপ্যাগোপ্য কৃষ্ণলীলা নাহি অগোচর।
বাহ্যে ব্যক্ত কোন লীলা কেহো বা অন্তর॥

বস্ত্রহরণাদিরূপে ব্রজলীলা যত। এই চারি সখার হয় সকল বিদিত॥
একদিন গোপীগণ হঞা একমেলা। কাত্যায়নী পূজা হেতু যমুনায় গেলা॥
বস্ত্রত্যাগ করি তীরে নামিলেন জলে। জলক্রীড়া করে গোপী মহাকুতূহলে॥
যোগেশ্বর ভগবান্ জানিঞা অন্তরে। বয়স্যগণ সঙ্গে তাহা আইলা সত্বরে॥
গোপীগণের মনোবাঞ্ছা সিদ্ধির কারণ। অলক্ষিতে গোপিকার হরিলা বসন॥
বস্ত্র লঞা সখাসনে উঠিলা কদম্বে। শ্রীদামাদি সখাসনে পরিহাস রঙ্গে॥

ভগবাংস্তদভিপ্রেত্য… মুবাচ হ [ভা ১০।২২।৮।৯]

লঘুতোষণ্যাং ব্যাখ্যা যথা—'ভগবান্ তদভিপ্রেত্য' ইতি বয়স্যৈ-
[illegible]

[illegible]

বাল্য পৌগণ্ড কৈশোরাদি যেই সব লীলা।
সখাগণ ছাড়া ব্রজে কিছুই নহিলা॥

কৃষ্ণের অগোচর নাহি কিছুই সখার। বাৎসল্যাদিক্রমে যত পর্যান্ত শৃঙ্গার॥
কোন লীলায় কোন সখা কখন সে রহে। প্রিয়নর্মগণ গোপীলীলার সহায়ে॥
[illegible]
প্রিয়সখাগণ সভে জানয়ে অন্তরে। বাহ্যে না জানায় তারা রসাভাস-ডরে॥
প্রিয়সখাগণ-মধ্যে অন্তঃকরণ। কৃষ্ণানন্দ-পরিপূর্ণ এই চারিজন॥
[illegible]

এবং বারাহে—শ্রীদামা পশ্চিমদ্বারে সুদামা চোত্তরে তথা।' *

শ্রীদাম্নঃ সর্বত্রৈব প্রাধান্যং—'এবং প্রধানাপ্রধানয়োর্মধ্যে' ইত্যাদি ন্যায়াচ্চ ॥

অথ তত্র শ্রীদাম্নঃ রূপম্—বাসঃ পিঙ্গং......[ভ র সি ৩।৩।৪১]

অথ সুদাম্নঃ—[শ্রীগোবিন্দবৃন্দাবনে ১।১৫৮—৬০]

রসিকো নাগরো গৌরঃ শরদম্বুরুহেক্ষণঃ।
অগ্রন্থি-সরলঃ (সর্বতঃ) স্থূল উন্মাদ-নৃত্যসুন্দরঃ ॥
মহারস-রসাহ্লাদ পুলক-প্রেমবিহ্বলঃ।
নানারঙ্গ-রসোপেতঃ সুদামা স চ কীর্ত্তিতঃ ॥

অথ প্রিয়নর্ম-বয়স্যাঃ—

বয়সে তাহারা হয় ন্যূন কৃষ্ণ হৈতে। প্রিয়নর্ম বলি কহি সেই সখাযূথে ॥
কৃষ্ণের রহস্যবেত্তা প্রিয়নর্মগণ। সখীভাবে করে তারা কৃষ্ণের সেবন ॥
সুবল অর্জুন আর গন্ধর্ব বসন্ত। উজ্জ্বল কোকিল সখা সনন্দ বিদগ্ধ ॥

[illegible]।
সনন্দনবিদগ্ধাদ্যাঃ প্রিয়নর্ম সখা মতাঃ ॥
তত্রহস্যন্তু নাস্ত্যেব যদমীষাং ন গোচরম্।

তত্র সুবলস্য রূপং—[শ্রীগোবিন্দবৃন্দাবনে ১।১৫৩-৫৪]

গৌরাঙ্গো নাদগম্ভীরো মহাদন্ত-সমন্বিতঃ।
বিলাস-কৃতকামোদঃ[১] পরমানন্দ-কন্দরঃ ॥
কন্দর্প-কোটিসৌন্দর্য্যো নৃত্যলীলা-বিশারদঃ।
সদা রাসরসাহ্লাদঃ সুবলঃ সংপ্রকীর্ত্তিতঃ ॥

ভোজনাদি-কালে কৃষ্ণের সহিত নানাছলে। বিকৃত করিয়া অঙ্গ পরিহাস [illegible]

অথ বিটসখা ঃ

কামতন্ত্রকলাবেদী বিটমিত্যভিধীয়তে ॥

তিনবর্ষ পঞ্চমাস কৌমারে মধ্যম। সখাসঙ্গে পরিহাস নৃত্যাদি উত্তম ॥
পঞ্চবর্ষ পর্য্যন্ত কৌমার প্রচার। শিশুসঙ্গে বৎস লঞা গোষ্ঠেতে বিহার।

বিভ্রদ্‌বেণুং জঠরপটয়োঃ……[ভা ১০।১৩।১১]

তারপর হয় কৃষ্ণের পৌগণ্ড বয়স। সেইত পৌগণ্ড বয়ঃ আদি, মধ্য, শেষ ॥
ছয়বর্ষ অষ্টমাস পৌগণ্ড প্রথমে। শ্রীদামাদি লঞা ক্রীড়া বিবিধ বিধানে ॥
ওষ্ঠাধর করতলে হয় আরক্ততা। কম্বুগ্রীবা হয় ঈষৎ উদর-তনুতা ॥
সখাগণ বিমোহিত রূপ-সন্দর্শনে। পুষ্পমণ্ডন আদি বিহার বিপিনে ॥

বৃন্দাবনে সমন্তাৎ……[ভ র সি ৩।৩।৬৬]

অথ মধ্যম্—

চারিমাস অষ্টবর্ষ পৌগণ্ড মধ্যম। পূর্ব হৈতে অতিশয় অঙ্গ মনোরম ॥
সর্ব আভরণে পূর্ণ বেত্রাদি ধারণ। শিঙ্গা বেণু স্বর্ণবান্ধা লগুড় পাচন ॥
ভাণ্ডীরতলাতে ক্রীড়া সখাগণ লৈঞা। সখার করিছে তুষ্টি সময় পাইঞা ॥
গোবর্দ্ধনধারণাদি চেষ্টানুকরণ। মধ্য পৌগণ্ডে এই কহিল লক্ষণ ॥

উষ্ণীষং পট্টসূত্রোত্থ……[ভ র সি ৩।৩।৬৯]

অথ শেষম্—

[illegible] পর্যন্ত পৌগণ্ড বয়ঃ শেষ। অঙ্গভঙ্গি মনোহর কাহয়ে বিশেষ ॥
নিতম্ব-লম্বিত বেণী অলককুন্তল। তাহাতে শোভিত মুখ করে ঝলমল ॥
[illegible]গ্রীবা বক্র চূড়া কস্তূরী তিলক। অঙ্গভঙ্গি সখাসঙ্গে রঙ্গিয়া বালক ॥
পৌগণ্ড শেষে কৃষ্ণের কৈশোর-দর্শন। শ্রীশ্লাঘা আদি করি চেষ্টানুকরণ ॥
নর্ম সখাগণ লঞা কণাকণি কথা। পৌগণ্ড ত্রিবিধরূপ কহিলাম তথা ॥

অগ্রে লীলালক… [ভ র সি ৩।৩ ৭৩]

[illegible] [ভ র সি [illegible]]

[illegible]

[illegible]

[illegible] আরক্তিম অতিশয় যুগল নয়ন ॥
[illegible], প্রশস্ত বক্ষঃস্থল। কর্ণে কুণ্ডলযুগল গণ্ডে ঝলমল ॥
[illegible]

অথ মধ্যকৈশোরম্—

[illegible]

অথ শেষ-কৈশোরম্—

[illegible]

কৈশোর বয়সে কৃষ্ণের যৌবনদর্শন। রসশাস্ত্রে এইরূপ কহে বিজ্ঞজন ॥

[illegible] [ভ র সি [illegible]]

কৈশোর বয়স কৃষ্ণের নিত্যরূপ জানি। সখা সঙ্গে বিলসন অতি অদ্ভুত মানি ॥
[illegible]

অথ প্রিয়নর্মসখানাং—

প্রিয়নর্ম বয়স্যের এই আচরণ। দূতীক্রিয়া গোপিকার প্রণয়-কথন॥
কখন কৃষ্ণের কথা কহে গোপীগণে। গোপীর প্রণয়বাক্য কহে কৃষ্ণ-কর্ণে॥

দূত্যং ব্রজকিশোরীষ......[ভ র সি ৩।৩।৯৩—৯৪)

অথ সাধারণ-সখানাং—

সাধারণ সখাগণ ব্রজপুরে যত। তাঁহা সভে রামকৃষ্ণের সেবাসৌখ্যযুত॥
কৃষ্ণাজ্ঞায় গোচারণ, পশ্চাদ্‌গমন। কৃষ্ণ-অঙ্গসম্বাহন, বীজন, মর্দন॥
বনপুষ্প মালা গাঁথি কৃষ্ণ-অঙ্গে দেয়। কৃষ্ণের অনুগ্রহ তথা প্রসন্নতা নেয়॥
বনধাতু আনি তারা কৃষ্ণবেশ করে। সাধারণ সখার ক্রিয়া কহিল তোমারে॥

বন্যরত্নাদ্যলঙ্কারৈঃ......[ভ র সি ৩।৩।৯৫]

অথ সাত্ত্বিকাঃ—

সাত্ত্বিক কহিতে সত্ত্বরূপ লেখি। গোস্বামির বর্ণনায়ে ভক্তিগ্রন্থে দেখি॥
শ্রীকৃষ্ণ-সম্বন্ধি ভাবসাক্ষাৎ হইতে। চিত্ত আক্রান্ত হয় দ্রবময় যাথে॥
কিম্বা কৃষ্ণসম্বন্ধিভাব কিছু ব্যবধানে। চিত্তাক্রান্ত যেই সেই সত্ত্ব বলি মানে॥
সেই সত্ত্বে উৎপন্ন ভাব যেবা হন। সাত্ত্বিক বলিয়া নাম তাহারে সে কন॥

কৃষ্ণসম্বন্ধিভিঃ সাক্ষাৎ......[ভ র সি ২।৩।১—২]

এই যে সাত্ত্বিক ভাব ত্রিবিধ আখ্যান। স্নিগ্ধা, দিগ্ধা, রুক্ষা—এই তিন নাম॥

স্নিগ্ধা দিগ্ধা রুক্ষা......[ভ র সি ২।৩।২]

তত্র স্নিগ্ধাঃ—

তত্র স্তম্ভঃ—

কি হবে কি হৈল বলি কাঁদয়ে শ্রীদাম। সকল বিস্মিত হৈল তেজি নিজ কাম॥
শ্রীকৃষ্ণ-বিরহে শ্রীদাম হইল নিস্তব্ধ। নয়ন হইল স্থির বাহু হইল স্তম্ভ॥
সর্বেন্দ্রিয় স্তব্ধ হইল চেতন-রহিত। কৃষ্ণের বিক্রিয়াভয়ে সগণ সহিত॥

নিষ্ক্রামন্তং নাগমুন্মথ্য……[ভ র সি ২।৩।২৭]

তত্র স্বেদঃ—

তেজোগত প্রাণ হৈলে স্বেদের উদ্ভব। হর্ষ ভয় ক্রোধজন্যে কহিল সম্ভব॥

স্বেদো হর্ষভয়……[ভ র সি ২।৩।২৮]

হর্ষাদ্ যথা—

যমুনা-পুলিনে ক্রীড়া সখাগণ লঞা। শ্রীদাম সুদাম দাম সুবল মেলিয়া॥
রসে পরিপূর্ণ কৃষ্ণ লঞা সখাগণ। ক্রীড়ারসসুধা হরি করে বরিষণ॥
স্বাতিযোগে জল পড়ে শুক্তির উপরে। মুক্তা প্রসব হয় তাহার কুহরে॥
তৈছে কৃষ্ণ ক্রীড়ারসসুধা-বরিষণে। শ্রীদামমূর্ত্তি শুক্তিরূপ ঘর্ম্মমুক্তাদানে॥
বিন্দু বিন্দু স্বেদ যেন মুকুতার পাঁতি। গৌর অঙ্গে শোভা করে ঝলমল অতি॥

ক্রীড়োৎসবানন্দরসং……[ভ র সি ৩।৩।২৮]

তত্র রোমাঞ্চঃ—

স্বস্থানে প্রবল প্রাণ রোমাঞ্চ উপজায়। আশ্চর্য্য, উৎসাহ, ভয়, হর্ষ-জন্য তায়॥

রোমাঞ্চোঽয়ং কিলাশ্চর্য্য……[ভ র সি ২।৩।৩২]

উৎসাহে রোমাঞ্চ যথা—

কৃষ্ণসহ শ্রীদামচাঁদ করে যুদ্ধকেলি। কৃষ্ণানন্দে শ্রীদামের অঙ্গে রোমাবলি॥

শৃঙ্গং কেলিরণারম্ভে……[ভ র সি ২।৩।৩৫]

অথ স্বরভেদঃ—

[illegible]

ধেনুক সহিত কৃষ্ণ যবে যুদ্ধ করে। তাহা দেখি সখাগণ চিন্তিত অন্তরে॥
[illegible]
ধেনুকের বধ দেখি সভে আনন্দিত। স্বরভেদ সখাগণ হইলা বিদিত॥

অথ বেপথুঃ—

[illegible]

বিত্রাসামর্ষহর্ষাদ্যৈঃ……[ভ র সি ২।৩।৪৩]

অমর্ষণ যথা—

একদিন ভগবান্ কুন্তীর নন্দনে। সহদেবে কহিলেন আক্ষেপ আপনে॥
দ্রাক্ অমর্ষে সহদেব হইলা কম্পিত। যৈছে ভূকম্প হয় পর্বত-সহিত॥

কৃষ্ণাধিক্ষেপ-জাতেন……[ভ র সি ২।৩।৪৫]

অথ বৈবর্ণ্যম্—

তেজস্থ হইয়া প্রাণ বৈবর্ণ্য জন্মায়। বিষাদ, অমর্ষ, ভয় হেতু হয় তায়॥

বিষাদ-রোষ-ভীত্যাদে…… [ভ র সি ২।৩।৪৭]

বৈবর্ণ্য কহিয়ে দেহে বিজাতীয় হৈলে। স্বাভাবিক বর্ণে পুন বর্ণান্তর পাইলে॥
বিষাদে শুক্লিমা, ধূসর কিম্বা কালিমা। রোষে রক্তিমা, ভয়ে কালিমা শুক্লিমা॥

অথ অশ্রু—

জলাশ্রিত প্রাণ হৈলে অশ্রু নেত্রে বহে। হর্ষ-রোষ-বিষাদে অশ্রুজাত হয়ে॥
হর্ষ-জন্য যেবা অশ্রু তাহা ‘শীত’ হয়। রোষাদি-সম্ভব যেই তারে ‘উষ্ণ’ কয়॥
একদা বালক সব গহন বিপিনে। স্বকীয় স্বকীয় যূথে চরায় গোধনে॥
হেনকালে দাবানলে বেড়িল রাখাল। কৃষ্ণ কৃষ্ণ বলি ডাকে সকল গোপাল॥
[illegible]

যশোদাদৌ বৎসলরতি সদা ব্রজে দেখি। অতএব কেবলা রতি এই তিনে লেখি॥
দাস্য সখ্য বৎসল রতি ব্রজেতে কেবলা। উদ্ধব ভীম মুখরাদৌ পুরীতে সঙ্কুলা॥
[illegible] দ্বারাবতী এই জানি সীমা॥
ব্রজেতে কেবলা রতি কৌস্তুভ মণি যথা। অন্য রতি নাহি দেখি সতত সখ্যতা॥
বলরামে সখ্যপ্রীতি বাৎসল্য-সংযুত। যুধিষ্ঠিরের বাৎসল্য সখ্যদাস্যমিলিত॥
আহুক প্রভৃতির দাস্যবাৎসল্যাস্থ দেখি। বড়াই আভিরিকার বাৎসল্য সখ্য লেখি॥
নারদ মাদ্রেয় আদির সখ্য দাস্য হয়। রুদ্র তার্ক্ষ্য উদ্ধবাদির প্রীতি সখ্য কয়।

সঙ্কর্ষণস্য সখ্যন্ত ···· [ভ র সি ৩।২।৮১—৮৩]

তত্র কেবলা—

সেই সখ্যরতি বৃদ্ধি হৈয়া পুন ক্রমে। আস্বাদন বাঢ়ে জানি 'প্রণয়' হয় নামে॥
সেই প্রীতি উদ্ভব মনে পরম আবেশ। 'প্রেম' নাম হয় তবে কহিল বিশেষ॥
সেই কৃষ্ণপ্রেমে হয় চিত্তদ্রব জানি। চিত্তদ্রবী ভাব হৈলে 'স্নেহ' বলি মানি॥
সেই স্নেহ স্থানত্রয়ে হয় দুই নাম। ঘৃতবৎ, মধুবৎ হয় অভিধান।
ঘৃত দ্রবরূপ হয় অগ্ন্যাদির তাপে। মধু দ্রবরূপ হয় তাপ বিনু আপে।
ব্রজপুরে মধুরতি স্নেহ হয় জানি। মথুরা দ্বারকাপুরে ঘৃতরূপ মানি॥
স্নেহ বৃদ্ধি হঞা ভদ্রাভদ্র ক্রমে। অনুকূল প্রতিকূল কৃষ্ণসুখ মানে॥
কৃষ্ণ-বিষয়ে দুঃখ সুখ করে জানি। কৃষ্ণ বিনু সুখ যেবা তারে দুখ মানি॥
কৃষ্ণ-সুখে নিজসুখ, দুঃখে দুখ হয়। তার দেহে সেই স্নেহ রাগরূপ কয়।
ব্রজনন্দনন্দনে যার সুদৃঢ় করণ। সর্বেন্দ্রিয়ে কায়মন-ধন-সমর্পণ॥
রাগানন্ত সেই সব কহিল শাস্ত্রমতে। সেই রাগ ত্রিবিধ হয় স্থানের ভেদেতে॥
নীলরাগ, কুসুম্ভরাগ, মঞ্জিষ্ঠা রাগ হন। কুসুম্ভাদি রঙ্গ কভু হয় নিঘটন।
[illegible] ছুটে। দ্রব্য গেলা যেন তার রঙ্গ নাহি ছুটে।
মথুরা দ্বারকাপুরে নীলকুসুম্ভরাগ। ব্রজেতে মঞ্জিষ্ঠারাগ কাহল বিভাগ।
[illegible] অভিলাষে। প্রেয়োভক্তিরস কহে নয়নানন্দ দাসে।

[illegible] তৃতীয়ঃ পরিচ্ছেদ

চতুর্থ পরিচ্ছেদ

[illegible]

উৎকণ্ঠা যথা—

[illegible]

অথ বিয়োগ—

[illegible]

কোন শিশু বলে—ভাই! কাঁহা তুমি গেলা।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible] গ্রন্থে বিশেষ বর্ণন। যোগে তুষ্টি বলি তাহা করা'ছে লক্ষণ॥

কুরুজাঙ্গলে ... [ভ র সি ৩৩।১৩২]

অথ স্থিতিঃ—

সদা কৃষ্ণসহ স্থিতি দেখি বিলসন। যোগে স্থিতি বলি' তারে শাস্ত্রে কন॥

সহবাসো মুকুন্দেন.........[ভ র সি ৩।২।১৩৬]

কি কহব ব্রজে সখার সৌভাগ্য অপার। নন্দসুত সহ স্থিতি সতত যাহার॥

যার পাদপদ্ম ধূলি-প্রাপ্তি-অভিলাষে। বহু জন্ম তপ করি না পায় উদ্দেশে॥

ধৃতাত্মযোগির গণে না পায় যোগবলে। সেই ভগবান্ সখার গোচর গোকুলে॥

কি বর্ণিব ব্রজবাসির সৌভাগ্য উপমা। পূর্ণব্রহ্ম ভগবানের সখা যেই জনা॥

এই ত কহিল স্থিতি--সখা সহবাস। শ্রীলভাগবত গ্রন্থে অধিক প্রকাশ॥

যৎপাদপাংশু...... [ভা ১০।১২।১২]

এই ত কহিল সখ্যে ব্যভিচারিক্রম। স্থায়িরতির স্বরূপে এসব মিলন॥

শ্রীরূপগোস্বামি-পদে প্রণত হইয়া। তাঁর গ্রন্থ অনুসার কতোক দেখিঞা॥

ভক্তিরসামৃতসিন্ধুগ্রন্থ মহাশূর। তাহাতে জগৎ তুষ্ট আনন্দ প্রচুর॥

সে গ্রন্থ বুঝিতে মোর নাহিক শকতি। তবে কৃপাবলে লেখি দুই এক উক্তি॥

প্রেয়োভক্তিরস এই—তাহাতে বর্ণন। সেই শ্লোক অল্পাক্ষরে প্রাকৃত লিখন॥

অহৈতুক সখ্যরসে রহিত কামনা। মাধুর্য্যের শেষ এই—সাধে সাধুজনা॥

কৃষ্ণপ্রিয় হয় অতি এই সখ্যরস। যাহার সাধনে কৃষ্ণচন্দ্র হয় বশ॥

কি পুরুষ নারী কিবা সখাভক্ত যত। হইয়া পুরুষ দেহ মনে অবিরত॥

[illegible] সখাসঙ্গে করিঞা সঙ্গতি। নিজাভীষ্ট যূথেশ্বরের লঞা অনুগতি॥

[illegible] দুই দেহে ব্রজলোকের অনুসার নিবা॥

[illegible] দুরারাধ্য হন সে মাধুর্য্যাস্বাদন॥

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

সখ্যরসভক্ত ব্রজে সখানুগ হঞা। রামকৃষ্ণসেবা পায় গোপদেহ পাঞা॥

মধুর রসের ভক্ত গোপিকা-সহিতে। রাধাকৃষ্ণসেবা পায় করিয়া পিরীতে॥

নিজনিজ ভাবনিষ্ঠ হৈঞা ভজে হরি। আনুগত্যক্রমে কৃষ্ণপ্রাপ্তি হয় তারি॥

গুরুজাতীয়ভাবে হৈয়া অতিনিষ্ঠ মন। যার যেই ভাব, তার সেই সঙ্গম॥

ব্রজের যে কোন ভাব লঞা হরি ভজে। তেন রূপ দেহ পাঞা কৃষ্ণপায় ভজে॥

নারদীয়ে—ব্রজানুসারি-ভাবেন যেন কেন চ সাধকাঃ।

ভজিত্বা মদ্গতিং প্রাপ্য ক্রীড়ন্ত্যে ময়া সহ॥ ইতি

অতএব ভজ মন কৃষ্ণবলরাম। প্রিয় সখাগণসহ শ্রীদাম সুদাম॥

শ্রীচৈতন্য নিত্যানন্দ বন্দিয়া সাদরে। শ্রীযুত সুন্দরানন্দ বন্দিল [illegible]॥

কুলনাথ বন্দি পনিঠাকুর গোপাল। কৃষ্ণগত-চিত্ত যাঁর, পরানন্দ [illegible]॥

শ্রীযুত গোপালচরণ-প্রভুপদে আশ। প্রেয়োভক্তিরস কহে নয়নানন্দ দাস॥

ইতি শ্রীপ্রেয়োভক্তিরসার্ণবে [illegible]

[illegible] পরিচ্ছেদ॥

পঞ্চম পরিচ্ছেদ

নবীন-জলদাভং তং কম্বুকণ্ঠং মনোরমম্।
রামেণ রমণ-শ্যামং বন্দে কৌশেয়-বাসসম্॥

জয় জয় নন্দতনয় ব্রজনাথ। জয় হলধর মোর সখাগণ সাথ॥
দাম শ্রীদাম সুদাম জয় জয় নন্দ। জয় গোপ গোপীগণ বৃন্দাবনচন্দ॥
ভজ মন রামকৃষ্ণ সখানুগ হৈঞা। মানসিক সেবা কর সিদ্ধদেহ পাঞা॥
ব্রজে প্রিয় সখাগণের হৈয়া অনুগত। রামকৃষ্ণ সেবা কর মানসে সতত॥
প্রিয়মধ্যে এই চারি সখা অগ্রগণি। শ্রীদাম, সুদাম আর বসুদাম, কিঙ্কিণি॥
তাহা মধ্যে মোর ইষ্ট—সুদাম যূথেশ্বর। তাহাতে তাঁহার সঙ্গে বহু সহচর॥
তিহোঁ রামকৃষ্ণ-প্রিয় সুখাদির ধাম। তাহার প্রেয়ান্ রস সুদাম আখ্যান॥
রামকৃষ্ণ-সঙ্গে তাঁর অহৈতুক প্রেম। সোহাগা সহিত যেন জাম্বূনদ হেম॥
পরম আনন্দময় কৃষ্ণানন্দ সদা। অজ্ঞ আমি কিবা জানি তাহার মর্য্যাদা॥
কৃষ্ণ বলরাম বিনে আন নাহি জানে। তিলেক বিচ্ছেদ হৈলে যুগকোটি মানে॥
তাহার অনুগ-গণের লইয়া সঙ্গতি। ভজ রামকৃষ্ণ সদা হৈঞা স্থিরমতি॥
সুদামচন্দ্রের কহি অনুগ-বর্ণন। তাহে মুখ্য অনুচর হয়ে অষ্টজন॥
সুচন্দ্র শ্রীচন্দ্রমান্ সুরঙ্গ সুবিন্দ। সমর্থ করিবন্ধক কুমুদ অনঙ্গ॥
মুখ্য অষ্ট এই সুদামের দেখি। এই আট আট ক্রমে চৌষট্টি লেখি॥

তত্র সুচন্দ্রস্য—

সুকণ্ঠ, সুভঙ্গ, মুকুন্দ, কুমুদ। প্রেমানন্দ মহানন্দ শ্রীজয়নন্দন॥
সুখানন্দ প্রভৃতি অষ্ট সুচন্দ্রানুগত। তারপর কহি সুকণ্ঠ-অনুগত॥

তত্র সুকণ্ঠস্য—

সুদর্প সুদম্ভ সুকন্দ (সুতন্ত্র) আদি খ্যাত। সুজয় সহনু সুখেন্দ্র জয়দ্ব্রত॥
[illegible]

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
শুভানন্দ সুচনাগর এই অষ্ট জন। তারপর ক[illegible]

রসচন্দ্রস্য—

[illegible]
নিধিনন্দ প্রভৃতি রসচন্দ্র-অনুগত। সুমহেন্দ্রের গণ [illegible]

সুমহেন্দ্রস্য—

সুমুখ পুরবর্দ্ধ আর রসাঙ্গদ…। বিভঙ্গ সানন্দ রক্তাঙ্গদ সুধানন্দ।
চন্দ্রাঙ্গদ আদি অষ্টানুগ গণ। এইরূপে চৌষট্টি করিল গণন।
এবে কহি সুদামের স্থানের বর্ণন। বেশভূষা আভরণ বর্ণাদি-কথন।
বৃষভানুপুরেতে বাস জাত্যা আভীর। যোজনদ্বয় পরিমিত বিস্তার পুরীর।
শতদল-কমলতুল্য পুরীর নির্ম্মাণ। ইন্দ্রপুরী জিনি রম্য নিত্য[illegible]
পুরীর বর্ণনা পাছে করিব সূচন। তাহাতে সুদাম-গৃহ পশ্চিমদ্বার হন।
উত্তরেতে পুন হয় তার এক দ্বার। সেই দ্বারে করেন [illegible]
কিশোর বয়স তাঁর আরক্ত গৌরবর্ণ। বিচিত্র অলঙ্কার রচিত [illegible]
চন্দ্রানাম তার সখী বৃষভ নামে সখা। ভদ্রবন বসা তার [illegible]
[illegible]

শ্রীসুদাম্নো ধ্যানম্—

[illegible]
[illegible]

[illegible]

বৃষভানু রাজার দক্ষিণ পার্শ্বেতে। [illegible] ॥
উত্তরদ্বার হৈতে এক বিহন্দের পর। চারি চতুঃশালামধ্যে দক্ষিণদ্বারি ঘর ॥
অরুণ-কান্তি মন্দির স্তম্ভ সারি সারি। সুদর্প গোপাল স্থান কহিল বিচার ॥
সুদন্ত সুকন্দ সুজয় আদি গণ। সেই স্থানে তাঁহারা করেন বিলসন ॥
শ্রীদর্পের পিতা 'শ্রীশুভানন্দ' নাম। তাহার জননী 'শ্রীকামদা' অভিধান ॥
রক্ত গৌরবর্ণ তার, নীল বসন। আভীর জাতি ক্রমে এই বিবরণ ॥ ৩
পূর্বে চতুঃশালা 'উড়ম্বর' গোপের হয়। তাহে পূর্বদ্বার গৃহ চারু চিত্রময় ॥
সুখানন্দ গোপ তাহা বিলসন করে। নিজ সহচরসঙ্গে বিচিত্র মন্দিরে ॥
প্রমানন্দ সুমোহন দর্পানন্দ আর। যশোনন্দ আদি তাহা করয়ে বিহার ॥
সুখানন্দের পিতা 'উড়ম্বর' হয়। মাতা 'মানব দেবী', গুর্জর জাতি কয় ॥
শ্যামবর্ণ পীতবাস, কিশোর বয়েস। সুখানন্দ গোপালের কহিল বিশেষ ॥ ৪
অস্য পূর্ব অংশে 'চন্দ্র'-গোপাল-আলয়। ইষ্টক প্রাচীর-বেষ্টিত রত্নময় ॥
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
রাজবাড়ার পূর্বে 'কুলানন্দ' মহাশয়। বিচিত্র মন্দির শোভা অপূর্ব আলয়।
চতুর্দিকে প্রাচীর ইষ্টক-রচিত। পূর্ব পশ্চিমে দ্বার দুই অভিমত ॥
[illegible]
পূর্বদ্বারি নামমন্দির সুশোভন। সুমহেন্দ্র গোপ করে তাহা বিলসন ॥
মহেন্দ্রক রত্নবন্ধ বিমল আদি করি। তাহা সভা রহে চতুঃশালার ভিতরি।
সুমহেন্দ্রের পিতা 'কুলানন্দ'-অভিধান। 'চন্দ্রা' মাতা তার শাস্ত্রেতে প্রমাণ ॥
[illegible]
নন্দীশ্বর-দক্ষিণে 'কান্ত' গোপের আলয়। চতুঃশালা অট্টালিকা তাহে মণিময় ॥

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
কান্তগোপের পূর্বে গোপাল পুরন্দর। তাহার আলয় হয় অতি মনোহর ॥
চতুঃশালা মধ্যে তাহা উত্তর দ্বারী গৃহ। কাঞ্চনে রচিত অতি মনোহর সেহ ॥
রসাঙ্গদ গোপ করে তাহা অধিষ্ঠান। তাহার জনক 'শ্রীপুরন্দর' নাম।
'পদ্মাবতী' মাতা তার, রক্তগৌরবর্ণ। নীলবস্ত্র পরিধান, গোপালন কর্ম।
পশুপাল জাতি রসাঙ্গদগণ। চন্দ্রাঙ্গদ বিভঙ্গাদি তাহা বিলসন ॥
এইত কহিল বৃষভানুপুরী-শোভা। সম্যক্ বলিতে তাহা পারে জানি কেবা ?
সুদাম-ভাবাঙ্কিত জন সিদ্ধদেহ পাঞা। মানসিক কর সেবা তৎস্থলে বসিঞা ॥

ইতি বৃষভানুপুর-বর্ণনম্ ॥ * ॥

অথ নন্দীশ্বর-শোভা-বর্ণনম্—

জয় জয় রামকৃষ্ণ-প্রিয় সখাগণ। ভজ মন নিরবধি চিন্ত বৃন্দাবন ॥
সহস্রদল কমল-তুল্য গোকুলমণ্ডল। তাহার কেশর-পত্রে রহস্য সকল ॥
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
অতএব সাধক সিদ্ধ নিত্যদেহ পাঞা। দিনরাত্রি কর সেবা ব্রজেতে বসিয়া ॥

১। সুনানন্দ—(খ); ২। গোলকের—(খ);

[illegible] সঙ্গে নিজযূথসাথে। ভজ রামকৃষ্ণ ব্রজে আনন্দিত চিত্তে ॥
আগে কহি নন্দীশ্বরপুরীর বর্ণন। সিদ্ধ সাধক দেহে করিহ ভাবন ॥
যোজনদ্বয়-পরিমিত নন্দীশ্বর পুরী। নানা রহস্য হয় তাহার ভিতরি ॥
[illegible] তাহে রত্নাদি-নির্মাণ। সুরপুরতুল্য অতি মন্দির [illegible] ॥
বন উপবন কল্পতরু আদি কত। তরু লতা পশুপক্ষী আদি শতশত[১] ॥
স্থানে স্থানে রত্নবেদী সুচারু গঠনে। বৃক্ষের মূল বদ্ধ মরকত কাঞ্চনে ॥
চিন্তামণি ব্রজভূমি সর্বলক্ষ্মীময়। এককালে সর্বপুষ্প বিকশিত হয় ॥
মূর্তিমন্ত ছয় ঋতু তাহা অধিষ্ঠান। নিত্যানন্দ সুখ যাথে গোলোক-সমান ॥
তাহা মধ্যে শ্রীনন্দরাজার আলয়। তাহার তুলনা ইন্দ্রপুরে কভু নয় ॥
সহস্র মন্দির নানা রত্নাদি-নির্মাণ। সর্বময় প্রাচীরে বেষ্টিত বাড়ীথান ॥
উত্তর পশ্চিমে বাড়ীর হয় দুই দ্বার। উত্তর দ্বারে হয় রাজ-কারবার ॥
দ্বারে দরজা নানা রত্নেতে নির্মাণ। সহস্র সহস্র স্তম্ভ গঠন-সুঠাম ॥
স্ফটিক প্রবাল মুক্তা নানা ধাতুক্রমে। চুনি মণি বৈদূর্য্য রজত-নির্মাণে ॥
জাদ চামর দোলে উপরে পতাকা। বিচিত্র ছাদন যাহে রত্নের শলাকা ॥
দ্বারে সম্মুখে শোভে রত্নবদ্ধ বেদী। বিচিত্র গঠন সেই যাতে সর্বনিধি ॥
বেদীর সমীপে রহে পঞ্চ দেবতরু। যার যে বাসনা তার তৈছে সিদ্ধি করু ॥
বেদীর পূর্বভাগে সন্তান বৃক্ষ হয়। পারিজাত বৃক্ষ দক্ষিণ পার্শ্বে রয় ॥
কল্পবৃক্ষ পশ্চিমে, হরিচন্দন উত্তরে। মন্দার বৃক্ষ রয় কর্ণিকা-ভিতরে ॥
মধ্যে মন্দার বৃক্ষ কর অবধান। মূর্তিমন্ত ষড় ঋতু যাঁহা অধিষ্ঠান ॥
হরিতাল বৃক্ষ রহে দ্বারের ভিতরে। পক্ষিগণ নানা জাতি তাহা শব্দ করে ॥
তাহার সমীপে হয় কান্তি-সরোবর। যাহাতে আছয়ে পক্ষী আদি জলচর ॥
কুমুদ কমল [illegible] ॥
হংস কারণ্ড মরালী সারস দাত্যূহ। [illegible] ॥

১। [illegible]

[illegible]
পনস কদলী বৃক্ষ নারঙ্গ আদি। পুন্নাগ কেতকী আর রসাল [illegible] ॥
[illegible]
উপনন্দ প্রভৃতির চারিপার্শ্বে চতুঃশালা। তাহা মধ্যে চতুঃশালা নন্দের কহিলা ॥
এই পঞ্চ চতুঃশালা প্রাচীরে বেষ্টিত। স্বর্ণ কলস-সহ পতাকা [illegible] ॥
[illegible]
সেই গৃহে রহে স্বর্ণ বিচিত্র পালঙ্ক। নীল বস্ত্রে পরিবৃত হিঙ্গুলাদি রঙ্গ ॥

১। পট্ট—(খ); ২। করয়ে ভাবন—(ক);

তাহাতে আসন করে রোহিণী-কুমার। কত দাসদাসীগণ সেবা করে তার॥
তার পর পূর্ব দ্বারি ভাণ্ডারের ঘর। মণিমুক্তা নানা ধাতু তাহাতে বিস্তর॥
তাহা রহে নন্দগোপ, মাতা যশোমতী। দাসদাসীগণ সেবা করে জানি তথি॥
সেখানে উত্তর দ্বারি মোহন মন্দির। পতাকা তাহাতে কত বহিছে সমীর॥
হিঙ্গুলাদি নানারঙ্গে মন্দির-রচন। মাণিক্য-জড়িত শোভে রত্নস্তম্ভগণ॥
শ্বেতনীল ঝাঁড়িয়া (?) চামর চতুর্দিকে। জাদ * থোপ রত্নময় ঝলমল আগে॥
স্বর্ণকলস মণিমুক্তা-রচিত। নানা বর্ণ শ্বেত-পীত পতাকা দোলিত॥
মন্দিরের চতুর্দিকে গবাক্ষদ্বার হয়। স্বর্ণ-কপাটযুক্ত দ্বার রত্নময়॥
তাহে রহে রত্নপালঙ্ক সমুজ্জ্বল। নানা বস্ত্রে বিরচিত করে ঝলমল॥
তাহাতে ব্রজেন্দ্রসুত করয়ে শয়ন। তত্তৎ সময়ে সাধক করয়ে[১] দর্শন॥
পূর্বভাগে তার শোভে মোহন মন্দির। মন্দ সুগন্ধ যাহে বহিছে সমীর॥
চতুর্দ্বারযুক্ত গৃহ মণিতে নির্মাণ। ত্রিজগতে নাহি দেখি তাহার সমান॥
পূর্বদ্বার সম্মুখে রহে তমাল বৃক্ষ জানি। রত্নময় বেদি তাহে অগণিত মানি॥
তাহার উপরি কত পক্ষিগণ রহে। শারী শুক কর্ণসার নানা রসে কহে॥
পক্ষিগণ পড়ে যেন শুনি বেদধ্বনি। কৃষ্ণলীলা পড়ে পক্ষী সুমধুর বাণী॥
তাহার তলেতে বসি শ্রীনন্দনন্দন। প্রাতঃক্রিয়া মুখধৌত দন্তধাবন॥
পশ্চিমদ্বার সম্মুখে পারিজাত তরু। তার পুষ্প সুগন্ধিত যৈছন অগুরু॥
পুষ্পগন্ধে আমোদিত রত্নময়[২] পুরী। তার তলে বিশ্রাম ক্ষণেক করে হরি॥
দক্ষিণদ্বার সমীপে রত্ন-অট্টালিকা। বহুস্তম্ভ সুললিত নিকটে বেদিকা॥
উত্তরদ্বারভাগে বেদী সুগঠন। নানা ধাতু-বিরচিত চক্র-বরন॥
প্রাঙ্গণে তাহার শোভে চিত্র চন্দ্রাতপ। মণিমুক্তা [illegible]

... নদীয়া-পুরলোভা। [illegible]
শ্রীচৈতন্যপদদ্বন্দ্ব বন্দনা করিয়া। নিত্যানন্দপাদপদ্মে [illegible]
শ্রীমত্ সুন্দরানন্দ ঠাকুর গোসাঞি। দীন হীন [illegible]
গুরুকৃষ্ণ বৈষ্ণবগণ-পদে অভিলাষ। প্রেমোভক্তিরসার্ণব [illegible]
এ দাস নয়নানন্দ করে নিবেদন। প্রেমোভক্তিরসার্ণবে [illegible]

শ্রীদাম সুদাম ডাকয়ে সঘন উঠ ভায়্যা ওহে কানু।
অঙ্গ মোড়া দিয়া উঠিল সত্বরে সুন্দর যাদব রায়
মুখ প্রক্ষালি গোকুলচন্দ্রহি জলঝারি লঞা ধায়॥

শয্যোত্থান করি হরি বসিলা আসনে। মাতৃদত্ত মিষ্টান্ন দ্রব্য করিলা ভক্ষণে॥
দেখি সহচরগণ কৃষ্ণ আনন্দিত। সভারে সন্তোষ করি প্রেম-অভিমত॥
তারপর রত্ন-বেদী করি আরোহণ। প্রাতঃক্রিয়া মুখ-ধৌত দন্তধাবন॥
সখাগণ দাসগণ লৈঞা তবে সঙ্গে। গাভীদোহন করে অতি সুখ-রঙ্গে॥
ধেনুগণের নাম লৈঞা করয়ে আহ্বান। সখাগণে করি সঙ্গ কৃষ্ণ বলরাম॥
গঙ্গা সরলি কালি পিশঙ্গি পিয়লি। হংসি সুমুখি তুঙ্গি বনমালি॥
বলরাম হংসিনি গাই কানারী ধবলি। গাভী দোহন···করি একমেলি।

গোপালোঽপি স্বগোশালং সরাম-মধুমঙ্গলঃ।
সকাব্যগীষ্পতিঃ সায়ং শশীবাম্বরমাবিশৎ॥
দধার ছ্বাবদাং রামো ধবলাবলিবেষ্টিতঃ [গো লী ২।৩৭-৩৮

এ সব ছাড়িয়া মন সাধুসঙ্গ করি। অকপটে কায়মনে সদা ভজ হরি॥
কাম ক্রোধ লোভ মোহ করহ ত্যেজন। মদ-মাৎসর্য্য-পরিত্যাগ ইন্দ্রিয়-দমন॥
[illegible] কাম লোভ ছাড়হ বাসনা। সাধুসঙ্গ করি কর গোবিন্দ-অর্চনা॥
[illegible] তুলনা নহে চতুর্বর্গফল। স্বর্গাদি পদ জানি তুচ্ছ সকল॥

[ভাগ ১১৮।[illegible]] [illegible]

অতএব সর্ব্বাশ্রয় বাসুদেব হন। সত্ত্বভাবে সভে ভজ শ্রীকৃষ্ণচরণ ॥
কৃষ্ণ-মায়াতে মুগ্ধ—এ তিন ভুবন॥ মোহক্রমে কৃষ্ণেতে বিমুখ লোক হন ॥
প্রাক্তন অদৃষ্টক্রমে মূঢ় অচেতন। আসুরী ভাব-প্রপন্ন যাঞা হন ॥
সেই সেই কালেতে জীব হতচিত্ত হৈঞা। অন্যদেব সেবা করে শ্রীকৃষ্ণ ছাড়িঞা ॥
কৃষ্ণ কহেন—শুন সখা হে অর্জ্জুন! অসুরভাবে মোরে ছাড়ে মূঢ় অচেতন ॥
দম্ভ দর্প অভিমান ক্রোধ পরুষতা। আসুর ভাবেতে এই জানিহ সর্বথা।

[গীতা ৭।১৫] ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ……

ইত্যাদি-বিধানে মন শিখাইল তোরে। না ভজহ হেন কৃষ্ণ দুঃখ পাবার তরে ॥
কর্মক্রমে দুর্লভ মনুষ্যদেহ পাইঞা। নাহি তরে ভবসিন্ধু গুরুপদাশ্রিয়া ॥
অসৎ দেহের গর্ব করে অভিমান। পশুবুদ্ধ্যে মূঢ় না ভজে ভগবান্ ॥
মহা অন্ধকূপে যেন পশু পড়ি রয়। তৈছে গৃহ-মহাকূপে রহয়ে নিশ্চয় ॥

ভাগ [১০।৫১।৪৬] শ্রীমুচুকুন্দরাজা—লব্ধ্বা জনো দুর্লভমত্র…
অপি চ [গীতা ৭।২০] কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।

সেই লোক আত্মবঞ্চক নাশেন আপনা। সকল হইতে নিন্দিত জানি সেই জনা ॥
দেবদত্ত দুর্লভ মনুষ্যদেহ পাইঞা। কৃষ্ণপদ নারাধিল আপনা বঞ্চিঞা ॥

শ্রীকৃষ্ণং প্রতি শ্রীরুদ্রঃ [১০।৬৩।৪১] দেবদত্তমিমং লব্ধ্বা

হেন কৃষ্ণ-সেবাধর্ম অর্চন শ্রবণ। ইহা ছাড়ি অন্যদেব করে আরাধন ॥
নিশ্চয় জানিহ সেই দুর্দৈব-ঘটনা। কৃষ্ণ-কথা ত্যাগ করি শুনে অন্য বর্ণনা ॥
কৃষ্ণকথা রসময় অমৃত-সমান। এ অমৃত ত্যাগ করি শুনে অন্য গান ॥
অসৎ কথা আলাপন যত্নেতে শুনয়ে। অন্য দ্রব্য ছাড়ি শূকরবিষ্ঠা-গর্ত্তে ধায়ে ॥
কৃষ্ণ-কথা ছাড়িঞা অসদ্বার্ত্তা শ্রবণ। অমৃত ছাড়িঞা যেন গরল-ভক্ষণ ॥

যথা—[ভাঃ ৩।৩২।১৯] নূনং দৈবেন নিহতাঃ…

ভবসিন্ধু পারাবার সেই [illegible] ॥ [illegible] ॥
কৃষ্ণ কহেন—সেই তরে এই ত সংসার। [illegible] ॥

দেহির দেহ প্লব করি তাহাতে উদ্ধারি। গুরুরূপ আমি তাহে হইত কাণ্ডারী ॥
অনুকূল রূপে বায়ু করিয়ে সঞ্চার। ভবসিন্ধু এইরূপে করি আমি পার ॥
এতে কেহ তরিবার উপায় না করে। না পারে তরিতে আত্মঘাতী হৈঞা মরে ॥
যমের যন্ত্রণা দুঃখ নানা যোনিতে ভ্রমণ। কৃষ্ণ না ভজিলে হয় নরকে গমন ॥

[illegible]

তাবজ্জরা-মরণজন্মশতাভিঘাত-

[illegible]

এই দ্বাদশ গুণ হয় ব্রাহ্মণের ধর্ম। ইত্যাদিনিষ্ঠ হৈঞা করে নিজকর্ম॥
সব আচরে আর কৃষ্ণেতে বিমুখ। ইহকালে পরকালে নাহি তার সুখ॥
কৃষ্ণ ভজে কায়মনে চণ্ডালকুলে হয়। কৃষ্ণ-বিমুখ দ্বিজ তার সম কেহ নয়॥

[ভাগ ৭।৯।১০] বিপ্রাদ্ দ্বিষড়্‌গুণযুতাৎ

বিপ্র হৈতে চণ্ডালের কহিল গরিমা। তাহার আশয় শুন সেইখানে বর্ণনা॥
চণ্ডাল হইয়া হয় কৃষ্ণ-পরায়ণ। আত্মা সহ কোটি পুরুষ করয়ে তারণ॥
কৃষ্ণবিমুখ দ্বিজ সর্বধর্ম করি। অন্য কি আপনাকে পূত করিতে নারি॥

তত্রৈব তস্যার্দ্ধং — মন্যে তদর্পিত-মনোবচনেহিতার্থ-
প্রাণং পুনাতি স্বকুলং ন তু ভূরিমানঃ।

তথা ষষ্ঠে যমবাক্যেন—[ভা ৬।৩।২৯] জিহ্বা ন বক্তি…

স্বধর্মাচার-রত যত মুক্ত অভিমানী। বাদবিরুদ্ধবুদ্ধি যেই সব জানি॥
বহু দুঃখে তপ করি উচ্চপদ পায়। কৃষ্ণবিমুখ হইলে অধঃপাতে যায়॥

শ্রীদশমে— [ভা ১০।২।৩২] যেঽন্যেঽরবিন্দাক্ষ……
তত্র— [ভা ১০।২।৩৩] তথা ন তে মাধব !…
[ভা ১০।২৩।৩৯] ধিগ্ জন্ম নস্ত্রিবিদ্…

অতএব মনে আমি কহি বার বার। হরি ভজ, হরি চিন্ত, হরি কর সার॥
আত্মঘাতী হৈলে যেবা পাপ কয়। না ভজহ হরি যদি সেই পাপ হয়॥
শ্রীগুরু গোপাল জয় কৃষ্ণভক্তগণ। কৃপা করি দেহ মোরে চরণ-শরণ॥
শ্রীযুক্ত সুন্দরানন্দ শ্রীপণিগোপাল। কৃপা কর গুণনাথ ঠাকুর দয়াল॥
জ্যেষ্ঠ শ্রেষ্ঠ সার্বভৌম শ্রীগোকুলচন্দ্র। দীন হীন মন্দমতি এ নয়নানন্দ॥
গোপালচরণপ্রভু করি অভিলাষ। কৃষ্ণভক্তিরসকদম্ব করিলা প্রকাশ॥
কৃষ্ণভক্তিরসকদম্ব অমৃতের সম। [illegible]

[illegible]

তৃতীয় [illegible]

[illegible]

জয়রে জয়রে হরে, শ্রীকৃষ্ণচৈতন্য ধন্য ধন্য অবতার।

[illegible]

সপ্তমে প্রহ্লাদঃ [ভা ৭।৬।১] কৌমার আচরেৎ…

[illegible]

কর্ণপথ রুদ্ধ হয়, নাম নাহি শুনে। চক্ষুদৃষ্টি খাট হয়, কম্প ক্ষণে ক্ষণে॥

তাহাতে সামান্য এক শুনহ উপমা। বিষ্ণুপুরাণের শ্লোক ব্যাসের বর্ণনা ॥
একদেশে এক বস্তু রাখিঞা যদি যায়। সেই বস্তু অন্য দেশে উকটিবে যায় ॥
পশ্চিম দেশে রাখ দ্রব্য, উকট পূর্বদেশে। যাঁহা না রাখিল পুন তাঁহা পাবে কিসে ॥
বিষয়ি-জনার মত বিষয়-বাসনা। তার দেহে দূরগত সদা কৃষ্ণপ্রেমা ॥
কৃষ্ণাবেশ থাকে যেবা কৃষ্ণপ্রেমী হয়। বিষয়ির চিত্তে সদা বিষয়-ধর্ম হয় ॥
অতএব বিষয়ীতে নাহি কৃষ্ণাবেশ। এই ত কহিল দোষ বিষয়-আবেশ ॥
কৃষ্ণভক্তগণে হয় কৃষ্ণাবেশ সদা। কৃষ্ণবিনু তার চিত্তে না রহে একদা ॥
অতএব ভাগবতে কহে ভগবান্। বিষয় ভাবিতে জন বিষয়কে পান ॥
আমাকে চিন্তয়ে যেবা সে আমাকে পায়। আমাছাড়ি ভক্তচিত্ত কাঁহে নাহি যায় ॥
ভক্তজনের চিত্ত আমাতে সদা লীন। অতএব বিষয়ী লোক সদা আমায় হীন ॥

[illegible] বিষ্ণুপুরাণে—

বিষয়াবিষ্ট-চিত্তানাং কৃষ্ণাবেশঃ সুদূরতঃ।
বারুণীদিগ্‌গতং বস্তু ব্রজন্নৈন্দ্রীং কিমাপ্নুয়াৎ ?
বিষয়ান্ ধ্যায়তশ্চিত্তং বিষয়েষু বিষজ্জতে।
মামনুস্মরতশ্চিত্তং ময্যেব প্রবিলীয়তে ॥

বিষয়-বাসনা লঞা যদি বন যায়। বনেতে থাকিঞা তার বিষয়ে মন ধায় ॥
[illegible] জন, কিবা গৃহ, বিষয়াবেশ যার। দেহে নাহি উপজয়ে কৃষ্ণাবেশ তার ॥
[illegible] জন যদি করে বনেতে বসতি। তথাপি সকল দোষ সঙ্গেতে বসতি ॥
[illegible]হে থাকি পঞ্চেন্দ্রিয় করয়ে দমন। নিবৃত্ত-রাগের হয় গৃহ তপোবন ॥
[illegible] ভক্ত অম্বরীষ আদি মহাশয়। বন্ধন-নিমিত্ত তার গৃহ নাহি হয় ॥

[illegible] শান্তিশতকে—

বনেঽপি দোষাঃ প্রভবন্তি রাগিণাং, গৃহেঽপি পঞ্চেন্দ্রিয়সংযমস্তপঃ।
অকুৎসিতে কর্মণি যঃ প্রবর্ত্ততে, নিবৃত্তরাগস্য গৃহং তপোবনম্ ॥

[illegible]

গৃহে থাকি কৃষ্ণকর্ম করি হর্ষমনে। প্রহর প্রহরার্দ্ধ কৃষ্ণকথা-আলাপনে ॥
[illegible]
[illegible]
[illegible]
গৃহাসক্ত জন যেই করে গৃহকর্ম। গৃহে থাকে, করে সদা গৃহাচার ধর্ম ॥
[illegible]
পরস্পর শিক্ষা শ্রবণ সঙ্গগুণে। নাহি হয় কৃষ্ণে মতি গৃহাসক্ত জনে ॥
[illegible]
[illegible]

[শ্রীভাগ ৭।৫।৩০] মতির্ন কৃষ্ণে পরতঃ…

[illegible]
[illegible]
দিন মাস বর্ষক্রমে আয়ু পূর্ণ হয়। মৃত্যু হয় যমপুরে প্রাক্তন ভুঞ্জয় ॥
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

[illegible]

[illegible]
সেই দিন দীন হয় দরিদ্রতুল্য মানি। কৃষ্ণকর্ম লীলাগুণ যবে নাহি শুনি ॥
[illegible]
অষ্ট প্রহর মধ্যে না স্মরে যবে হরি। প্রহর প্রহার তুল্য জানিহ তাহারি ॥
কৃষ্ণকর্ম কৃষ্ণবার্ত্তা যবে নাহি হয়। সেই সব জানিহ ভাই বৃথা আয়ুক্ষয় ॥

নির্বাণ কৈবল্যমুক্তি ভক্তের তুচ্ছ হন। সেবানিষ্ঠ সালোক্যাদি দুষ্ট অতি নন॥

যথা— অত্র ত্যাজ্য তয়ৈবোক্তা মুক্তিঃ সর্ববিধাপি চেৎ।
সালোক্যাদিস্তথাপ্যত্র ভক্ত্যা নাতিবিরুধ্যতে॥

এই ত কহিল ভেদ—ভক্তি মুক্তি দুই। ভক্তিফলে কোন্ গতি তাহা শুন কই॥
ভক্তগণ ভক্তিক্রমে পায় কৃষ্ণগতি। সেবানিষ্ঠ সামীপ্যরূপে ভাগবতী গতি॥
ইত্যাদি বিধানে করি মনে সম্বোধন। ভক্তিভাবে কর সেবা শ্রীনন্দনন্দন॥
ভক্তি হয়ে তাহে জানি দ্বিবিধ প্রকার। সকামা নিষ্কামা ভক্তি—এইত বিচার॥
দৃঢ় করি ভক্তিভাবে ভজে ভগবান্। উভয় ভক্তেতে ভক্ত বাঞ্ছারূপে পান॥
যার যে বাসনা তার তৈছে সিদ্ধ হয়। ধর্ম অর্থ কাম মোক্ষ যে জন বাঞ্ছয়॥
কামী ভক্তের কামপূর্ণ ভক্তি হৈতে হন। নিষ্কাম ভক্তির ফল—গোবিন্দ-সেবন॥

[ভাগ ২।৩।১০] অকামঃ সর্বকামো বা……
[তীব্রেণ ব্যভিচারাদিদোষ-রহিতেন]

যজ্ঞাদি-বিধানে যেবা ভজে ভগবান্। স্বর্গাদি অভিলাষ করি হইঞা সকাম॥
বেদ বিধি আচরিঞা পুণ্য কর্ম করি। করয়ে বিভোগ সেই অমর-নগরী॥
স্বর্গাদি করয়ে ভোগ পুণ্য যাবৎ রয়। পুণ্যক্ষয়ে পুন আসি সংসারে জন্ম হয়॥
শুভাশুভ কর্মফলে জন্মমৃত্যু হয়ে। বারংবার গতায়াত নিজ কর্মাশয়ে॥
শ্রীকৃষ্ণ ভজিলে নহে যমের শাসন। শুভাশুভ কর্মফলে করয়ে ভ্রমণ॥

[গীতা ৯।২১] এবং ত্রয়ীধর্মমনুপ্রপন্না, গতাগতং কামকামা লভন্তে।
তত্রৈব [গী ৯।২০] তে পুণ্যমাসাদ্য
গী ৯।২১] তে তং ভুক্ত্বা স্বর্গলোকং

[illegible] গতায়াত জানি। জন্মমৃত্যু গর্ভবাস সুখদুঃখ শুনি॥
[illegible] ত্যাগ করি প্রীতে ভজ হরি। তার জন্ম নাহি হয় সংসার ভিতরি॥
নিমিত্ত-রহিত ভক্তি হয় সর্বোত্তম। [illegible]॥
[illegible]

[illegible]
[illegible]
[illegible]
[illegible]

[ভাগ [illegible]] [illegible]

[[illegible] ভক্তানাং প্রলয়াদৌ ন সুখচ্যুতির্ন পতনম্]
কাশীখণ্ডে—ন চ্যবন্তি হি তদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি।

[illegible]

[illegible]

[গীতা [illegible]] [illegible]

কোন ভক্ত ভজে হরি বিষয় লাগিঞা। বিষে যেন যত্ন করে অমৃত ছাড়িঞা॥
[illegible]
দয়ালু স্বভাব কৃষ্ণ করুণ হৃদয়। সেই সেবকেরে প্রভু সকরুণ হয়॥
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
তৈছে ভক্তের পিতা হয় ভগবান্। নিজ পাদপদ্ম তারে দিতে যত্ন পান॥

[illegible]

ভক্তপ্রিয়ঃ কাম-নিবর্ত্তয়ন্নৃণাম্।
[illegible]
পিতা মৃদাস্বাদিশিশোঃ সিতামিব॥

হেন চিন্তা না করিহ কৃষ্ণভক্তগণ। কায়মনে যেবা করে শ্রীকৃষ্ণচিন্তন ॥
ভক্তের হৃদয়ে কৃষ্ণ প্রবেশ করিঞা। বিকর্ম তাহার খণ্ডে সদয় হইঞা ॥

একাদশে যথা [ভা ১১।৫।৪২] স্বপাদমূলং ভজতঃ

ভক্তি-অঙ্গ অকরণে হয় প্রত্যবায়ী। এই কথা ভক্তিশাস্ত্রে করিলেন স্থায়ী।
কর্মাঙ্গ না করিলে ভক্ত দুষ্ট নয়। ভক্তিফলে ভক্তের সকল সুলভ হয় ॥

যথা [ভা ১।২।৬৩] অননুষ্ঠানতো দোষো ভক্ত্যঙ্গানাং প্রজায়তে।
ন কর্মণামকরণাদেষ ভক্ত্যধিকারিণাম্ ॥

শ্রীগোবিন্দ-পদদ্বন্দ্বং প্রণম্য শিরসা গুরুম্।
বৈষ্ণবান্ ভগবৎপ্রেষ্ঠান্নত্বা চ লিখিতং ময়া ॥

শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য। অভিরাম সুন্দরানন্দ মহান্তগণ আর্য্য ॥
শ্রীপর্ণিগোপাল প্রভু গোপাল-চরণ। কাতর দেখিঞা দিহ চরণে শরণ ॥
কৃষ্ণভক্তিরসকদম্ব-শ্রবণে উল্লাস। কাতরে বর্ণিলা শ্রীনয়নানন্দ দাস ॥

ইতি শ্রীশ্রীকৃষ্ণভক্তিরসকদম্বে তৃতীয়ং প্রকরণম্ ॥৩॥

চতুর্থ প্রকরণ

[illegible]

'অত্র শ্রীভাগবতে পরমো ধর্মো নিরূপ্যতে। ধর্মঃ কিং বিশিষ্টঃ — [illegible]
[illegible] কেবলমীশ্বরারাধনালক্ষণো ধর্মঃ। অধিকারিতোঽপি ধর্মস্য পরমত্ব-
মাহ—নির্মৎসরাণাং, পরোৎকর্ষাসহনং মৎসরস্তদ্রহিতানাং সতাম্।
এবং কর্মকাণ্ডবিষয়েভ্যঃ শ্রেষ্ঠত্বমাহ—বেদ্যমিতি। বাস্তবং পরমার্থ-
[illegible]

ভক্তিরসামৃতসিন্ধু গ্রন্থের বর্ণন। তাহাতে পরিপাটী গোস্বামির বচন॥
সেই সিন্ধুলহরী পরশিতে কণা। সাধুকৃপা অবলেশে হঞাছে বাসনা॥
শতকোটী প্রণতি সহস্র নিবেদন। ভাষা বর্ণনের দোষ না কর গ্রহণ॥
শ্রীরূপের চরণস্মরণ করি মনে। ভাবভক্তি আদি লেখা ত্রিবিধ লক্ষণে॥

যথা—[ভ ১।২।১] সা ভক্তিঃ সাধনং ভাব প্রেমা চেতি ত্রিধোদিতা॥

ভক্তি হয় তাহে সাধন সাধ্যরূপা নাম। ভঙ্গিক্রমে গোঁসাঞি কহেন অভিধান॥
ইন্দ্রিয়-প্রেরণাক্রমে দেহে সাধি যাকে। সাধ্যভাব সাধনভক্তি বলি কহি তাকে॥
সাধনভক্তি কৃতি সাধ্যা কহিলা লক্ষণ। দেহেন্দ্রিয়ে সাধি যারে সে কৃতিসাধন॥
কৃতিসাধ্যা বলি সবে ভক্তিতে কহিল। তখন ভক্তের চিত্তে সন্দেহ উপজিল॥
ইন্দ্রিয়-সাধন জন্য যদি ভক্তি হন। ভক্তিতে করায় দেহে ভাবের উদ্‌গম॥
ভাবসাধ্য প্রেমবস্তু সেহ কৃতি হয়। প্রেম নিত্যসিদ্ধ ইথে সন্দেহ উপজয়॥
তাহাতে সিদ্ধান্ত শুন প্রভুর বচন। 'নিত্যসিদ্ধস্য ভাবস্য' সন্দেহ-ভঞ্জন॥
ভাবসাধ্য নহে, নিত্যসিদ্ধ ভাব হয়। অনুভাবদ্বারে জ্ঞান বিক্রিয়াদি ময়॥
ভাবের লক্ষণ চিহ্ন অশ্রু আদি করি। তাহার আখ্যান হয় শাস্ত্রে 'ভক্তি' বলি॥
সেই ভাব হৃদয়ে প্রকটরূপ হয়। 'সাধনভক্তি' বলি তখন নাম কয়॥

কৃতিসাধ্যা ভবেৎ·······সাধ্যতা [ভ ১।২।২] *

ভক্তি কারে কহি তাহা করহ শ্রবণ। যে প্রকারে কৃষ্ণে মতি হয় নিষেবন॥

[ভা ৩।২৫।৩২] দেবানাং গুণলিঙ্গানাম্······

কৃষ্ণে মতি প্রবেশন অনেক প্রকারে। কাম দ্বেষ ভয়াদি আছয়ে বিচারে।
তবে বৈরানুবন্ধের আবেশ ভক্তি হৈত। আনুকুল্য রহিতে নহিল ভক্তি যত॥
আনুকূল্যে কোন ক্রিয়া কৃষ্ণোদ্দেশে হয়। সামান্যত ভক্তি বলি তাহাকারে কয়॥
ভঙ্গিক্রমে ঋষিগণ এই কথা কন। 'তস্মাৎ কেনাপ্যুপায়েন' ইত্যাদি বচন॥

সা ভক্তিঃ সপ্তমস্কন্ধে······[ভ ১।২।৩] *

[illegible]

[illegible]
কর্মশব্দে স্মৃতি-উক্ত নিত্যক্রিয়া কর্ম। তাহে অনাবৃত হয় উত্তমভক্তি মর্ম॥
কৃষ্ণপরিচর্য্যা কর্ম না কৈব তেজন। কৃষ্ণকর্ম হয়ে জানি ভক্ত্যঙ্গ নিরূপণ॥
[illegible]

সর্বোপাধি-বিনির্মুক্তং····· [ভ ১।১।১২]

অন্যাভিলাষিতাশূন্যং·······[ভ ১।১।১১]

সর্বেন্দ্রিয় যার কৃষ্ণকর্মে নিয়োজিত। অন্য শুভাশুভ কর্মে সঙ্গত-রহিত॥
[illegible]

যথা পঞ্চরাত্রে—সুরর্ষে বিহিতাশাস্ত্রে

পরম ভক্তির সূত্র করহ শ্রবণ। সর্বোপাধি-রহিত হৈঞা কৃষ্ণনিষ্ঠ মন॥
সর্বোপাধিরহিত অন্যাভিলাষ শূন্য। নাহি অভিলাষ মুক্তি-স্বর্গাদিক জন্য॥
বাক্যেন্দ্রিয়ে কৃষ্ণনাম-গুণাদি বর্ণন। শ্রবণেতে করে নাম গুণাদি-শ্রবণ॥
হস্তে পরিচর্য্যা সেবার আয়োজন। মনেতে করয়ে সদা শ্রীমূর্ত্তিভাবন॥
[illegible]

তত্র বৈধা যথা —

[illegible]

[illegible] বিশেষে ॥

[illegible] ॥

যত্র রাগানবাপ্তত্বাৎ·········[ভ ১।২।৬]

রাগহীন ভক্তির শাসন গ্রন্থে কন। পদ্মপুরাণাদি গ্রন্থে মুনির বচন॥
অভয় বাঞ্ছিবে যে আপন কল্যাণ। ইহকাল পরকাল সুখের বিধান॥
বস ভবরোগক্ষয় শ্রীকৃষ্ণসাধনে। অতএব ভজ হরি সদা সাবধানে॥
শ্রবণ কীর্ত্তন কর স্মরণ মনন। গোবিন্দ-ভজনে সর্ব আপদ-খণ্ডন॥

তস্মাদ্‌ভারত !·········[ভ ১।২।৭]

পাদ্মে চ—স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো [ভ ১।২।৮]

ইত্যাদি শুনিঞা শাস্ত্রে বিধিভয়ে ভজে। বৈধীভক্তিলক্ষণ কহিল বিজ্ঞমাঝে॥
সববর্ণাশ্রম প্রতি ঐছে বাক্য কয়। গোবিন্দ-সাধন বিনু নরক নিশ্চয়॥

মুখবাহূরুপাদেভ্যঃ·········[ভ ১।২।১০]

য এষাং পুরুষং·········[ভ ১।২।১১]

বিধিমার্গে বৈদিক তান্ত্রিক পূজারীতে। ভজিলে কৃতার্থ জীব উভয়কালেতে॥
তাহার প্রমান শুন শ্রীসূতের শাসন। গুণক্রমে ভক্তির হয় ছয়টি লক্ষণ॥
সাধন ভক্তির ফল দুই তাতে কয়। ভাবভক্তি দুই আর প্রেমে দুই হয়॥
ক্লেশঘ্নী, শুভদা-এই বৈধীভক্তিফল। মোক্ষ লঘুতাকৃৎ, সুদুর্লভা ভাবভক্তি বল॥
সান্দ্রানন্দ-বিশেষাত্মা শ্রীকৃষ্ণাকর্ষিণী। প্রেমভক্তিফল এই শাস্ত্রে মত শুনি॥

ক্লেশঘ্নী শুভদা·······[ভ ১।১।১৭]

তত্র ক্লেশঘ্নী—ক্লেশাস্ত্র ত্রিবিধাঃ পাপং, তদ্বীজমবিদ্যাচেতি। তত্র পাপং দ্বিবিধম্—অপ্রারব্ধং প্রারব্ধঞ্চ। অপ্রারব্ধমৈহিকং পাপম্।

যথাগ্নিঃ সুসমিদ্ধার্চিঃ·········[ভ ১।১।২০]

প্রারব্ধং পৌর্বকালিকং, পূর্বাপরাধেন চণ্ডালাদিকুলে জন্ম, তদপি [illegible] ভবতি, যথা—

[illegible] [ভ ১।১।২৩]

পাদ্মে—[illegible] ·····[ভ ১।১।২৬]

বীজহরত্বং—[illegible]

কিন্তু চিত্তং ন শুধ্যতি কৃষ্ণাঙ্ঘ্রি সেবয়া বিনা।

যথা— [illegible] ··· [ভ ১।১।২৪]

অবিদ্যা হরত্বং—

অবিদ্যা [illegible] তথা যতয়ঃ জিতেন্দ্রিয়গণা ন ইতি, তথাহি—

যৎপাদপঙ্কজ······[ভ ১।১।২৫]

ইতি ক্লেশঘ্নী

অথ শুভদা—[illegible]

(১) সুখদত্বঞ্চ। তত্রাদ্যা যথা—

যেনাচিতো হরিস্তেন····· [ভ ১।১।২৮]

(২) সদ্‌গুণপ্রদত্বং যথা—

যস্যাস্তি ভক্তি········[ভ ১।১।২৯]

(৩) [illegible] যথা—[illegible] নিত্যপরমানন্দম্। [illegible]

সিদ্ধয়ঃ পরমাশ্চর্য্যাঃ······[ভ ১।১।৩১]

[illegible]

অথ ভাবভক্তি [illegible]—

(১) [illegible] যথা—

[illegible]······[ভ ১।১।৩৬]

(২) [illegible]—

জ্ঞানতঃ সুলভা……[ভ ১।১।৩৬]

রাজন্ ! পতির্গুরুরলং……[ভ ১।১।৩৭]

এইত কহিল মাত্র ভাবভক্তি-ফলে। মোক্ষলঘুতাকৃৎ, সুদুর্লভা দুই বলে ॥

অথ প্রেমভক্তিফল-কথনে—

(১) সান্দ্রানন্দবিশেষাত্মা—

ত্বৎসাক্ষাৎকরণাহ্লাদ……[ভ ১।১।৩৯]

(২) শ্রীকৃষ্ণাকর্ষিণী—

ন সাধয়তি মাং যোগো……[ভ ১।১।৪২]

এইত কহিল ভাই ভক্তির ছয় গুণ। গোঁসাঞির সূত্র তাহে করহ শ্রবণ ॥

সাধন ভক্তিতে দুইগুণ আগে কহে। ক্লেশঘ্নী শুভদা এই দুই গুণ হয়ে ॥

ভাবভক্তিতে চারিগুণ পূর্ব দুই লঞা। নিজগুণ সহ চারি অনুগত হঞা ॥

প্রেমভক্তিতে ষড়্গুণ নিজগুণ সহ। পূর্বপূর্ব অনুগত ষড়্গুণ হয় ॥

অগ্রতো বক্ষ্যমাণায়াঃ…… [ভ ১।১।৪৪]

এবে কহি সেই ভক্তি সাধে কোন জন।

ভক্তিশাস্ত্রে কহে তার অধিকারি-নিয়ম ॥

সংসার ভ্রমিতে কেহ নিজ পুণ্যফলে। কোনরূপে কৃষ্ণভক্ত সাধুসঙ্গ মিলে ॥

সেই সঙ্গ হয় তার সদ্গতি-কারণ। শ্রীকৃষ্ণচরণারবিন্দে রতি আসি হন ॥

যথা— [ভা ১০।৫১।৫৩] ভবাপবর্গো ভ্রমতো

কোন জন অতিভাগ্যে শ্রীকৃষ্ণসাধনে। শ্রদ্ধা জন্মায়ে যার সেবাহেতু মনে ॥

গৃহে থাকিয়া বিষয়ে অতিসক্ত নয়। অতিশয় বৈরাগ্যও তাহে নাহি হয় ॥

সেই হয় অধিকারী ভক্তির সাধনে। একাদশে উদ্ধবেরে কহেন আপনে ॥

যঃ কেনাপ্যতিভাগ্যেন ……[ভ ১।২।১৪]

অথ মধ্যম—

যঃ শাস্ত্রাদিষ্বনিপুণঃ ……[ভ ১।২।১৮]

অথ কনিষ্ঠ—

বিচারাদি ক্রমে অন্তরের ভেদ হন। কোমলশ্রদ্ধ বলি তাহা শাস্ত্রকারে কন ॥

শ্রীকৃষ্ণচরণ-পদ্ম সদা যার ধ্যান। দেবগণ যেবা পদ ধ্যানে নাহি পান ॥

সবজনপ্রিয় সদা বিষয়লোভহীন। দানযুক্ত, ভয়শোক-রহিত প্রবীণ॥
ভক্তিযুক্ত জনের এ দশ লক্ষণ। পুরাণান্তরের শুন কহিয়ে বচন॥

অক্রোধ-বৈরাগ্য-জিতেন্দ্রিয়ত্বং, ক্ষমা দয়া সর্বজনপ্রিয়ত্বম্।
নির্লোভদানং ভয়শোকহীনং, ভক্তস্য চিহ্নং দশ লক্ষণং তৎ॥

তত্র মধ্যম—

ঈশ্বরে করয়ে প্রেম ভক্তি আচরণ। বৈষ্ণবে করয়ে মৈত্র ভাব প্রকাশন॥
অনুগত কিম্বা মূর্খে কৃপা করে অতি। দ্বেষিকে উপেক্ষা করে মধ্যম খেয়াতি॥

যথা— [ভা ১১।২।৪৬] ঈশ্বরে তদধীনেষু

অথ কনিষ্ঠ—

শ্রীকৃষ্ণসেবন করে হইঞা তৎপর। ত্বদীয় বৈষ্ণবাদিক না পূজে অপর॥
প্রাকৃত ভক্তের এই কহিল লক্ষণ। শ্রীলভাগবতমতে ত্রিবিধ বর্ণন॥

[ভা ১১।২।৪৭] অর্চায়ামেব হরয়ে

এইত কহিল তিন ভক্তের লক্ষণ। সগুণ নির্গুণ ভক্তি করহ শ্রবণ॥
সত্ত্ব, রজঃ, তমঃ –এই প্রকৃতিজাত হয়। এই তিনযুক্ত ভক্তি সগুণভক্তি কয়॥
নির্গুণ হরির ভক্তি সকলে উত্তম। গুণাগুণ-ভেদ তাহে করহ শ্রবণ॥
সাত্ত্বিক শ্রদ্ধা সুখজন্য, কর্মজন্য রাজস। অধর্মজন্য যে শ্রদ্ধা সে হয় তামস॥
কৃষ্ণাশ্রয় যেই শ্রদ্ধা গুণাতীত হন। অতএব নির্গুণ বলি তাহাকারে কন॥

একাদশে শ্রীকৃষ্ণঃ —[ভা ১১।২৫।২৯, ২৭] সাত্ত্বিকং সুখমাত্মোত্থং……
সাত্ত্বিক্যাধ্যাত্মিকী… …

[illegible]
[illegible]
[illegible]
[illegible]

নির্গুণ ভগবান্ কৃষ্ণ প্রকৃতির পর। তিঁহো সকলের দ্রষ্টা সর্বপরাৎপর॥

[illegible]
[illegible]
[illegible]
[illegible]

[গীতা ৭।১৬] চতুর্বিধা ভজন্তে মাং

অপি চ— যথেভঃ শৌনকাদিশ্চ ধ্রুবঃ স চ চতুঃসনঃ [ভ ১। ।২১]

[illegible]
[illegible]

এইমত চতুর্বিধ প্রবর্ত্ত কহিল। যারে ভক্তকৃপা হৈল, সে ভক্তি পাইল॥
কৃষ্ণভক্তি হয় বহু তপস্যাদি বলে। কোটি কোটি মধ্যে কেহ বহুভাগ্যফলে॥
স্বধর্মেতে শত শত জন্ম আরাধিঞা। কোন জন মুক্ত হয় জ্ঞানযোগ পাঞা॥
প্রাকৃত শরীরে থাকি মুক্ত-অভিমানী। কিম্বা সিদ্ধগণ যত সালোক্যাদিগামী॥
মুক্তসিদ্ধ কোটি কোটি মধ্যে কোনজন। সুদুর্লভ হরিভক্ত ভক্তিযুক্ত হন॥

যথা— [ভা ৬।১৪।১৫] মুক্তানামপি সিদ্ধানাং………

কৃষ্ণ কহেন—মোর ভক্ত একান্তিক মন। ধীর সাধুজন সব আমা-পরায়ণ॥
যদি আমি কৈবল্যাদি দিতে চাহি মুক্তি। নাহি লয় মুক্তিবর বিনা দাস্যভক্তি॥

একাদশে শ্রীকৃষ্ণঃ [ভা ১১।২০।৩৪] ন কিঞ্চিৎ সাধবো… ..

অপি চ— [illegible]

[illegible]

উচ্চপদ সর্বোৎকৃষ্ট পাইল কৃষ্ণস্থানে। সেই পদ তুচ্ছ করে ভক্তিভাব দিনে॥

[illegible]

তার কাছে ব্রহ্মসুখ তুচ্ছ করি মানি। সেবাসুখ নাহি তাথে তেঞি হেয় জানি॥
অতএব স্বর্গাদি পদ অতিতুচ্ছ হয়। তাহা দিঞা অহে প্রভু ভুলাইনে নিশ্চয়॥

যথা— চতুর্থে (৯।১০) যা নিবৃতিস্তনুভৃতাং………[ভ ১ ২।২৯]

(মুক্তিস্তু পঞ্চবিধা যথা—সালোক্যং, সার্ষ্টি, সামীপ্যং, সারূপ্যং, সাযুজ্যঞ্চ। শ্রীকৃষ্ণেন দীয়মানাপি পঞ্চবিধা মুক্তীঃ সেবাভিরতা ভক্তা ন গৃহ্ণন্তি। চতুর্বিধা তু ভক্ত্যা নাতিবিরুদ্ধা, যথা—

অত্র ত্যাজ্যতয়ৈবোক্তা·········[ভ ১।২।৫৫]

(সা সালোক্যাদিমুক্তির্দ্বিধা ভবতি, সুখৈশ্বর্যোত্তরা, নিজসুখ-তাৎপর্য্যা, তথা প্রেমসেবোত্তরা চেতি দ্বিধা ; প্রেম্ণা প্রেম-স্বাভাব্যেন সেবৈব উত্তরা যস্যাঃ সা প্রেমসেবোত্তরা, সেবাজুষাং ভক্তানামতিবিরুদ্ধা ন, আত্মসুখোত্তরা তু ন সম্মতা ; যথা—

সুখৈশ্বর্য্যোত্তরা সেয়ং·········[ভ ১।২।৫৬]

(কিঞ্চ প্রেমমাধুর্য্যকাঙ্ক্ষিণঃ একান্তিনো ভক্তা পঞ্চবিধামপি মুক্তিং নাঙ্গীকুর্বন্তি—ইতি পরামর্শঃ)

শ্রীকৃষ্ণে একান্ত ভক্তি যার উপজয়ে। ভোগাদি বিলাস তার হয় তুচ্ছ প্রায়ে ॥
শ্রীনন্দনন্দন-মাধুর্য্য যার আস্বাদন। বিচালিতে নারে কেহ তাহাকার মন ॥
ষড়ৈশ্বর্য্য-পরিপূর্ণ লক্ষ্মীকান্ত হয়ে। ব্রজভক্তগণের সেহ সুখ নাহি ভায়ে ॥
গোবিন্দ হরিল যার নিরবধি মন। মন বিচালিতে তার না পারে নারায়ণ ॥
অন্যসুখ তার কাছে অতি তুচ্ছ প্রায়। ত্রিবর্গাদি ফল যত সেহ কোন্ দায় ॥
তিঁহো কৃষ্ণ তিঁহো পরব্যোম নারায়ণ। তথাপি প্রেমরসোৎকর্ষ ব্রজেন্দ্রনন্দন ॥

তত্রাপ্যেকান্তিনাং শ্রেষ্ঠাঃ······[ভ ১।২।৫৮]

সিদ্ধান্ততস্ত্বভেদেঽপি·········[ভ ১।২।৫৯]

ভক্তির সাধনে নরমাত্র অধিকারী। নীচ অনীচ আদি নাহিক বিচারি ॥
দেব অসুর আদি মনুষ্য যক্ষগণ। গন্ধর্বাদি যেবা ভজে সেই ভাগ্যবান্ ॥

সর্বেঽধিকারিণো হ্যত্র········ [ভ ১।২।৬১]

প্রহ্লাদোক্তিঃ — দেবোঽসুরো মনুষ্যো বা যক্ষো গন্ধর্ব এব বা।
[illegible]

কৃষ্ণভক্তি-পথে কেহ প্রবর্ত হইঞা। মুদ্রা তিলক ধরে বিষ্ণুদীক্ষা পাইঞা ॥
[illegible]

[illegible]

[illegible]

অননুষ্ঠানতো দোষো·········[ভ ১।২।৬৩]

স্বকীয় স্বকীয় অধিকারে নিষ্ঠা হৈলে। সেই হয় সদ্গুণ সর্বশাস্ত্রে বলে ॥
স্বস্বধর্ম-বিপর্য্যয়ে হয়ে দোষ জানি। নিশ্চয় কহিলা এই ভক্তিশাস্ত্রে মুনি ॥

স্বে স্বেঽধিকারে·········[ভ ১।২।৬৫]

(বিষ্ণুভক্তানাং কদাচিদ্ দৈবাৎ বিকর্ম ভবেৎ, তথাপি প্রায়শ্চিত্তন্তু নোচিতম্—ইতি বৈষ্ণবশাস্ত্রানাং রহস্যম্।)

স্বপাদমূলং ভজতঃ····· [ভ ১।২।৭১]

এবং—ত্যক্ত্বা স্বধর্মং······[ভ ১।২।৬৬]

এবং—যস্যাস্তি ভক্তিঃ··· [ভা ৫।১৮।১২]

জয় কৃষ্ণ শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ। জয়াদ্বৈতচন্দ্র প্রভু শ্রীসুন্দরানন্দ ॥
শ্রীপর্ণিগোপাল জয় কৃষ্ণভক্তগণ। এ নয়নানন্দে দেহ চরণে শরণ ॥
গোপাল-চরণারবিন্দ করি অভিলাষ। কৃষ্ণভক্তিরসকদম্ব করিলা প্রকাশ ॥

[illegible]

পঞ্চম প্রকরণ

শ্রীদামাদ্যাশ্চ সুহৃদো রাধিকা যস্য বল্লভা
প্রসূর্যশোদা জনকঃ শ্রীনন্দো ব্রজবল্লবঃ।
সঙ্কর্ষণোঽগ্রজো যস্য যস্য বৃন্দাবনং পুরী
মুরলীবাদনং যস্য তস্য বন্দে পদাম্বুজম্॥

জয় শচীতনয় পরম অবতার। বেদ পুরাণ নিগম শ্রুতি স্মৃতিসার॥
আনন্দকন্দ নিত্যানন্দ রায়। কলিভবতারণ কারণ যাহার কৃপায়॥
জয় জয় পার্ষদ সখাগণবৃন্দ। জয় জয় শ্রীঅভিরাম সুন্দরানন্দ॥
আবশ্যক হয় ভক্তের ভক্ত্যঙ্গসাধন। অকরণে প্রত্যবায়ী তেঞি নিত্য ক'ন॥
করিলে অভীষ্টসিদ্ধি, না করিলে ক্ষতি। এই কথা কহিলেন সবর্বণ-প্রতি॥

ইত্যসৌ স্যাদ্বিধিনিত্যঃ……[ভ ১।২।৯]

সাধন ভক্তির অঙ্গ আছে বহুমত। হরিভক্তিবিলাসাদি গ্রন্থে স্বাবাদত॥
শ্রীরূপগোস্বামী তাহা বর্ণিলেন পুন। রসামৃতসিন্ধু গ্রন্থে চতুঃষষ্টি ক্রম॥

যথা অঙ্গানি—

গুরুপাদাশ্রয়স্তস্মাৎ …প্রারম্ভরূপতা [ভ ১।২।৭৪-৭৭]

এইত কহিল অঙ্গ প্রারম্ভরূপ দশে। ব্যতিরেকে কহি শুন পুন দশ শেষে॥

যথা— সঙ্গত্যাগো … স্যাদনুষ্ঠিতিঃ [ভ ১।২।৭৮-৮২]

(একত্র বিংশতি)

ধৃতির্বৈষ্ণবচিহ্নানাং…· শংসনম্ [ভ ১।২।৮৩-৯৩]

অথ তত্র (১) শ্রীগুরুপাদাশ্রয়—

শ্রীগুরুপাদাশ্রয় আগে করিবে যতনে। শাব্দব্রহ্ম পরং ব্রহ্ম নিষ্ণাত শাস্ত্রজ্ঞানে॥

[illegible]

(২) [illegible]—

কৃষ্ণদীক্ষা করি পুন ভজন-লক্ষণ। ভাগবতধর্ম শিক্ষা অবশ্য করণ॥

[illegible]

(৩) বিশ্বাসে গুরুসেবা—

বিশ্বাস করিঞা গুরুর করিবে সেবন। গুরু সর্বদেবময় কৃষ্ণতুল্য হন॥
[illegible]

আচার্য্যং মাং বিজানীয়াৎ……[ভ ১।২।৯৯]

(৪) সাধুবর্ত্মানুবর্ত্তন—

[illegible]
সে পথে চলিলে আর আপদ না হন। অতএব সাধুপথ কর অন্বেষণ॥

স মৃগ্যঃ শ্রেয়সাং হেতুঃ……[ভ ১।২।১০০]

[illegible]

(৫) অথ সদ্ধর্ম পৃচ্ছা—

[illegible]

(৬) কৃষ্ণার্থে ভোগাদিত্যাগ—

[illegible]

[illegible]

নৃত্যতাং শ্রীপতেরগ্রে… [ভ ১।২।১২৮]

(২৫) **দণ্ডবৎনতি** করে শ্রীকৃষ্ণচরণে। দশ অশ্বমেধযাজী নহে তার সমে॥

একোঽপি কৃষ্ণায়……[ভ ১।২।১২৯]

(২৬) **অভ্যুত্থান** কৃষ্ণ দেখি যে করে সম্ভ্রমে। সর্বপাতক তার খণ্ডয়ে সেইক্ষণে॥

(২৭) কৃষ্ণ-পশ্চাদ্‌গমন **অনুব্রজ্যা** নাম। রথ-দোল-যাত্রাকালে পশ্চাতে পয়ান॥

(২৮) **কৃষ্ণস্থানে গতি** হয় ভক্ত্যঙ্গ লক্ষণ। তীর্থক্ষেত্র কৃষ্ণালয় করিতে দর্শন॥

(২৯) চতুর্বার **প্রদক্ষিণ** কৃষ্ণালয়ে করে। সেই আবর্ত্তন, পুন না ভ্রমে সংসারে॥

বিষ্ণুং প্রদক্ষিণীকুর্বন্‌……[ভ ১।২।১৩৫]

(৩০) **অর্চন**—

শুদ্ধিন্যাসাদি-পূর্বাঙ্গং……[ভ ১।২।১৩৭]

ভক্তিকরি' কৃষ্ণার্চন করে যেবা জন। শাশ্বত গোবিন্দপদে সে করে গমন॥

(৩১) **কৃষ্ণপরিচর্য্যা** হয় ভক্ত্যঙ্গ-প্রধান। সেই পরিচর্য্যা হয় অনেক বিধান॥

মন্দির-মার্জন সেবা পাদপীঠ-সমর্পণ। ছত্র পাদুকা পুষ্পমাল্যাদি-রচন॥

কৃষ্ণ-পরিচর্য্যার খণ্ডে বহু জন্মের মল। ত্রিলোক পবিত্র যৈছে করে গঙ্গাজল॥

যৎপাদসেবাভিরুচি……[ভ ১।২।১৪২]

(৩২) অথ **গীত**—

নিরন্তর কৃষ্ণগুণ গান হর্ষমনে। বিশেষে শ্রীকৃষ্ণভক্ত যে সব ব্রাহ্মণে॥

রুদ্রগান অধিক হয় ব্রাহ্মণের গান। অন্তে সেই লোক, সুখে কৃষ্ণলোক পান।

যথা লৈঙ্গে—ব্রাহ্মণো বাসুদেবাখ্যং গায়মানোঽনিশং পরম্।

হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকো ভবেৎ॥

মন্ত্রস্য সুলঘূচ্চারো জপ ইত্যভিধীয়তে। [ভ ১।২।১৪৯]

'কৃষ্ণায় নমঃ'—এই মন্ত্রের রাজা কয়। চতুর্বর্গফল প্রাপ্ত জপমাত্র হয়॥

কৃষ্ণায় নম ইত্যেষ……[ভ ১।২।১৫০]

(৩৫) **বিজ্ঞাপন** হয় কৃষ্ণে তিনরূপ জানি। প্রার্থনাত্মিকা তথা বিজ্ঞাপন-বাণী॥

দৈন্যবোধিকা আর লালসাময়ী কহে। এইরূপে বিজ্ঞাপন তিনরূপ হয়ে॥

তত্র (ক) **সংপ্রার্থনাত্মিকা**—

যুবতীর মন যেন যুবকের প্রতি। যুবার প্রেম হয় যুবতীতে অতি॥

লোকলজ্জা নাহি মানে, ছাড়িলে না ছাড়ে। বিচ্ছেদ হইলে প্রেম অতিশয় বাড়ে॥

যুবতীনাং যথা যূনি [ভ ১।২।১৫৩]

(খ) **দৈন্যবোধিকা**—

আমি ছার তোমার প্রভু কি জানি ভকতি।

সদাশিব আদি দেব যার ভক্ত খ্যাতি॥

মত্তুল্যো নাস্তি পাপাত্মা·· [ভ ১।২।১৫৪]

(গ) **লালসাময়ী**—

কবে আমি সব তেজি গৃহ ধন জন। তোমার বিহারস্থল করিব ভ্রমণ ॥
যমুনার তীরে তীরে নামগুণ গাঞা। তাণ্ডব পূরিব কবে আনন্দিত হৈঞা ॥
রামকৃষ্ণ গোবিন্দ গোপাল বনমালী। নাম গান করিয়া ভ্রমিব কুতূহলী ॥
এইরূপ লালসা করি মনে অভিলাষ। করিব শ্রীঅঙ্গসেবা হৈঞা তব দাস ॥

কদাহং যমুনাতীরে···[ভ ১।২।১৫৬]

(৩৬) **শ্রীকৃষ্ণ-স্তবপাঠ** জিহ্বায় যেবা করে। দেবাদির বন্দ্য সেই ভবসিন্ধু তরে ॥
গৌতমীয় স্তবরাজ করিবে পঠন। নিজকৃত স্তোত্র কিম্বা গীতাদি বচন ॥

প্রোক্তা মনীষিভিঃ···[ভ ১।২।১৫৭]

(৩৭) **শ্রীকৃষ্ণ-মহাপ্রসাদ** যে করে **ভক্ষণ**। অযুত যজ্ঞের ফল তার নয় সম ॥

নৈবেদ্যমন্নং···[ভ ১।২।১৬০]

(৩৮) নাহি করে দান যজ্ঞ অন্য শুভ ক্রিয়া।
পাদোদক পান করে আনন্দিত হৈঞা ॥
বিষ্ণুলোক-বসতি হয় শাশ্বত তাহার। পদ্মপুরাণে শুন তাহার বিচার ॥

ন দানং ন হবির্যেষাং · [ভ ১।২ ১৬১]

(৩৯) কৃষ্ণদত্ত **ধূপশেষ আঘ্রাণ** যে লয়ে।
গন্ধ পুষ্প নির্মাল্যাদি ধারণ করয়ে ॥
সবপাপ নাশ হয় তৎক্ষণে তাহার ॥ হরিভক্তিসুধোদয়ে তাহার বিচার ॥

(৪০) শুচি হৈঞা সপবিত্র সশ্রাদ্ধত মনে।
[illegible]
অশেষ-বিধান পাপ তৎক্ষণে খণ্ডয়ে। সব অভিলাষ পূর্ণ তৎক্ষণে সে হয়ে ॥
[illegible]
[illegible]

[illegible]

(৪২) [illegible]

[illegible]

দোলযাত্রা, রথযাত্রা, রাস মহোৎসব। যে করে দর্শন কৃষ্ণের বিহার বৈভব ॥
চণ্ডালাদি দর্শনমাত্রে মহাপূত হন। ভক্তিভাবে তারা হয় দেবতার সম ॥

(৪৩) **শ্রবণং** যথা—

সেই ত শ্রবণ হয়ে ত্রিবিধ লক্ষণ। নাম-শ্রবণ আর লীলাদি-শ্রবণ
গুণ-শ্রবণ—এই ত্রিবিধ কহেন। তাহাতে সোদাহরণ গোস্বামি বর্ণেন ॥

শ্রবণং নামচরিত-গুণাদীনাং শ্রুতির্ভবেৎ। [ভ ১।২।১৭০]

(ক) **নামশ্রবণ**—

কৃষ্ণনামমহামন্ত্র যে করে শ্রবণ। সর্বপাপ রোগ শোক খণ্ডয়ে তখন ॥
সংসার-সর্পেতে দষ্ট নষ্ট যত জন। কৃষ্ণনাম হয়ে তাহে বিষাপহরণ ॥

সংসারসর্পসংদষ্ট···[ভ ১।২।১৭১]

(খ) **চরিত্র-শ্রবণ**—

শ্রীকৃষ্ণচরিত্রলীলা বাল্যাদি-আচরণ। আনন্দিত মন হৈঞা যে করে শ্রবণ ॥
সাধুমুখে বিগলিত কৃষ্ণলীলামৃত। কর্ণপথে করে পান তাহা পরীক্ষিত ॥
সে অমৃত পানে ক্ষুধাতৃষ্ণা যায় দূরে। ক্ষুধা তৃষ্ণা বিষয় বাধিতে নারে তারে ॥

নৈষাতিদুঃসহা······[ভা ১০।১।১৩]

(গ) অথ **গুণশ্রবণ**—

[illegible]
[illegible]

[illegible]

(৪৪) অথ **তৎকৃপেক্ষণ**—

[illegible]

ঘরে থাকি' কায়মনোবাক্যে করে নতি। দায়ভাগী মুক্তিপদের কৃপাবলে তথি ॥

তত্তেঽনুকম্পাং……[ভ ১।২।১৭৪]

(৪৫) অথ স্মৃতি—

যথা কথঞ্চিন্মনসা সম্বন্ধঃ স্মৃতিরুচ্যতে। [ভ ১।২।১৭৫]

শ্রীকৃষ্ণচরণ যদি মনে স্মৃতি করে। সর্বকল্যাণযুক্ত হয় সেই নরে ॥

স্মৃতে সকল-কল্যাণ……[ভ ১।২।১৭৬]

(৪৬) অথ ধ্যান—

ধ্যানং রূপগুণক্রীড়াসেবাদেঃ সুষ্ঠু চিন্তনম্। [ভ.১।২।১৭৮]

(ক) রূপধ্যান—

অশেষ পাপের পাপী যদি সেহ হয়। শ্রীকৃষ্ণচরণপদ্ম হৃদয়ে ভাবয় ॥

সর্বপাপ নাশ হয় কৃষ্ণপদধ্যানে। এই কথা কহিলেন নৃসিংহপুরাণে ॥

ভগবচ্চরণ……[ভ ১।২।১৭৯]

(খ) গুণধ্যান—

যে করে স্মরণ সদা শ্রীকৃষ্ণের গুণ। বৈকুণ্ঠবসতি হয় সর্বপাপহীন ॥

(গ) ক্রীড়াধ্যান—

কৃষ্ণলীলা-চরিত্র সর্বমাধুর্যের সার। অদভূত সর্বলীলা ব্রজের বিহার ॥

সেই সব চরিত্র চিত্তে করয়ে ধেয়ান। সর্বদুঃখ হইতে পার তারা সবে পান ॥

(ঘ) সেবাধ্যান—

সেবাধ্যান তাহে কহি—করহ শ্রবণ। মানসিক উপচার কৃষ্ণে সমর্পণ ॥

[illegible]

[illegible]

চামর লইঞা বায়ু করে শ্যাম অঙ্গে। কৃষ্ণপার্ষদ দাস অনুগত সঙ্গে ॥

অগুরু কুঙ্কুম গন্ধ কর্পূর মিশাল। শ্রীঅঙ্গে বিলেপন দেয় কণ্ঠমাল ॥

শ্বেতচ্ছত্র বিভূষণ চরণাদি ক্রমে। নানা আভরণ দেয় যে সাজে যেখানে ॥

চরণে নূপুর বঙ্ক করে সমর্পণ। কটিতে কিঙ্কিণী বাস পীতবসন ॥

বক্ষে হার কৌস্তুভমণি কর্ণেত কুণ্ডল। তাড় বলয়া হাতে অঙ্গুরী ঝলমল ॥

অলক তিলক ভালে চন্দনের বিন্দু। ময়ূরশিখণ্ড চূড়া শরৎকালের চন্দ ॥

সেবা করি মানসিক করয়ে দর্শন। নবজলধর-তনু চিক্কণ বরণ ॥

[illegible]

কৃষ্ণে সমর্পণ কৈল আনন্দিত হৈঞা। হস্তে ধরি' স্বর্ণপাত্র উর্দ্ধ করিঞা ॥

উষ্ণ হয় পাছে ভাবি' অঙ্গুল তাহে দিল। মানসে পরমান্ন সেই উষ্ণ লাগিল ॥
উষ্ণান্ন প্রভুকে দিল আক্ষেপ করে। সমাধি হইল ভঙ্গ ভাবিত অন্তরে ॥
বাহিরেহ অঙ্গুষ্ঠ দগ্ধ হৈঞাছে তাহার। মানস-সেবাতে কৃষ্ণ সন্তুষ্ট অপার ॥
সেই বিপ্র স্বদেহে পাইল কৃষ্ণধাম। বাক্য-মন-অগোচর হয় যেই স্থান ॥

মানসেনোপচারেণ…… …[ভ ১।২।১৮২]

(৪৭) অথ দাস্য—

দাস্যভাব হয় তাহে দ্বিবিধ লক্ষণ। কিঙ্কর দাস্য, আর দাস্যে কর্ম্মার্পণ ॥

(ক) কিঙ্করদাস্য—

যার চেষ্টা কায় মন বাক্যেন্দ্রিয় গণে। নিরবধি চেষ্টা হয় কৃষ্ণদাস্য কমে ॥

(খ) কর্ম্মার্পণদাস্য—

স্বাভাবিক কর্ম জপ ধ্যান পূজা-আদি। কৃষ্ণে সমর্পণ হয় সেহ দাস্যবিধি ॥

দাস্যং কর্ম্মার্পণং তস্য কৈঙ্কর্য্যমপি সর্বথা [ভ ১।২।১৮৩]

(৪৮) অথ সখ্য—

(সখ্যং দ্বিবিধং—বিশ্বাস-সখ্যং, মিত্র-সখ্যঞ্চ)

(ক) বিশ্বাস সখ্য—

দ্রৌপদীর সখ্যতা কৃষ্ণে বিশ্বাসরূপে অতি।
কৃষ্ণভক্ত না হয় নষ্ট—এই কথা শ্রুতি ॥

ইতি চিন্তি দ্রৌপদী প্রাণ করিলা ধারণা। দুর্যোধনের সহিলেন অশেষ গঞ্জনা ॥

প্রতিজ্ঞা তব গোবিন্দ………[ভ ১।২।১৮৯]

(খ) মিত্রসখ্য—

পরিচারকরূপে নিকটে করে স্থিতি। কৃষ্ণ মোর বন্ধু হবে হেন যার মতি ॥
[illegible]
[illegible]

[illegible] …[ভ [illegible]]

[illegible]……[ভ [illegible]]

(৪৯) অথ আত্মনিবেদন—

([illegible])

তত্র দেহী যথা—

বাক্য মন দেহাদিতে যে কর্ম করিবে। সব কৃষ্ণ-পাদপদ্মে অর্পণ করিবে ॥

তত্র দেহ-সমর্পণ ···

নিজ দেহ সমর্পণ করয়ে যে জন। তার দেহ রক্ষা করে প্রভু সনাতন ॥
প্রাণ আরো সুখ দুঃখ দারা ধন গৃহ। গুরুপাদাশ্রয়কালে সমর্পিল দেহ ॥
কৃষ্ণের হইল দেহ, ভার লাগে তাঁরে। রক্ষা করেন কৃষ্ণ সবত্র ভক্তেরে ॥
নিজদেহের রক্ষাহেতু ভক্তের চিন্তা নাই। আপনার বলি কৃষ্ণ রাখেন সর্বঠাঁই ॥
তার সাক্ষী প্রহ্লাদ অম্বরীষ বিভীষণ। সর্বত্র করিলা রক্ষা শাস্ত্রে বিবরণ ॥
বিক্রয় করিয়া পশুর তত্ত্ব নাহি লয়। যে লয় কিনিঞা পশু তাহার ভার হয় ॥
তৈছে দেহ কৃষ্ণার্পণ করে যেবা জন। তারে রক্ষা করে কৃষ্ণ বলিঞা আপন ॥

চিন্তাং কুর্য্যান্ন রক্ষায়ৈ ·······[ভ ১।২।১৯৭]

(৫০) অথ নিজপ্রিয়োপহরণ—

আত্মপ্রিয় মিষ্ট যেবা সকল হইতে। সেই দ্রব্য ত্যাগ করে শ্রীকৃষ্ণের প্রীতে ॥
কৃষ্ণার্পণ করি' করে ভক্তগণে দান। কৃষ্ণপ্রীতে সেই দ্রব্য অগণিত পান ॥

যদ্‌যদিষ্টতমং লোকে····· ···[ভ ১।২।১৯৯]

[গী ৯।২৭] যৎকরোষি যদশ্নাসি·········

(৫১) কৃষ্ণার্থে অখিলচেষ্টা—

[illegible]

(৫২) অথ শরণাপত্তি—

[illegible]

[illegible] ·····[ভ ১।২।২০[illegible]]

(৫৩) **তুলসী-সেবা—**

তুলসী দর্শনমাত্রে অশেষ পাপ নাশে। দেহ পবিত্র হয় তুলসীর পরশে॥
তুলসী বন্দনা কৈলে রোগের বিনাশ। সিঞ্চিত তুলসী দেখি যম পায় ত্রাস॥
তুলসীর বৃক্ষ আনি যে করে রোপণ। বিষ্ণুপদ গতি হয় করিলে সেচন॥
তুলসীর পত্রে পূজা করে জনার্দন। তাহার বিমুক্তি হয় না যায় কথন॥

যা দৃষ্টা নিখিলাঘসংঘশমনী………[ভ ১।২।২০৩]

নবধা ভক্তিক্রমে সেবা তুলসীর করিবে। তুলসীর নাম কথা শ্রবণে শুনিবে॥
তুলসী তুলসী নাম করিবে কীর্ত্তন। তুলসীদেবীর মূর্ত্তি করিবে স্মরণ॥
কৃষ্ণসেবা পূজন করিবে শাস্ত্রমতে। প্রদক্ষিণ বন্দনা স্তুতি ভক্তিভাব-রীতে॥

(৫৪) **শাস্ত্র—**

শাস্ত্র-শব্দে ইথি কহি ভক্তিগ্রন্থ প্রতি। বৈষ্ণবশাস্ত্রে সদা করিবে পিরীতি॥

শাস্ত্রমত্র সমাখ্যাতং………[ভ ১।২।২০৬]

বৈষ্ণবশাস্ত্র পড়ে, শুনে, করায় শ্রবণ। কৃষ্ণ প্রসন্ন তাকে সফল জীবন॥

বৈষ্ণবানি তু শাস্ত্রাণি………[ভ ১।২।২০৭]

তত্র সর্বশাস্ত্র-শিরোমণি শ্রীভাগবতগ্রন্থ—

সর্ববেদান্তসারং হি………[ভ ১।২।২১০]

(৫৫) **শ্রীমথুরা—**

ত্রৈলোক্যের তীর্থ রহে মথুরা-মণ্ডলে। পরমানন্দক্ষম হয় মথুরাবাস কৈলে॥

ত্রৈলোক্যবর্ত্তি-তীর্থানাং……[ভ ১।২।২১২]

(৫৬) বৈষ্ণব-সেবা—

সব আরাধনা পর কৃষ্ণ-আরাধন। তাহা হৈতে বড় হয় ভক্তের সেবন॥

যেষাং সংস্মরণাৎ ……[ভ ১।২।২১৮]

(৫৭) **যথাবৈভব-মহোৎসব—**

(৫৮) **উর্জাদর—**

ভক্তবৎসল কৃষ্ণ অভীষ্ট ফল দেন। ভক্তবৎসল তৈছে কার্ত্তিকী ব্রত হন॥

যথা দামোদরো……·[ভ ১।২।২২১]

(৫৯) **অথ জন্মযাত্রা—**

ভাদ্রে কৃষ্ণাষ্টমী তিথি রোহিণী সহিতে। ব্রত বিধি উপবাস করিবে যত্নেতে॥

(৬০) **শ্রীমূর্ত্তিপাদসেবনে প্রীতি—**

কৃষ্ণনাম কৃষ্ণসেবাপরায়ণ জনা। তারে কৃষ্ণ মুক্তি ছাড়ি দেন ভক্তিপ্রেমা॥

মম নাম সদাগ্রাহী…..[ভ ১।২।২২৫]

(৬১) **শ্রীভাগবতাস্বাদ—**

এইত জগতে যত রসিক ভক্তগণ। ভাগবত-রসামৃত সদা কর পান॥
বেদকল্পতরুর ফল শ্রীল ভাগবত। শুকদেব-মুখ হৈতে সে ফল গলিত॥
অমৃত দ্রব-সংযুক্ত রসময় ফল। তাহা পানে হয় জানি কৃষ্ণপ্রেমবল॥
আজন্ম প্রভৃতি পান কর পুনঃ পুনঃ। ত্বগষ্ঠি-রহিত ফল অমৃতদ্রব যেন॥

নিগমকল্পতরোর্গলিতং………[ভ ১।২।২২৬]

(৬২) **অথ সজাতীয়সঙ্গ—**

কৃষ্ণাসক্তচিত্ত যেবা প্রেমী ভক্তগণ। তাঁর সঙ্গে সঙ্গ একলব মাত্র হন॥

(৭৩) অথ **নামসঙ্কীর্ত্তন—**

সর্বত্র অভয় বাঞ্ছা লাগি যার মন। সে করুক সর্বদা হরিনাম-সংকীর্ত্তন ॥

এতন্নির্বিদ্যমানানাম্ ...... [ভ ১৷২৷২৩০]

যেন জন্ম-সহস্রাণি ......[ভ ১৷২৷২৩২]

গীত্বা চ মম নামানি......[ভ ১৷২৷২৩১]

(৭৪) অথ **মথুরামণ্ডলে স্থিতি—**

মথুরামণ্ডলে করে একদিন বসতি। অবশ্য তাহার হয় গোবিন্দে ভকতি ॥

অহো! মধুপুরী ধন্যা......[ভ ১৷২৷২৩৭]

চতুঃষষ্টি ভক্ত্যঙ্গ শাস্ত্র-নিরূপণ। মহিমাধিক্য শ্রদ্ধাধার দেখিয়ে পঞ্চম ॥
তে কারণে পুনরুক্তি আধিক্যে বর্ণনা। শ্রীমূর্ত্তিদর্শন, শ্রীভাগবত-মহিমা ॥
দ্বাদশস্কন্ধ-মধ্যে দশম-প্রস্তুতি। "শঙ্কে নীতাঃ সপদি দশমস্কন্ধপদ্যাঃ" ইতি ॥
কৃষ্ণভক্ত-প্রস্তুতি, নাম-মাহাত্ম্য। মথুরা মণ্ডলে বাস—পঞ্চ পুনরুক্তি ॥

অঙ্গানাং পঞ্চকস্যাস্য......[ভ ১৷২৷৯৩]

চতুঃষষ্টি ভক্তি-অঙ্গ সাধন-প্রকরণে। শ্রীযুতের অনুসারে করিল বর্ণনে ॥
কোন অঙ্গের কোন স্থলে ফলশ্রুতি দেখি। সাধারণ জনের প্রবৃত্তিহেতু লিখি ॥
চতুর্বর্গ ফল শুনি সাধারণ জন। ভক্তিঅঙ্গ-সাধনে প্রবৃত্ত আসি হন ॥
কৃষ্ণকথা লীলাগুণ শ্রবণ স্মরণে। রতি উপজয়ে আসি শ্রীকৃষ্ণসাধনে ॥

ভক্তি প্রবেশে এ দুইর অকিঞ্চিৎকরণ।

অতএব জ্ঞান, বৈরাগ্য অঙ্গ না জানিবে ॥

শ্রীকৃষ্ণমধুরলীলা ভাবনাদিময়। অতএব ভক্তিযোগ শুদ্ধ যার হয় ॥

জ্ঞান-বৈরাগ্যয়োর্ভক্তি......ভক্তিস্তদ্ধেতুরীরিতা [ভ ১৷২৷২৪৮-৪৯]

অতএব দেখ কহেন প্রভু ভগবান্। মোর ভক্ত যোগযুক্ত মন্নিবিষ্ট-প্রাণ ॥
প্রায় তার জ্ঞানবৈরাগ্য দূরে করি। তার শ্রেয়ঃ হয়, সেহ হয়ে অধিকারী ॥

ন জ্ঞানং ন চ বৈরাগ্যং......[ভ ১৷২৷২৫০]

জ্ঞান বৈরাগ্যাদি যেবা সাধনের ফল। চতুর্বর্গফলাদি সে জানিহ সকল ॥
কৃষ্ণভক্তি হৈলে সে আপনি আসি হয়ে। কোন ভক্ত স্বর্গাদি যদি বা বাঞ্ছয়ে ॥
কর্ম তপ জ্ঞান বৈরাগ্যে যেবা হয় ফল। ভক্তিবলে অনায়াসে পায় সে সকল ॥
সকাম ভক্তির বলে সালোক্যাদিগতি। সেবানিষ্ঠরূপে হয় তাহা সবার মুক্তি ॥

যৎকর্মভির্যত্তপসা.........বাঞ্ছতি [ভ ১৷২৷২৫২-৫৩]

রুচিমুদ্বহতস্তস্য ....[ভ ১৷২৷২৫৪]

যুক্ত বৈরাগ্য—

ষষ্ঠ প্রকরণ

কলিন্দতনয়াতীর-নীপমূলাধিদৈবতম্।
ধমন্তং মুরলীনাদমজস্রং তমহং ভজে॥

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য অবতার। জয় রাম নিত্যানন্দ অনন্ত প্রচার॥
জয় জয়াদ্বৈতচন্দ্র গৌরভক্তবৃন্দ। জয় অভিরামসহ শ্রীসুন্দরানন্দ।
চতুঃষষ্টি ভক্ত্যঙ্গ কৈল নিরূপণ। সেবা-নাম-অপরাধ তাহাতে বর্জন॥
সেবা-নাম-অপরাধ শাস্ত্রে যেবা কহে। করিবে সে সব ত্যাগ, কহি শুন আগে॥

তত্র সেবাপরাধ—

অশ্ব, দোলায় চাপিয়া পাদুকা দিয়া পায়। কৃষ্ণতীর্থক্ষেত্র-গৃহে যেবা জন যায়॥
কৃষ্ণোৎসব কৃষ্ণমূর্ত্তি পথেতে দেখিঞা। দম্ভে পথে চলি' যায় নতি না করিঞা॥
অশুচি উচ্ছিষ্টমুখে প্রণাম-করণ। একহস্তে প্রণাম, সর্বধর্ম-বিনাশন॥
অগ্রে প্রদক্ষিণ, অগ্রে পাদপ্রসারণ। সাক্ষাতে পর্য্যঙ্কবন্ধ, অকালে দর্শন॥
শয়ন ভোজন মিথ্যাকথা আলাপন। উচ্চভাষা গ্রাম্য-কথা বিরোধ রোদন॥
মনুষ্যোত' ক্রূরভাষা নিগ্রহ-করণ। শ্রীকৃষ্ণ-সমীপে নহে এসব আচরণ॥
পরনিন্দা পরস্তুতি উগ্রভাষা আদি। পূজাকালে নাহি দিবে আবরণ কম্বলাদি॥
অধোবায়ু-পরিত্যাগ শ্রীবিষ্ণুমন্দিরে। জন্মে জন্মে বিষ্ঠাভোজী হয় সেই নরে॥
সামর্থ্যে গৌণরূপে করয়ে অর্চন। অনিবেদিত দ্রব্য যেবা করয়ে ভক্ষণ॥

রাজগৃহে সিদ্ধান্ন ভক্ষণ যেবা করে। শ্রীমূর্ত্তি করয়ে স্পর্শ গৃহ-অন্ধকারে॥
কণ্টকী নিন্দিতপুষ্প ঝিণ্টি আদি করি। কণ্টকীর মধ্যে সে কেতকী দিতে পারি॥
পরিধেয় বস্ত্রে আনীত পুষ্প যত। ত্রিদলের ন্যূন পুষ্প নহে অভিমত॥
ঊর্ণাতন্তু কেশস্পর্শে ছিন্নভিন্ন দল। বাসী পুষ্প হয় জানি নিন্দিত সকল॥
মৃতদেহ স্পর্শ কিম্বা তদ্বাহক ছুঁঞা। শব দেখি' পুন স্নান যেবা না করিঞা॥

[illegible]

অধৌতবস্ত্র কিংবা পরিয়া দশাহীন। সূচীবিদ্ধ বস্ত্র কিবা গৃহস্থে কৌপীন ॥
চিত্র বস্ত্র বহুবাস না করি' ধারণ। এক বস্ত্রে নহে কভু শ্রীমূর্ত্তিপূজন ॥
[illegible] নাই আবিক-বসনে। ঊর্ণাতন্তু-বস্ত্র হয়ে পবিত্র সবক্ষণে ॥
[illegible]কালে সদা হবে ক্রোধাদি-রহিত। চলাচল চিত্তে সেবা না হয় উচিত ॥
ঘর্মাক্ত শরীরে আর্দ্রবসন পরিঞা। সেবাকর্ম না করিবে শ্মশানে যাইঞা ॥
ভোজনের পর অন্ন জীর্ণ নাহি হইতে। তৈলাভ্যঙ্গে কৃষ্ণসেবা না হয় উচিতে ॥
কুসুম্ভ, ধুস্তুর আদি মাদক ভক্ষিঞা। অধঃপতন হয় শ্রীমূর্ত্তি স্পর্শিঞা ॥
ভাগবত নিন্দা করে, অন্যে করে স্তুতি। সেই অপরাধে হয় তার অধোগতি ॥
শ্রীকৃষ্ণসমীপে করে আহার ভোজন। সম্মুখে থাকিঞা করে তাম্বূল চবণ ॥
আসুরীকালে কৃষ্ণপূজা কিম্বা পীঠাসনে। ভূমিতে বসিঞা কিম্বা করয়ে পূজনে ॥
[illegible] বামহস্তে শ্রীমূর্ত্তিস্পর্শন। অভক্ত জনের অন্ন না কর অর্পণ ॥
যবন, [illegible], খস, পুলিন্দ, কাপালী। পূজাকালে না দেখিবে চণ্ডাল, পুংশ্চলী ॥
কুকুর শূকর খর নীচ-দরশনে। কৃষ্ণপূজা না করিবে অভক্তের সনে ॥
পূজাকালে নিষ্ঠীবন তির্য্যক্‌পুণ্ড্রধারী। নখাম্বুতে বিষ্ণুস্নান অপরাধ ভারি ॥
পাদপ্রক্ষালন বিনা মন্দিরে প্রবেশ। নির্ম্মাল্য-লঙ্ঘন আদি অশেষ বিশেষ ॥
ইত্যাদি প্রকার হয় অপরাধ-লক্ষণ। একেক পাপের দুঃখ বড়ই বিষম ॥
সম্যক্ না লিখি তাহা বাহুল্যের ভয়ে। বরাহ-ধরণী-সংবাদ পুরাণেতে কহে ॥
যথা বারাহে শ্রীবরাহঃ—

যস্তু ক্রোধ-সমাযুক্তঃ মম কর্ম্ম-পরায়ণঃ।
স্পৃশেত্তু মম গাত্রাণি চিত্তং কৃত্বা চলাচলম্ ॥
[illegible]
[illegible]

[illegible]

সর্ব্ব অপরাধ খণ্ডে শ্রীকৃষ্ণসেবনে। সেবাপরাধ হৈলে না দেখিয়ে ত্রাণে ॥
[illegible]
অজ্ঞানেতে যদি এই অপরাধ হয়ে। গীতা ভাগবত পাঠে [illegible]
[illegible]
[illegible]
নিরন্তর কৃষ্ণনাম করয়ে গ্রহণ। সশ্রদ্ধিতচিত্ত হৈঞা কৃষ্ণগত মন ॥
[illegible]

কল্যাণানাং নিধানং……[পদ্যাবলী ১৯]
বেপন্তে দুরিতানি……[পদ্যাবলী ২০]

[illegible]
বৃহদ্‌বিষ্ণুপুরাণে—নাম্নোঽস্য যাবতী শক্তিঃ পাপ-নির্হরণে হরেঃ।
[illegible]

অর্থবাদ হরিনামে যে করে ঘটনা। অর্থান্তর করে ব্যাখ্যা মূঢ় যেই জনা॥
নামবলে পাপে প্রবত্ত যেবা হয়। সেই অপরাধির উদ্ধার কভু নয়॥
সতের নিন্দন করে, বৈষ্ণবে অনাদর। শিবনাম স্বতন্ত্র মানে শ্রীবিষ্ণুগোচর॥
অন্যপুণ্যকর্মসম কৃষ্ণনামে মানে। কৃষ্ণদীক্ষা উপদেশ অশ্রদ্ধিত জনে॥
কৃষ্ণমহিমা শুনি' ফলশ্রুতি মানে। অপরাধী হয় ভাই সেই সব জনে॥
কৃষ্ণনাম-লীলা শুনি' না হয় আবেশ। কৃষ্ণনামে অপ্রীত কিংবা করে কৃষ্ণদ্বেষ॥
ইত্যাদি কহিল নামাপরাধ-লক্ষণ। পুনরপি কহি—শুন বিশেষ বর্ণন॥
কৃষ্ণ-পুণ্যকথা মধ্যে কহে অন্যকথা। সেই লোক শূকরতুল্য জানিহ সর্বথা॥
কৃষ্ণ-সাক্ষাতে অন্যদেবের স্তবন। ইত্যাদি জানিহ অপরাধ-নিরূপণ॥
যথা সনৎকুমারতন্ত্রে—

গুরোরবজ্ঞা শ্রুতিশাস্ত্র-নিন্দনং
তথার্থবাদো হরিনাম্নি কল্পনম্।
নাম্নো বলাদ্যস্য হি পাপবুদ্ধি-
র্ন বিদ্যতে তস্য যমৈর্হি শুদ্ধিঃ॥

সর্বঅপরাধ ক্ষয় হয় কৃষ্ণাশ্রয়ে। কৃষ্ণাপরাধ হৈলে ত্রাণ কভু নহে॥
নামাশ্রিত জনার হয় কৃষ্ণগতি। নামাপরাধির সদা নরক-বসতি॥

নামাশ্রয়ঃ কদাচিৎ ....[ভ ১।২।১২০]

গুরুতে মনুষ্যবুদ্ধি সাধারণ জ্ঞানে। তাহা সম নারকী নাহি ত্রিভুবনে॥
বৈষ্ণবের জাতিবুদ্ধি নরক-কারণ। গঙ্গাজলে জলবুদ্ধি নরক-গমন॥

আদিপুরাণে—

কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥

অথ নাম-মাহাত্ম্য —

সপ্তম প্রকরণ

শ্রীরামকৃষ্ণঃ।

গোবিন্দং গোকুলানন্দং গো-গোপালগণাবৃতম্।
রামেন জলদশ্যামং শ্রীসুদাম-সখং ভজে॥

জয় জয় রামকৃষ্ণ স্বগণসহিতে। শ্রীচৈতন্যনিত্যানন্দ জয় জয়াদ্বৈতে॥
স্বগণসহিতে শ্রীগৌরাঙ্গ বিশ্বম্ভর। গোপাল মহান্ত জয় বৈষ্ণব ঠাকুর॥
শুন শুন বন্ধুগণ করিয়ে বিনয়। **রাগানুগা** সাধনের শুনহ নির্ণয়॥
যাহার সাধনে ব্রজলোকে হয় গতি। ভক্তিরসামৃতসিন্ধু গ্রন্থেতে প্রস্তুতি॥
সাধন-ভক্তি দুইরূপ বৈধীরাগ-ভেদে। বৈধীভক্তির সূত্র কহিলাম আগে॥
এবে কহি রাগাঙ্গ-ভক্তিসাধনের ক্রম। বৈধী আদি করি যত কেহ নহে সম॥
রাগবস্তু থাকে যাথে সেই রাগাত্মিকা। রাগাত্মিকা-নিষ্ঠা ব্রজে গোপগোপিকা॥
দাস দাসী সখা গুরু প্রেয়সীর গণে। বিরাজমান রাগাত্মিকা ব্রজবাসী জনে॥
ব্রজবাসী অনুগত যে করে সাধন। রাগানুগা বলিয়া তাহার নাম হন॥

বিরাজন্তীমভিব্যক্তং……[ভ ১।২।২৭০]

রাগানুগার বিজ্ঞানার্থে করহ শ্রবণ। আগে কহি শুন রাগাত্মিকার লক্ষণ॥
স্বস্বঅনুকূল বিষয়ে স্বাভাবিক আবেশ। পরম আবিষ্ট তৃষ্ণা প্রেমময় শেষ॥
স্নেহক্রমে স্বস্ব-ভাবে প্রেমতৃষ্ণা যেই। রাগবস্তু কহিলাম কৃষ্ণতৃষ্ণা সেই॥
রাগপ্রেরিত ভক্তি সদা আছে যাতে। রাগাত্মিকা শব্দে কহিলাম তাথে॥

ইষ্টে স্বারসিকী রাগ……[ভ ১।২।২৭২]

[অস্য ব্যাখ্যা—ইষ্টে স্বানুকূল্যবিষয়ে স্বারসিকী স্বাভাবিকী পরমাবিষ্টতা তদ্ধেতুঃ প্রেমময়ী তৃষ্ণা সা রাগো ভবেৎ, তদাধিক্য- [illegible]]

সেই রাগাত্মিকা ভেদ পুন দুই হন। কামরূপা, সম্বন্ধরূপা – এই বিবরণ॥
কৃষ্ণাবেশ মতি তাহে দেখি বহু মত। কাম দ্বেষ ভয় স্নেহ আদি হেতু কত॥
কোনরূপে কৃষ্ণে মতি যার সদা রয়। তাহার অবশ্য অন্তে বিষ্ণুগতি হয়॥

[illegible]

[illegible]

কামাদ্ গোপ্যো………[ভ ১।২।২৭৫]

[illegible]

ঈশ্বর বলিয়া ভয় কৃষ্ণে নাহি হয়। প্রীতে করয়ে সেবা তারে রাগ কয়॥
কৃষ্ণেতে ঈশ্বরভাব যাহার সাধনে। সেই বৈধী ভক্তি আপনায় হীনজ্ঞানে॥
আনুকূল্য-স্নেহহীন দ্বেষ ভয় জানি। কংস শিশুপালাদির ভক্তি নাহি মানি॥
যুধিষ্ঠিরাদির স্নেহ-সম্বন্ধ জ্ঞাত হন। নারদাদির ভক্তি ঈশ্বরেতে হন॥
অতএব ইহা সভার বৈধীতে প্রবেশ। কাম, সম্বন্ধ প্রেম রাগাত্মিকাদেশ॥

আনুকূল্য-বিপর্য্যাসাদ্ ………[ভ ১।২ ২৭৮-২৭৭]

কৃষ্ণে মতি-আবেশ হইলে কৃষ্ণে গতি। তাহাতে আবেশভেদ শুনহ যুগতি॥

[illegible]

তাহে বিবরণ পুন শুন গ্রন্থমতে। যে যেরূপে পায় কৃষ্ণ সে সব স্থানেতে॥

সিদ্ধ, ব্রহ্মজ্ঞানী-যোগী আর রিপুগণ। তাহা সভার ব্রহ্মপদ হয়েত গমন ॥

সিদ্ধলোকস্তু··· ···[ভ ১।২।২৮০]

প্রিয়গণ অরিগণ যদি তারে পায়। প্রিয় অপ্রিয় তবে কিবা ভেদ তায় ॥
হরি-হত অরিগণ হয় ব্রহ্মে লয়। প্রিয়গণ অনুকূলে পারিষদ হয় ॥
এই হেতু কৃষ্ণপ্রাপ্তি সভার কহিল। সূর্য্য সূর্য্যকান্তে যেন অবিশেষ মানিল ॥
শ্রীকৃষ্ণ-অঙ্গের কান্তি ব্রহ্ম জ্যোতির্ময়। এই হেতু কৃষ্ণগতি সভাকার কয় ॥

যদরীণাং প্রিয়াণাঞ্চ······ ·[ভ ১।২।২৭৮]

কৃষ্ণ-অঙ্গজ্যোতি হয় ব্রহ্ম-নিরূপণ। ব্রহ্মসংহিতাদি গ্রন্থে তার বিবরণ ॥

যস্য প্রভা প্রভবতো·········[ব্রহ্মসং ৪০]

অপিচ কৃষ্ণোপনিষদি—অহো মূঢ়া ন জানন্তি কৃষ্ণস্য নিত্যবৈভবম্।
যস্য পাদনখ-জ্যোৎস্না পরং ব্রহ্মেতি শব্দিতম্ ॥

বিবিধরূপে ভক্তি করি যোগী মুনিগণ। যে সম্পদ্ পান তাহা পায় অরিগণ ॥
রাগমার্গে সেবি হরি প্রেমরূপ পাঞা। কৃষ্ণসেবা পায় সেই সহচর হৈঞা ॥
গোসাঞির কারিকাসূত্র করহ শ্রবণ। যাহাতে গোপিকা-উক্তি দশমে বর্ণন ॥

রাগবন্ধেন কেনাপি··· ···[ভ ১।২।২৮১]

নিভৃতমরুন্মনো·······[ভ ১।২।২৮২]

[illegible]

সা কামরূপা···········মাধুরীম্ [ভ ১।২।২৮৩-২৮৪]

[illegible]

[illegible]

কামরীতি দেখি তাহে কুব্জাতে বিখ্যাত। শুদ্ধপ্রেম নাহি দেখি তাহাতে সেকত ॥
কৃষ্ণের উত্তরীয় বস্ত্র করে আকর্ষণ। কামপ্রায়া রতি এই দেখিয়ে লক্ষণ ॥

[illegible] মাত্র-দর্শনাৎ, তথাপি রতিস্তদুপাধিতয়াংশেন জ্ঞেয়া।]

অথ **সম্বন্ধরূপা**—

[illegible]

ইহা মধ্যে কৃষ্ণে যার ঈশ-ভাবহীন। প্রেমে কৃষ্ণ যা সভার হয়েত অধীন ॥

[illegible]

যশোদা দেখিল যদি মুখে ত্রিভুবন। তথাপি ঈশ্বরভাব না হয় কখন ॥

[illegible]

রাগাত্মিকা দ্বিবিধ হইতে রাগানুগা দুই। কামানুগা, সম্বন্ধানুগা কহিলেন এই ॥

[illegible]

রাগাত্মিকার ভাবে লুব্ধ হয় যার মন। রাগানুগা-অধিকারী হয় সেই জন ॥

[illegible]
সেইভাবে চিত্ত লুব্ধ অনুগত হন। লোভে অধিকারী হয় রাগানুগা জন॥
শ্রীকৃষ্ণের ব্রজলীলা পরম মাধুরী। গোপগোপী সঙ্গে কৃষ্ণ নরলীলা করি॥
বাল্য পৌগণ্ড কৈশোর লীলাক্রমে। কৃষ্ণের মাধুর্য্যলীলা ভাগবতে শুনে॥

কোন ভাগ্যবান জীবের মনে হয় ক্ষোভ।
গোপগোপিকার ভাবে তার হয় লোভ॥

বিধি অবিধি শাস্ত্র যুক্তি নাহি মানে। ব্রজলোকের ভাব লঞা কৃষ্ণ সেবে প্রেমে॥
কৃষ্ণ-সুখে অবিধিকে বিধি করি মানে। কৃষ্ণসুখ বিনে বিধি সে অবিধি জানে॥
সেই হয় অধিকারী রাগানুগা-সাধনে। ব্রজলীলায় লুব্ধচিত্ত সদা যার প্রেমে॥

রাগাত্মিকৈকনিষ্ঠা যে……লক্ষণম্ [ভ ১।২।২৯১-৯২]

বৈধীভক্তি অধিকার তদবধি রয়। যদবধি নাহি হয় ভাবের উদয়॥
শাস্ত্রযুক্তি তর্কাপেক্ষা বৈধীর সাধনে। রাগানুগার অনুগত কিছু নাহি মানে॥

বৈধভক্ত্যধিকারী তু……[ভ ১।২।২৯৩]

রাগানুগা সাধনের পরিপাটীক্রমে। তাহার সোদাহরণ গোস্বামির বর্ণনে॥
রাগানুগ জনে বাস করিবে ব্রজপুরে। কৃষ্ণকথাদিরত হৈঞা আনন্দ অন্তরে॥
নিজ-সমীহিত কৃষ্ণ-আনুগত্য লঞা। স্বযূথ আশ্রিয়া সেবা ব্রজেতে বসিঞা॥
শরীরেতে বসতি যদি বা নাহি হয়। মানসেহ ব্রজলোক করিবে আশ্রয়॥

কৃষ্ণং স্মরন্ ……[ভ ১।২।২৯৪]

রাগমার্গে কৃষ্ণসেবা দুইরূপে হয়ে। সাধক-দেহেতে এক আর সিদ্ধ-দেহে॥
[illegible]

[illegible]
আর ব্রজলোক কহি ভক্ত অনুগত। সিদ্ধভক্ত পূর্ব পূর্ব যে সব মহাশয়॥
[illegible]
সাধক-দেহেতে করে সেবা-জপ-ত্যাগ। শ্রীমূর্ত্তি পূজা ধর্মে ছাড়ে অনুরাগ॥
[illegible]

[শ্রীজীবগোস্বামিনো ব্যাখ্যা—সাধকরূপেণ যথাবস্থিত-দেহেন। সিদ্ধরূপেণ অন্তশ্চিন্তিতাভীষ্টদেহেন। তস্য ব্রজস্থস্য নিজাভীষ্টস্য [illegible] যে মহান্তঃ শ্রীরূপাদয়স্তেঽপি ব্রজলোকাস্তয়োরনুসারতঃ সেবা কার্য্যা, এবমজ্ঞাত্বা কেচিৎ স্বশিরসি মহাবজ্রনিপাতং মন্যন্তে।]

[illegible]

যথা শ্রীকৃষ্ণযামলে—যত্রৈব ভগবান্ কৃষ্ণস্তত্র বৃন্দাবনং বনম্।
তত্রৈব রাধিকা নিত্যা ভদ্রা দেবী চ তত্র বৈ।
তত্রৈব বলরামস্তু গোপগোপ্যো বরাঙ্গনাঃ॥

শ্রীল ভাগবতামৃতে এ সব বর্ণন। নানা গ্রন্থের মর্ম গোস্বামির লিখন॥
স্বয়ং ভগবান্ কৃষ্ণ নিত্য লীলা করে। মানুষের প্রায় হৈঞা বাল্যাদি আচরে॥
স্বকীয় পার্ষদগণ সঙ্গতি করিঞা। প্রকটে বিহরে নিজরূপ প্রকাশিঞা॥
সেই সেই ব্রজলীলা সখাসখী সনে। অনুগত হৈঞা তাহা করিবে সেবনে॥
শ্রীকৃষ্ণের লীলা হয় দ্বিবিধ প্রকার। প্রকটলীলা এক, অপ্রকটরূপ আর॥
প্রকট লীলাতে দেখি পুন গতাগতি। অপ্রকটে সদা কৃষ্ণ বৃন্দাবনে স্থিতি॥
সিদ্ধভক্ত প্রকট সদা দেখে বৃন্দাবনে। অন্যের অদৃশ্য হৈতে অপ্রকট মানে॥
তিনধাম—মথুরা দ্বারকা বৃন্দাবন। প্রকটাপ্রকটে কৃষ্ণের সদা বিলসন॥
নিত্যলীলা বৃন্দাবনে করেন নন্দসুত। বৃন্দাবন ছাড়ি তাহার নাহি গতাগত॥
মথুরাতে বাসুদেব প্রকটে যৈছে রন। অপ্রকটে মথুরাতে তৈছে বিলসন॥
যেমতে দ্বারকানাথ দ্বারাবতীপুরে। প্রকটাপ্রকটে সদা লীলায় বিহরে॥

তত্রৈকেন প্রকাশেন……সন্তি তাঃ [লঘুভাগবতামৃত ১।৭১৫-১৯]

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

নন্দসুত দ্বিভুজ সদাই বৃন্দাবনে। কভু চতুর্ভুজ তিনি না হন আপনে॥

[illegible]
[illegible]

এই কথা ভবিষ্য কহেন স্পষ্ট করি। ব্রহ্মবৈবর্ত্ত শ্লোক দেখহ বিচারি॥

[illegible]

বাসুদেব চতুর্ভুজ দেবকী-গর্ভজাত। তিঁহো কৃষ্ণাংশ প্রাভববিলাসরূপ খ্যাত॥

[illegible]
[illegible]

বাসুদেব চতুর্ভুজ দশমে লিখন। বসুদেব সেইরূপ করিলা দর্শন॥

[illegible] ……

সেই বাসুদেব সর্ব অবতারে শ্রেষ্ঠ। সেহ কথা ভাগবতে অতিশয় স্পষ্ট॥

[illegible]
[illegible]

অতএব তুমি সর্বাবতার-কারণ। পূর্ণব্রহ্ম ভগবান্ কহে দেবগণ॥

[illegible] ……

[illegible]
[illegible]

সেই পূর্ণতম কৃষ্ণ নন্দগোপ-ঘরে। যামল হইলা জন্ম যশোদা-উদরে॥

[illegible]

আগেত দেবকী রাণী প্রসবে তনয়। চতুর্ভুজ-রূপে হৈল ভূমিতে উদয়॥
কৃপা করি পূর্বকথা কহিলা বাসুদেবে। চতুর্ভুজ দ্বিভুজ হৈলা আপন-প্রভাবে॥

[illegible]
[illegible]

নন্দসুতে সেই শিশু প্রবেশিল যাঞা॥

[illegible]

বসুদেবসুত নন্দ-তনয়ে মিলায়। মেঘে যেন ততক্ষণে বিজুরি লুকায়॥
গোষ্ঠে নন্দ-গৃহে জনমিলা পুরুষোত্তম। বসুদেব-সুত আদিব্যূহ নারায়ণ॥

অষ্টম প্রকরণ

শ্রীচৈতন্য-পদদ্বন্দ্বং ভবতাপ-নিবারণম্ ।
শরণং ভবভীতস্য বন্দেঽহং কলিপাবনম্ ॥

জয় শচীতনয় পরম অবতার । যার কৃপাবলে প্রেমে পূরিল সংসার ॥
জয় জয় অবধৌত শ্রীনিত্যানন্দরায় । যাহার করুণায় লোকে হরিগুণ গায় ॥
জয় জয় অদ্বৈতাদি ভক্তগণবৃন্দ । অভিরাম সুন্দরানন্দ পরম আনন্দ ॥
শ্রীরূপগোস্বামির পদ করিয়া ভাবন । সংক্ষেপে লিখিয়ে গ্রন্থ ভাবভক্তিক্রম ॥

অথ **ভাবভক্তি-কথনং**—

কৃষ্ণের স্বরূপ শক্তি শুদ্ধসত্ত্ব নাম । শুদ্ধসত্ত্বাত্মক হয় ভাব-অভিধান ॥
সামান্য লক্ষিতা ভক্তি তারে ভাব কহি । আত্মচিত্তবৃত্তি বিশেষণ জানি তঁহি ॥
অশ্রু পুলকাদি অল্প সাত্ত্বিক দর্শন । চিত্ত দ্রবরূপ হইলে ভাবভক্তি কন ॥
চিত্তদ্রব হৈলে অশ্রু পুলকাদি হয়ে । সেই বিকার প্রেমের রূপ জানি কহে ॥
প্রেমের প্রথমাবস্থা ভাবভক্তি লেখি । প্রেমসূর্য্যাংশুসাম্যভাক্ তাহাতেই দেখি ॥
সূর্য্যোদয়-পূর্বে বৈছে কিরণ-দর্শন । প্রেমের প্রথম দৃশ্য ভাবাঙ্কুর হন ॥

শুদ্ধসত্ত্ববিশেষাত্মা……[ভ ১।৩।১]

[illegible]

প্রেম্ণস্তু প্রথমাবস্থা…… [ভ ১।৩।২]

[illegible]

[illegible]

(তত্র [illegible]
র্যথা নারদস্য শ্রীকৃষ্ণকথাদিগান-শ্রবণ-স্মরণাদিনা যা রতিঃ)

তত্রান্বহং কৃষ্ণকথাঃ……[ভ ১।৩।৯]

এবং—সতাং প্রসঙ্গান্মম……[ভ ১।৩।১২]

তত্র রাগানুগোত্থভাবো যথা পাদ্মে—

ইত্থং মনোরথং বালা……[ভ ১।৩।১৪]

অথ **শ্রীকৃষ্ণ-তদ্ভক্তপ্রসাদজ**—

সাধন ভজন বিনে আকস্মিক দেহে । যে সব জনার ভাবভক্তি উপজয়ে ॥
কৃষ্ণ কৃষ্ণভক্তপ্রসাদজ জানি সেই । তাহার সাধক শ্লোক কহিলা গোসাঞি ॥

সাধনেন বিনা যস্তু……[ভ ১।৩।১৫]

তত্র **শ্রীকৃষ্ণপ্রসাদজ**—শ্রীকৃষ্ণপ্রসাদেন শুকদেবে যথা—
অথ তদ্ভক্তপ্রসাদজ যথা—**নারদস্য প্রসাদেন**……[ভ ১।৩।২২]

এবং তস্য প্রসাদেন ধন ব্যাধনাম ব্যাধস্য শ্রীকৃষ্ণরতির্যথা—

নীচোঽপ্যুৎপুলকো…… [ভ ১।৩।২৩]

অত্র রতিভাবয়োঃ সমান-পর্য্যায়ঃ ।

[illegible]

[ভ ১।৩।২৫-২৬]

কি হৈল আশ্চর্য্য চিতে, নারি প্রাণ সম্বরিতে, কি করিল সেই শ্যাম মোরে !! ৮

মাধুর্যাদপি মধুরং……[ভ ১।৩।৩৯]

কবে দশা হবে এই, পাব বৃন্দাবনে সেই, বসতি করিব কুঞ্জ বনে।
তাহাতে দ্বাদশ বন, করিব সে ভ্রমণ, বিলসিব যমুনা-পুলিনে ॥
হেন দশা হবে জানি, নয়ন গোচর পুনি, মদনগোপাল গোপীনাথ।
গোবিন্দ-দর্শন মোর, নয়নের গোচর, কবে হবে ভক্তগণসাথ ॥
ব্রজেতে বসতি করি, অঞ্জলি অঞ্জলি পুরি, পিব কবে যমুনার নীর।
হেন দশা মোর হবে, মাধুকরী মাগি কবে, খাইয়া পালিব এ শরীর ॥
বনে বনে ভ্রমিয়া, আনন্দিত মন হৈয়া, বিহার দেখিব স্থানে স্থানে।
ব্রজধূলি লৈয়া গায়, আনন্দিত হৈঞা তায়, কক্ষবাদ্য করি ক্ষণে ক্ষণে ॥
সাধুজন-সমাগমে, যমুনা-পুলিন বনে, উচ্চ গান তাণ্ডব পূরিব।
নন্দীশ্বর গোকুল পুরী, তথা গোবর্দ্ধন গিরি, বসতি করিঞা ভরমিব ॥
বংশীবট-তলে বাস, সদা যার অভিলাষ, ইহা বহি নাহি ভায় আন।
ভাবাঙ্কুর চিহ্ন তাহে, এরূপ দেখিতে যাহে, এ নয়নানন্দ দাস গান ॥ ৯

অগ্রে গাবস্তদনু চলিতাস্তুল্যবেশাঃ কিশোরাঃ।
মধ্যে মত্তদ্বিরদগমনৌ লীলয়া দোলিতাঙ্গৌ ॥
পিচ্ছাপীড়ৌ ধৃতমুরলিকৌ শৃঙ্গবেত্রানুসঙ্গৌ।
গোষ্ঠক্রীড়া-রভসচপলৌ রামকৃষ্ণৌ ভজামি ॥

ব্রজেতে কিশোরমূর্ত্তি নিত্য উপাসনা। সর্বভক্তের অভিলাষ কৈশোর-সাধনা ॥
দাস, সখা, গুরুবর্গ আর প্রিয়াগণে। সভার বাসনা কৈশোর-লীলাস্বাদনে ॥
অতএব ব্রজে না লিখি যৌবন বিচারি। কৈশোর-সাধনে ব্রজভক্তে অধিকারী ॥

প্রায়ঃ কিশোর এবায়ং……[ভ ৩।৩।৮০]

এইত কহিল কৃষ্ণের বয়স উদ্দীপন। তার পর শুন ব্রজে রূপ-নিরূপণ ॥
অথ রূপং—
শ্রীদাম গোপের উক্তি কৃষ্ণে সম্বোধিয়া। শ্রীকৃষ্ণের অঙ্গে অতি সৌন্দর্য্য দেখিঞা ॥
তোমার অঙ্গের দ্যুতি হরে সখার মনে। অলঙ্কার তুচ্ছ হয় অঙ্গের কিরণে ॥

অলঙ্কারমলং……[ভ ৩.৩।৮১]

অথ শৃঙ্গং—
প্রভাতে উঠিয়া রাম শিঙ্গায় দিল শান। সকল বালকগণ নিদ্রাভঙ্গ পান ॥
জাগল সকল সখা রামের নিশানে। একে একে ভেটে সবে নন্দের ভবনে ॥
বেণুর্যথা—
একদিন সখাগণ সঙ্গছাড়া হৈঞা। কৃষ্ণ অন্বেষণ করে বিপিনে ভ্রমিঞা।
সঙ্গ না পাইঞা সভে সচিন্তিত মনে। অকস্মাৎ বেণুরব শুনিলা শ্রবণে ॥

[illegible] ॥ [illegible]
বিবিধ বিনোদ লীলা সুবলাদি-সনে। গোচারণাদি [illegible] ॥
মথুরান্তে উদ্দীপন পাঞ্চজন্য-ধ্বনি। পাণ্ডুসুতের [illegible] ।
তারপর শুন সখ্যে **অনুভাব**-লক্ষণ। নৃত্যাদি [illegible] ॥
সখ্যরসের উপযুক্ত তার সেবা হন। [illegible] ॥
কৃষ্ণসঙ্গে যুদ্ধক্রীড়া তাহাতে তোষণ। কন্দুক্রীড়া, দ্যূতক্রীড়া বিবিধ [illegible] ॥
স্কন্ধাস্কন্ধি ধাওয়াধাই একত্র গমন। লগুড়-পাচনে যুদ্ধ কৃষ্ণ সন্তোষণ ॥
এক দোলারোহণ, এক পালঙ্কে শয়ন। পরিহাস বিহারাদি সঙ্গীত [illegible] ॥
সাধারণ ক্রিয়া এই কহিল সখ্যরসে। বাহুল্যের ভয়ে হৈল সংক্ষেপ প্রকাশে ॥

নির্যুদ্ধকন্দুকদ্যূত……[ভ ৩।৩.৮৬—৮৮]

তারপর শুন ষড়্বিধ সখার আচরণ। সুহৃৎ সখার ক্রিয়া করহ শ্রবণ ॥
বয়োধিক কৃষ্ণে বাৎসল্যমিশ্র হন। দুষ্ট-ভয়ে বনে রক্ষা করিয়া পালন ॥
কর্ত্তব্যাকর্ত্তব্য-শিক্ষা, হিত-উপদেশ। কাননে কৃষ্ণের রক্ষা অশেষ বিশেষ ॥

যুক্তাযুক্তাদি …[ভ ৩.৩।৯০]

অথ কেবল সখাগণক্রিয়া—
কনিষ্ঠকল্প সখাগণ করিয়া সেবন। তাম্বূল অর্পণ, অঙ্গে গন্ধাদিলেপন ॥

তাম্বূলাদ্যর্পণমঙ্গে ..[ভ ৩।৩।৯১]

প্রিয় সখাগণের ক্রিয়া কর অবধান। সমবয়, সমভাব, সকল সমান ॥
নির্জ্জিতিকরণ যুদ্ধে বস্ত্র-আকর্ষণ। কৃষ্ণকে জিনিব যুদ্ধে হেন যার মন ॥
কৃষ্ণের হস্তের পুষ্পাদি লয়ত কাড়িঞা।
খেলাতে জিনিলে কান্ধে চাপে [illegible] হৈয়া ॥
ইত্যাদি কহিলাম প্রিয়সখার ক্রিয়া। নর্মসখার আচরণ শুন মন দিয়া ॥
রাধিকার দৌত্যকর্ম, প্রণয়-কথন। কানাকানি [illegible], নর্ম [illegible] ॥
সকল [illegible] লীলার সহায়। প্রিয় নর্মসখা [illegible] ।

সাধারণ সখার ক্রিয়া কৃষ্ণের সেবন। বনপুষ্প বনধাতুর করয়ে ভূষণ ॥
কেহো বেত্রদণ্ড ধরে, পল্লবে করে বা'। শ্রম হৈলে কৃষ্ণের মর্দয়ে কেহো পা' ॥
কেহো দধিদুগ্ধ আনি সময়ে যোগান। সামান্য সখার ক্রিয়া ইত্যাদি বিধান।

অথ **সাত্ত্বিকাঃ**—

সখ্যে সাত্ত্বিক ভাব কর অবধান। স্তম্ভাদিক অষ্ট সাত্ত্বিক আখ্যান ॥
স্তম্ভ, স্বেদ, হর্ষাশ্রু, রোমাঞ্চ, পুলক। বিবর্ণতা, প্রলয়াদি-অষ্ট সাত্ত্বিক।

অথ সখ্যে **ব্যভিচারিণঃ**—

নির্বেদ বিষাদাদি ব্যভিচারি-গণ। তেত্রিশ প্রকার পূর্বে হৈঞাছে লিখন ॥
ঔগ্র্য, ত্রাস, আলস্য—তাহা মধ্যে তিন। ইহা ছাড়া ব্যভিচারী কহি সমীচীন ॥

ঔগ্র্যং ত্রাসং……[ভ ৩।৩।১০২]

অযোগ আর যোগ-ভেদ তাহে দুই হন।
কৃষ্ণসঙ্গ ছাড়া হৈলে 'অযোগ'বলি কন ॥

অযোগ নাহিক যেবা শুনহ যুগতি। মদ, হর্ষ, গর্ব, নিদ্রা—নাহি দেখি ধৃতি ॥
কৃষ্ণসহ স্থিতি হইলে যোগ বলি কয়। মৃতি, ক্লম, ব্যাধি, স্মৃতি, বিলাপ না হয় ॥

তত্রাযোগে মদং……[ভ ৩।৩।১০৩]

অথ **সখ্যে স্থায়ী**—

দোঁহে দোঁহা সমরূপে দুহুঁ নিষ্ঠ রতি। দোঁহার বিশ্বাস দোঁহে প্রেমরূপে অতি ॥
উভয়ে সম্ভ্রমহীন সম-অভিমানে। স্থায়ী সখ্য রতি বলি হয় অভিধানে ॥
শান্তের নিষ্ঠা আর দাস্যের সেবন। সখ্যের বিশ্বাসসহ হয় তিন গুণ ॥

বিমুক্ত-সংভ্রমা……[ভ ৩।৩।১০৫-৬]

এই সখ্যরতি বৃদ্ধি হৈঞা ক্রমে ক্রমে। ভক্তিশাস্ত্রে কহে তার পঞ্চ অভিধানে ॥
রতি, প্রণয়, প্রেম, স্নেহ, রাগ পর্যন্ত। সখ্যরস-আস্বাদনে কহিল নিতান্ত ॥

এষা সখ্যরতিঃ ….[ভ ৩।৩।১০৬]

এহত কহিল আগে রতির লক্ষণ। প্রণয় কাহাকে বলি করহ শ্রবণ ॥

অথ **প্রণয়ঃ**—

[illegible]

[illegible]……[ভ [illegible]]

[illegible]

প্রণয় হৈঞা বৃদ্ধি প্রেম নাম হন। শঙ্কারহিত যাথে আমূল সেবন ॥
সুখ দুঃখ আপনার কোনরূপে তথি। পরগৃহে বনবাসে পাণ্ডবের স্থিতি ॥
তথাপিহ কৃষ্ণপ্রেম বাড়ই দ্বিগুণ। আমূলক একরূপ প্রেম-আচরণ ॥

হ্রাসশঙ্কাচ্যুতা বদ্ধমূলা প্রেমেয়মুচ্যতে ॥

স্নেহো যথা—

সেই প্রেম নিবিড়াত্মা কৃষ্ণে যবে হন। দ্রবরূপ হৈলে তারে স্নেহ বলি কন ॥
চিত্তের দ্রবীভাব স্নেহ বলি কহে। সেই স্নেহ দ্বিধা—মধু ঘৃতোপম হয়ে ॥

সান্দ্রশ্চিত্তদ্রবং কুর্বন্ প্রেমা স্নেহ ইতীর্য্যতে ॥

[illegible]

অথ **রাগঃ**—

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]……[[illegible]]

[illegible]

[illegible]

[illegible]

কৃষ্ণদর্শনহেতু উৎকণ্ঠা হয় মনে। অদৃষ্টপূর্বদর্শনেচ্ছা ইত্যাদি-বিধানে ॥

অথ বিয়োগঃ—

নন্দসঙ্গের বিচ্ছেদ বিয়োগ বলিয়ে। মথুরাদি প্রবাস কৃষ্ণের যবে হয়ে॥
সেই কালের বিরহোক্তি করহ শ্রবণ। কৃষ্ণ-উদ্দেশে সখা কর‌য়ে রোদন॥
শুনহে পরাণবন্ধু গোপের জীবন! তোমার বিরহ জ্বরে প্রাণ নাহি রন॥
অঘাসুরের জঠরে, আননে বাঁচাইলে। কালিহ্রদ-বিষজলে সখায় রাখিলে॥
দাবানলে সখাগণে দিলে প্রাণদান। বিরহ-আনলে সখার বিকল পরাণ॥
তখন রাখিলে কৃষ্ণ আপন বলিঞা। এখন না রাখ কেনে দরশন দিঞা॥
তখন তোমার ছিল খেলাবার সাথী। কত না করিতে ভাব বাঢ়াঞা পিরীতি॥
মায়ের কোলে খেলাতে নহে যত সুখ। সখাসনে গহন বনে পাইথে কৌতুক॥

এবে কেনে সখাসনে পুন দেখা নাঞি।
কিবা দোষে আমা সভা ছাড়িলি কানাঞি॥

জাগরণ দিনরাত্রি, নাহি আলম্বন। ধৃতি মতি নাহি করে কোন আচরণ॥
জড়রূপ সভে হৈলা বিফলাচরণ। বিরহ-ব্যাধিতে হয় সর্বাঙ্গ-ঘূর্ণন॥
কখন উন্মাদ চিত্তে ইতি উতি ধায়। কৃষ্ণসঙ্গ না পাইঞা ধূলিগড়ি যায়॥
কভু কৃষ্ণ কৃষ্ণ বলি মূর্চ্ছাপন্ন হয়। নাসামুখে শ্বাসমান্দ্য, মৃতপ্রায় রয়॥
অযোগে দশ দশা বিয়োগে উপজয়ে। তাপ-কৃশতা আদি সংক্ষেপে বর্ণিয়ে॥

অত্রাপি পূর্ববৎ……..[ভ ৩.৩।১১৭]

তদ্‌যথা - অঙ্গেষু তাপঃ……[ভ ৩।২।১১৬] ইতি

প্রকট লীলানুসারে বিরহ-লিখন। কিন্তু ব্রজবাসিগণে বিয়োগ না হন॥
সখাসখীসনে কৃষ্ণ সদা বৃন্দাবনে। ব্রজছাড়ি কৃষ্ণ সে না যান অন্যস্থানে॥
প্রকটাপ্রকট লালা করে বিলসন। প্রকটে মথুরা-গতি নরলীলাক্রম॥
অপ্রকট লীলা করে সখাসখীগণে; নিত্য বিহার ব্রজে নিত্যগণসনে॥

প্রোক্তেয়ং বিরহাবস্থা……[ভ ৩।৩।১২৮]

ইত্যাদি বিচার পূর্বে হৈঞাছে বর্ণনে। সাধনভক্তির মধ্যে সপ্তম প্রকরণে॥

অযোগে কহিল এই উৎকণ্ঠা বিয়োগ। নন্দসঙ্গ শ্রীকৃ[illegible]
[illegible]
[illegible]

তত্র সিদ্ধিঃ—

[illegible]
রূপনগরে কুম্ভকারের ভবনে। অর্জুন [illegible]
মিত্রযোগ্য চিত্ররূপ সাক্ষাতে কৃষ্ণ দেখি। [illegible]

পাণ্ডবঃ পুণ্ডরীকাক্ষং……[ভ [illegible]]

অথ যোগে তুষ্টিঃ—

নন্দসঙ্গের বিচ্ছেদপর পুনশ্চ মিলন। যোগে তুষ্টি [illegible]
কুরুজাঙ্গলে তীর্থযাত্রা সভাকার গতি। নন্দ, [illegible]
দ্বারকানিবাসী আর কৃষ্ণ বলরাম। কুরুজাঙ্গলে [illegible]
শ্রীদাম সুদাম কৃষ্ণের পাইঞা মিলন। ভুজ [illegible]

কুরুজাঙ্গলে হরিমবেক্ষ্য……[ভ [illegible]]

যোগে স্থিতিঃ—

বৃন্দাবনে শিশুগণে কিবা সে সৌভাগ্য। কৃষ্ণসঙ্গে [illegible]
যে কৃষ্ণের পাদপদ্ম না পায় যোগিগণ। বহু জন্ম জপ তপ করি [illegible]
সে কৃষ্ণ ব্রজবাসির নয়ন-গোচর। ব্রজবাসী [illegible]
যোগ স্থিতি বলি এই কহিল নন্দন। কৃষ্ণসঙ্গে [illegible]

যৎপাদপল্লব……[ভা ১০।১২।১২]

ভাব-মাধুর্য্য দোঁহে সমরূপ দেখি। এমন্ রস [illegible]

দ্বয়োরপ্যেক……[ভ [illegible]]

এইত কহিল সখারসের বিচার। [illegible]
শ্রীগুরুগোবিন্দ কৃষ্ণভক্তের স্মরণ। [illegible]

শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য। অভিরাম সুন্দরানন্দ পরম সৌন্দর্য্য ।।
শ্রীগণিগোপালপ্রভু গোপালচরণ। স্মরণ হউক মোর জনম জনম ॥
অগ্রজ গোকুলচন্দ্র জগতে প্রকাশ। প্রেয়োভক্তিরস কহে নয়নানন্দ দাস ॥

ইতি শ্রীকৃষ্ণভক্তিরসকদম্বে চতুর্দশং প্রকরণম্ ॥ ১৪ ॥

পঞ্চদশ প্রকরণ

বন্দে নন্দসুতং শ্যামং শিশুবেশধরং হরিম্।
যশোদাঙ্কস্থিতং কৃষ্ণং ক্রীড়ন্তং তং স্তনন্ধয়ম্ ॥

জয় জয় নন্দতনয় গিরিধারী। হলধরসহ জয় বিপিনবিহারী ॥
জয় শচীনন্দন পরম অবতার। যাহার করুণা বলে জীবের নিস্তার ॥
জয় জয় সদয়-হৃদয় নিত্যানন্দ। শ্রীযুত সুন্দর জয় গৌরভক্তবৃন্দ ॥
এবে কহি শুনহ বাৎসল্য ভক্তিরস। অকৈতব যাহে প্রেম পরম সুরস ॥
বিভাবাদি-সংযোগে সেই বৎসলাখ্যরতি। বৎসলরস নাম তাহার খেয়াতি ॥

বিভাবাদ্যৈস্তু বাৎসল্যং........[ভ ৩।৪।১]

তত্র **আলম্বনাঃ**—
কৃষ্ণ আর শ্রীকৃষ্ণের গুরুবর্গগণ। বিষয়-আশ্রয়ভেদে দ্বিবিধ লক্ষণ ॥

কৃষ্ণং তস্য........[ভ ৩।৪।২]

তত্র **কৃষ্ণো** যথা—
জলদ-বরণ অতি কোমল চরণ। হার মালা কণ্ঠহার বিবিধ ভূষণ ॥
যশোদার হৃদয়ানন্দ অখিল-মনোহর। কভু ধটী-পরিধান কভু দিগম্বর ॥
বাৎসল্য রসে শুন কৃষ্ণের যেবা গুণ। শ্যামাঙ্গ আদি করি যাথে সল্লক্ষণ ॥

[illegible]
[illegible]
অথ **গুরবঃ**—

[illegible]
হিতবাক্য, কার্য্যাকার্য্য [illegible]

শ্রীমতী যশোদা রাণী, নন্দগোপরাজ। [illegible]
[illegible]
গুরুবর্গমধ্যে শ্রেষ্ঠ নন্দ যশোমতী। [illegible]

ব্রজেশ্বরী-ব্রজাধীশৌ......[ভ ৩।৪।১১]

শ্রীযশোদায়া রূপং—

ক্ষৌমং বাসঃ পৃথু......[ভা ১০।৯।৩]

যশোদার বাৎসল্য প্রেম লালন পালন। [illegible]
[illegible]

অথ **নন্দস্য রূপম্**—

তিলতণ্ডুলিতৈঃ ... [ভ ৩।৪।১৫]

অথ **বাৎসল্যে উদ্দীপনাঃ**—
কৌমার বয়স আর রূপ বেশ আদি। [illegible]
তত্র কৌমার বয়স করহ শ্রবণ। [illegible]
[illegible]

তত্র **আদ্য-কৌমারম্**—
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

নিজপদাঙ্গুষ্ঠপান ইত্যাদি চেষ্টিত। আদ্য কৌমারে হয় কৃষ্ণের এই ত মত।

মুখপুটক্কত·····[ভ ৩।৪।২২]

ব্যাঘ্রনখ স্বর্ণবদ্ধ কণ্ঠেতে ভূষণ। রক্ষাতিলক-পট্টসূত্রাদি-ধারণ॥
মধ্য কৌমারে হয় ঈষৎ গমন। মৃদু কথা মাতৃউক্তি, চঞ্চল নয়ন॥
কর্ণবেধ, পীতধটি, বিবিধ ভূষণ। নাসাগ্রে লম্বিত মুক্তা, নৃত্যাদি চেষ্টন॥

দৃক্তটীভাগলকতা ·· ·[ভ ৩।৪।২৫]

শেষ কৌমার হয় পঞ্চবর্ষ কালে। মধ্য ক্ষীণ প্রসন্ন বক্ষ কুঞ্চিত কুন্তলে॥
কাকপক্ষ দুই পার্শ্বে বেত্রাদি-ধারণ। পীতধটি কোন বন্য বেশ বিভূষণ॥
শিশুসঙ্গে বৎসরক্ষা ব্রজ-অভ্যন্তরে। শিঙ্গা-বেণু-বাদ্য-চেষ্টা শেষ কৌমারে॥

বৎসরক্ষা······[ভ ৩।৪।৩২]

পৌগণ্ড-বিচার পূর্বে হৈঞাছে বর্ণন। অতএব সংক্ষেপ উক্তি করিয়ে লিখন॥
বৎস-চারণ করি হরি আইলা ঘরে। অঙ্গ মলিন দেখি ভাবিত অন্তরে॥
মুখানি মোছই রাণী গদ্‌গদ অঙ্গ। আর না পাঠাব বনে শিশুগণ সঙ্গ॥
ইত্যাদি বাৎসল্যভাবে যশোদার প্রেম। পৌগণ্ড-বিচার পূর্বে হৈঞাছে বিধান॥

অথ **কৈশোরম্‌**—

অরুণ নয়নযুগ উচ্চ বক্ষঃস্থল। হারমালা ঝলমল কর্ণেতে কুণ্ডল॥
লোমাবলী বক্ষঃস্থলে ক্ষীণ মধ্যদেশ। নিতম্ব-লম্বিত বেণী সুকুঞ্চিত কেশ॥
বিভাবে বৎসল রসে ইত্যাদি উদ্দীপন। এবে কহি ইথি পুন অনুভাব-লক্ষণ॥
অনুভাব বাৎসল্যে হয় স্নেহাদিকরণ। শিরোঘ্রাণ, অঙ্গস্পর্শ, শ্রীঅঙ্গমার্জন॥
আশীর্বাদ হিতশিক্ষা লালন পালন। কার্য্যে নিদেশাদি অনুভাব ইথি হন॥
চুম্ব, আশ্লেষ তথা নামাদিকরণ। হিত বাক্যাদি কহিঞা কার্য্যে নিয়োজন॥
তারপর শুন কহি সাত্ত্বিক-লক্ষণা। স্তন্যস্রাব সহ ইথি নবধা বর্ণনা॥
স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভেদ, বৈবর্ণ্য। অশ্রু, প্রলয়াদি সাত্ত্বিক লক্ষণ॥
স্তন্যস্রাবসহ হয় বাৎসল্যে নবধা। স্তম্ভাদি-লক্ষণ পূর্বে হইয়াছে সমাধা॥

তত্র **স্তন্যস্রাবো** যথা—

[illegible]

অথ **বাৎসল্যে ব্যভিচারিণঃ**—

[illegible]
যোগ, অযোগ-ভেদ ইথি দুই হন। দাস্যরসে [illegible]

[illegible] [ভ ৩।৪।[illegible]]

অথ **বাৎসল্যে স্থায়ী**—

বাৎসল্যে তিন রসের গুণ অনুগত। [illegible]
[illegible] আর দাস্যের সেবন। [illegible]
অসঙ্কোচ সখ্যের গুণ গৌরব-রহিত। [illegible]
[illegible]
[illegible]

সংভ্রমাদিচ্যুতা······রাগবৎ [ভ ৩।৪।[illegible]]

রতির্যথা – নন্দঃ স্বপুত্রমাদায়······[ভা [illegible]]

এবং প্রেমাদয়ঃ—

[illegible]

বিয়োগে যশোদাগণে মথুরা গেলে হরি। চিন্তা আদি করি অষ্ট তাহার ভিতরি॥
চিন্তা, বিষাদ, দৈন্য, নির্বেদ, জাড্যতা। চাপল্য, উন্মাদ, মোহ দশা দেখি তথা॥

চিন্তাবিষাদনির্বেদ……[ভ ৩।৪।৬৪]

অথ তত্র যোগে সিদ্ধিস্তুষ্টিঃ স্থিতিশ্চ—

সিদ্ধির্যথা—বিলোক্য রঙ্গস্থল……[ভ ৩।৪।৭৩]

এবং তুষ্টিস্থিতিশ্চ বোদ্ধব্যা।

সংক্ষেপে কহিল এই বৎসলাখ্য রস। যাহার সাধনে কৃষ্ণ সদা হন বশ॥
দাস্য সখ্য বাৎসল্যরতি দুই নাম হয়। কেবলা, সঙ্কুলা বলি হৈঞাছে নির্ণয়॥
তাহে ইথি সঙ্কুলা রতির দেখি চিহ্ন। সঙ্কর্ষণাদিকের দেখিয়ে ভিন্ন ভিন্ন॥
বলরামের সখ্যপ্রীত বাৎসল্য-মিশ্রিত। যুধিষ্ঠিরের বাৎসল্য দাস্যসখ্যযুত॥
দারুক প্রভৃতির দাস্য বাৎসল্য-মিলনে। বড়াই প্রভৃতি বাৎসল্য সখ্য ক্রমে॥
নকুল সহদেবের দেখি সখ্য দাস্যময়। নারদ প্রভৃতির দাস্য সখ্যমিশ্র হয়॥
রুদ্র চন্দ্র উদ্ধবাদির দাস্য সখ্যগত। অনিরুদ্ধাদির প্রীত ইত্যাদি বিদিত॥
এইত কহিল সূত্র বৎসলভক্তিক্রম। কৃষ্ণ-পরিবার কহি গণোদ্দেশ-ক্রম॥
বৈশ্যজাতি গোপ-বৃত্তি নন্দ অভিধান। গোপালন করিঞা গোপাল হৈল নাম॥
তাহার তনয় রূপে গোলোকের নাথ। অবতার করিলেন পার্ষদগণ-সাথ॥
বসুদেব বলি নন্দের গোপ্য নাম হয়। আনকদুন্দুভি বলি পুন নাম কয়॥
অতএব বাসুদেব নন্দসুতে বলি। যশোদার দুই নাম শুন কুতূহলী॥
দেবকী দেবকীসখী যশোদার আখ্যান। দৈবকীনন্দন কৃষ্ণ ব্রজে তেঞি নাম॥
তেঞি বসুদেবে নন্দে হৈঞাছে বন্ধুতা। যশোদায় দেবকীতে স্বনামে মিত্রতা॥
পর্জন্য নন্দের পিতা পিতৃব্য দুই জন। উর্জন্য রাজন্য—নাম কহি বিবরণ॥
নন্দ গোপের জ্যেষ্ঠ উপনন্দ, অভিনন্দ। কনিষ্ঠকল্প নন্দন তথা শ্রীসনন্দ॥
কৃষ্ণের পিতামহী বরীয়সী নাম। মাতামহ-নাম কহি কর অবধান॥
মাতামহ মহোৎসাহ, পাটলা মাতামহী। সুমুখী সুন্দরী নামা পুত্র তারে কহি॥

সানন্দা নন্দিনী দুই নন্দের ভগিনী। [illegible]
জ্যেষ্ঠাই কৃষ্ণের দুই ভগ্নী, [illegible]
বলরামচন্দ্রের মাতা শ্রীমতী রোহিণী। কৃষ্ণের [illegible]
গোপ-অভিধান, তার পত্নী জটিলা-নামা। [illegible]
মাতুলানী ধূম্রজটা কর্কটী আখ্যান। কুসুমন্বিনা—[illegible]
যশোদেবী যশস্বিনী নামা দুইজন। কৃষ্ণ পিতামহী-তুল্যা [illegible]
পৌর্ণমাসী, ঘর্ঘরা, মুখরা, ভগবতী। মাতামহী-তুল্যা এই [illegible]
বেদগর্ভা, মহাযজ্ঞা, পুরোধা গোকুলে ভাগুরি আদি [illegible]

গণোদ্দেশ মতে কৃষ্ণের কহিল পরিবার।
বাহুল্যের ভয়ে সংক্ষেপে করিল প্রচার।

শ্রীচৈতন্যপদদ্বন্দ্বং প্রণম্য শিরসোপরি।
বৎসল্যাখ্যরতের্ভাবা লিখিতা যত্নতো ময়া॥

শ্রীচৈতন্য-নিত্যানন্দ-অদ্বৈত-চরণে। শ্রীযুত সুন্দরানন্দ গোপাল-[illegible]
শ্রীকৃষ্ণভক্তিরসকদম্ব শ্রবণ-উল্লাস। কহিল বাৎসল্যাখ্য [illegible]

ইতি শ্রীকৃষ্ণভক্তিরসকদম্বে [illegible]-প্রকরণম্ ॥ [illegible] ॥

চেটী বট প্রভৃতি হয় কিঙ্কর-গণন। পীঠমর্দ নর্মাদি হন সহায়-লক্ষণ ॥
[illegible] দেবা দূতিকা-কথন। যথাযোগ্য সেই সেই দূতিকা ইথি হন।

স্বয়ংদূতা তথা বংশী আপ্তদূতী তথৈব চ।

বীরাবৃন্দা চাপ্তদূতী……[উ ২।২০]

বংশী যথা—হ্রিয়মবগৃহ্য……[উ ২।১৯]

[ইত্যাদি নায়কসহায়-প্রকরণম্]

অথ **শ্রীকৃষ্ণবল্লভাঃ**—

স্বকীয়া পরকীয়া চ দ্বিবিধা কৃষ্ণবল্লভা

তত্র **স্বকীয়া**—

পাণিগ্রহণ-বিধিক্রমে বিবাহকরণ। স্বামির আদেশকারী পতিভক্তা হন ॥
পাতিব্রত্যধর্মপরা যেই সব নারী। স্বকীয়া বলিঞা হয় শাস্ত্রে নাম তারি ॥

করগ্রহবিধিং প্রাপ্তাঃ ……[উ ৩।৪]

স্বকীয়া কৃষ্ণের প্রিয়া ষোড়শ হাজার। অষ্টোত্তর শতাধিক, দ্বারকা-বিহার ॥
তাহে অষ্ট মহিষী হন মুখ্যা সর্বাধিকা। প্রধান প্রকৃতি অষ্ট স্বকীয়া নায়িকা ॥
রুক্মিণী, সত্যভামা দেবী, সূর্য্যের নন্দিনী। নগ্নজিতা, মিত্রবৃন্দা, জাম্ববতী রাণী ॥
সুনন্দা আর সুলক্ষণা অষ্ট মহিষী। সর্বগণমধ্যে অষ্ট হয়েন বরীয়সী ॥

তাহাতে প্রধানা দুই রুক্মিণী সত্যভামা।
ঐশ্বর্য্য-সৌভাগ্যে কেহো নহে দুই সমা ॥

তত্রাপি রুক্মিণীসত্যে……[উ ৩।১০]

ব্রজে তু যাসাং কৃষ্ণে পতিবুদ্ধির্গান্ধর্ববিবাহেন বিবাহিতাস্তাঃ স্বকীয়াঃ। কিন্তু তাসাং বিবাহস্যাব্যক্তত্বাৎ পরকীয়া ইব।

অথ **পরকীয়াঃ**—

রাগে কৃষ্ণার্পিত-তনু লোকধর্ম ছাড়ি। কৃষ্ণ ভজে প্রেমে সদা পতিগণ এড়ি ॥

কৃষ্ণসুখ [illegible] ॥

রাগেণৈবার্পিতাত্মানঃ…… [উ ৩।১৮]

তাহে পরকীয়া ব্রজে দুইরূপ হন। [illegible]
পিতৃগৃহে পালিতা কন্যা বিবাহ নাহি হয়। [illegible]

কন্যকাঃ [illegible]……[উ ৩।২০-২১]

অথ **পরোঢ়াঃ**—

অন্য গোপে বিবাহিতা যাহারা সে হয়। [illegible]
অপ্রসূতা ব্রজনারী শ্রীকৃষ্ণবল্লভা। পরোঢ়া নায়িকা সেই [illegible]

গোপৈর্ব্যূঢ়া অপি……[উ ৩।২৭]

তাঃ পরোঢ়াস্ত্রিধাঃ সাধনপরা দেবাস্তথা নিত্যপ্রিয়াশ্চ।

তত্র **সাধনপরাঃ**—দ্বিধাঃ মুনিপূর্বাঃ শ্রুতিপূর্বাশ্চ।

তত্র **মুনয়ঃ**—

দণ্ডকারণ্যবাসী মুনিগণ মহাকৃষ্ণ ভক্ত। গোপাল-মন্ত্র উপাসক [illegible] ॥
সেইকালে রামচন্দ্রের পাইল দরশন। রূপ-মাধুর্য্য দেখি মোহিত হৈল মন ॥
সাধনের ক্রমে তারা গোপীদেহ হৈল। [illegible] ॥

যথা পাদ্মে…পুরা মহর্ষয়ঃ……[ভ ১।২।৩০১]

উপনিষদ্ যথা—

পূর্বে অপ্রকট কালে নিত্য গোপীসনে। রাসলীলা করে কৃষ্ণ নিত্য [illegible] ॥
তাহা দেখি শ্রুতিগণের হৈল উল্লাস। [illegible] ॥
বর মাগে শ্রুতিগণ নতি স্তুতি করি। [illegible] ॥

গোপী হৈঞা যৈছে প্রভু [illegible] রাস।
আমা সভার মনে হয় [illegible] ॥

[illegible] না পাইল। [illegible] ॥

রাগাত্মিকার আনুগত্যে সাধন করিঞা
[illegible] ॥

সাধনপরা এই গোপিকা কহিল। ব্রজে পাঞা আত্মশ্লাঘা তাহারা করিল॥

বয়মপি তে সমাঃ······[ভা ১০।৮৭।২৩]

অথ দেবীগণঃ—

কৃষ্ণের আজ্ঞায় দেবপত্নী অংশক্রমে। দেবগণ-সহায়রূপে জন্মিলা আপনে॥
নিত্যপ্রিয়ার অংশরূপা সেই সব গণ। 'সম্ভবস্তমরস্ত্রিয়ঃ'—ভাগবতে কন॥

দেবেষ্বংশেন······[উ ৩।৫২]

অথ নিত্যপ্রিয়াঃ—

নিত্যপ্রিয়া মুখ্যা দুই রাধা, চন্দ্রাবলী। অনুগত শত শত কৃষ্ণপ্রিয়াবলী॥
সকল-প্রকৃতি-শ্রেষ্ঠা রাধাঠাকুরাণী। তার অনুগতা শত শত যূথ জানি॥

ললিতা, বিশাখা, চন্দ্রাবলী, পদ্মা, শ্যামা।
শৈব্যা, ভদ্রা, তথা তারা যূথেশ্বরী নামা॥

যথা গণোদ্দেশে—আভীরসুভ্রুবাং শ্রেষ্ঠা······[রা-কৃ-গ-প ১৩৫]
চন্দ্রাবলী তথা পদ্মা··· [রা-কৃ-গ-প ১৩৬]
মঙ্গলা বিমলা লীলা······[উ ৩।৫৮]

এতা গোপ্যো যূথেশ্বর্য্যঃ—তাসু পঞ্চবিধা মুখ্যাঃ—
রাধা চন্দ্রাবলী ভদ্রা শ্যামলা পালিকাদয়ঃ [রা-কৃ-গ-প ১৪১]

পঞ্চগণমধ্যে দুই তাহে অগ্রগণি। শ্রীমতী রাধিকা, চন্দ্রাবলী ঠাকুরাণী॥
শ্রীমতী রাধিকা সর্বশক্তির প্রধানা। রূপগুণ মাধুর্য্যেতে শ্রীকৃষ্ণের সমা॥
সর্বগোপী-বরেণ্যা বৃষভানুসুতা। সর্বপ্রকৃতিগণ তাঁর অনুগতা॥
চন্দ্রাবলী হৈতে রাধা কৃষ্ণপ্রিয়া অতি। মহাভাবস্বরূপা রাধিকা গুণবতী॥

তয়োরপ্যুভয়োর্মধ্যে······[উ ৪।৩]

সর্বগোপী হৈতে প্রিয়া শ্রীমতী রাধিকা।
পাদ্মীয় প্রমাণ তায় গোসাঞের কারিকা॥

[illegible]······[illegible]
শ্রীমতী রাধিকার [illegible]॥ [illegible]
অথ বৃন্দাবনেশ্বর্য্যাঃ······[illegible]
[illegible]॥ [illegible]
[illegible]। [illegible]
[illegible]······[উ [illegible]]

সখী, নিত্যসখী আর প্রাণসখী নাম। প্রিয়নর্মসখী পরমপ্রেষ্ঠাভিধান।

তত্র **সখীরূপা** যথা—

বৃন্দা, কুন্দলতা, ধনিষ্ঠা, গুণমালা। লবঙ্গমঞ্জরী সখী আর [illegible]।
রাগমঞ্জরী, শ্রীকুসুমিকা, ধনিষ্ঠিকা। বিন্ধ্যা আদি কহি [illegible]।
নিত্যসখী কস্তুরিকা শ্রীমণিমঞ্জরী। মনোজ্ঞা, [illegible] তথা মদিরা আদি করি।
প্রাণসখী শশিমুখী, বাসন্তী, লাসিকা। কাদম্বরী, প্রিয়ম্বদা, আর চন্দ্ররেখা।
মহোন্মদা, মধুমতী তথা রত্নাবতী। কলভাষিণী, কর্পূরলতিকা, [illegible]।
প্রিয়সখীর গণ কহি কুরঙ্গাক্ষী আদি। শ্রীমণিকুণ্ডলা আর [illegible]॥
চম্পলতা, মদালসা, মঞ্জুমেধা তথা। শশিকলা, সুমধ্যা, কমলা, কামলতা।
মধুরেক্ষণা, গুণচূড়া, বরাঙ্গদা করি। প্রিয়সখীর গণমধ্যে শ্রীপ্রেমমঞ্জরী।
পরমপ্রেষ্ঠা সখী ললিতা বিশাখা। সুচিত্রা চম্পকলতা শ্রেষ্ঠগণে লেখা॥
তুঙ্গবিদ্যা, ইন্দুলেখা, রঙ্গদেবী নাম। সুদেবী প্রভৃতি অষ্ট শ্রেষ্ঠ অভিধান।
সর্বসখীগণমধ্যে ললিতাদি প্রধান। সংক্ষেপে কহিল পঞ্চগণের আখ্যান।
স্বকীয়া, পরোঢ়া দুই আগে যে কহিল। তিন তিন তার ভেদ একেকে গণিল।
মুগ্ধা, মধ্যা, প্রগল্‌ভা—তিন তার নাম। প্রথমতঃ কহি আগে **মুগ্ধার** আখ্যান।
নববয়া, নবকামা, রতিবামা নারী। সখীবশা অতিব্রীড়া, রোষে মৌনধারী।
কান্তাপরাধে অশ্রুমুখী আকুল-লোচন॥ মানে বিমুখী, অক্ষমা [illegible]।
এইত কহিল সূত্র মুগ্ধার লক্ষণ। তারপর কহি শুন মধ্যা-বিবরণ।
নবোঢ়ার প্রায়রীত রস নাহি বুঝে। সখীবশে কর্ম করে, [illegible]।

[illegible] নিকটে [illegible] ভয় থাকে। [illegible] ॥

[illegible] মধ্যা—

[illegible] নবমদন-মোহিতা। প্রগল্‌ভবাক্য কভু, কখন ধৈর্য্যতা ॥
কখন কোমল বাক্য প্রিয়কথা শুনি। কর্কশ বাক্য কভু মানে হৈঞা মানী ॥

মধ্যা স্যাৎ কোমলা……[উ ৫।২৭]

সেই মধ্যা ত্রিধা হয় করহ শ্রবণ। ধীরমধ্যা, অধীরমধ্যা, ধীরাধীরা কন ॥

তত্র **ধীরমধ্যা**—

ধীরমধ্যার ভাব বুঝনে না যায়। অন্তরে করয়ে কোপ বাহ্যে নাহি ভায়।
কৃষ্ণ-পরিচর্য্যা করে মৌনরূপে রন। হর্ষ-বিষাদরূপে নায়কের হন ॥
অঙ্গ পরশিতে হস্ত করয়ে বারণ। বিমুখ হইয়া থাকে ধীরমধ্যাগণ ॥

অথ **অধীরমধ্যা**—

ক্রোধান্বিতা অতিশয় আরক্ত লোচন। অলঙ্কার ত্যাগ করি ভূমিতে শয়ন ॥
কান্ত আসি বহুবিধ যদি স্তুতি করে। তথাপি বিমুখ হৈয়া রোদনাদি করে

অথ **ধীরাধীরমধ্যা**—ধীরাধীরা তু বক্রোক্ত্যা……(উ ৫।৩৯)

নানাবিধ ধীরাধীরা নায়িকা সে হন। কভু স্তুতি, কভু নিন্দা, কভু প্রিয় কন ॥
কভু মানে কান্তকে সে করয়ে ভৎসন। কখন অন্তরে মান করে সম্বরণ ॥
মানে কোমল কভু, কখন কর্কশ। মধ্যা নায়িকার এই কহিলাম রস ॥

অথ **প্রগল্‌ভা**—

[illegible] প্রগল্‌ভা [illegible] লক্ষণা। পূর্ণ যৌবন কাল, স্মরতি-উপমা ॥
প্রগল্‌ভা পূর্ণ-তারুণ্যা মদান্ধরূপা দেখি। রতি-উৎসুকা ভূরিভাবোদ্‌গমা লেখি ॥
রসে প্রিয়াক্রান্তচিত্তা প্রৌঢ় চেষ্টা হয়। মানে কর্কশচিত্ত প্রগল্‌ভা নাম কয় ॥
কান্ত-নিকটে করে নানাবিধ ছল। নব যৌবন দশা, মদন—প্রবল ॥
উচ্চকুচ-সন্দর্শন, বক্ষ প্রসারিত। চতুর্দিক নেহারই, নহে স্থির চিত ॥
মদনক মদনে হয়, পুলকিত অঙ্গ। নির্ভয়ে করয়ে কান্ত সহিত আলিঙ্গ ॥
সরল বচনে প্রিয় নানা কথা কয়। বাঞ্ছা করে প্রিয়ের নিকটে সদা রয় ॥

[illegible] হৈঞা করে [illegible]।
যাহাতে কৃষ্ণের প্রীত তাহাই আচরে। নিজ অঙ্গ বেশ করি [illegible]।
কভু সলজ্জিতা নারী অন্তরে উল্লাস। [illegible]।
কখন প্রচণ্ড ভাবে করে অহঙ্কার। নানারূপা রতি লীলা [illegible]।
অন্যনারী-সম্ভোগচিহ্ন কৃষ্ণ-অঙ্গে দেখে। তিরস্কার করা [illegible]।
ভাবাক্রান্ত হঞা করে আপন-গরিমা। [illegible]।
পুন ভেদ তাথে কহি কর অবধান। ধীরপ্রগল্‌ভা [illegible] ॥
ধীরাধীর-প্রগল্‌ভারূপে তিনভেদ হন। ধীরপ্রগল্‌ভ-মান [illegible]।

উদাস্তে সুরতে……[উ ৫।৫৩]

অন্তরে অভিমান, বাহ্যে প্রগল্‌ভতা। [illegible] ভাবের সমতা ॥
কান্তের আদর করে আসন-প্রদান। আলিঙ্গনে আলিঙ্গন, চুম্বনে চুম্বদান।
অন্তরে ক্রোধ হয়ে বাহ্যে মিথ্যা হাস। তাহাতে নায়কের চিত্ত না [illegible] উল্লাস ॥
জিজ্ঞাসিলে নাহি কয়, তভু ব্যক্ত হয়। নানা বাক্য কহি আত্মমানকে [illegible] ॥

তত্র পদ—

শুন শুন বন্ধু মোর তুমি গুণমণি। কার ঘরে তুমি ছিলে সকল রজনী ॥
আসন হাতাড়ি' তোমা দেখা নাহি পাঞা। বঞ্চিল রজনি সব কান্দিয়া কান্দিয়া।

অথ **অধীরপ্রগল্‌ভা**—

অধীরপ্রগল্‌ভা হয় মুখরা অতিশয়। কান্তকে ভৎসন করি পরুষ বাক্য কয়।
নানারূপে ভর্ৎসন করয়ে তিরস্কার। বিদগ্ধ নায়কের তায় আনন্দ অপার ॥

গোপীর ভর্ৎসনে কৃষ্ণের প্রেম বাড়ে অতি।
তত প্রিয় নহে বেদ পড়ি কৈলে স্তুতি ॥

অধীর হৈঞা যখন করয়ে ভর্ৎসন। আভরণ দূরে করি ভূমিতে শয়ন।
কৃষ্ণের প্রণয়বাক্যে যদি ঘুচে মান। তথাপিহ বাক্যে করে বহু অপমান।

অথ **ধীরাধীরপ্রগল্‌ভা**—

ধীর অধীর গুণে উপেত যেবা রামা। সেই গণ হয় প্রগল্‌ভা ধীরাধীরানামা

পুন পুন শপথি, করত কাহে মাধব! বেকত সব তুয়া অঙ্গে ॥
করনখ চিহ্ন, খিন্ন ভেল চন্দন, গণ্ডে সীমন্তিনী-রঙ্গে ॥
ঘূর্ণিত নয়ন, বদন রস শোষত, জৃম্ভা উঠত শতবার ॥
হে খলচরিত, ত্বরিত জানি শয়ন, যাহি বিলম্ব কাহে আর ॥
আজু সে সমুঝল, তুহুঁ কি পিরীতি রীতি, কহত নয়নানন্দ দাস ॥
ঐছন বচনে, রসিক নারী নাগরে, বল বহুত উপগস ॥

অথ কলহান্তরিতা—

কান্তকে নিরাস করি হয়েত মানিনী। কান্তের বিনয়বাক্য তখন না শুনি ॥
কান্ত গেলে অনুতাপ তাহার উদ্দেশে। কলহান্তরিতা সেই নায়িকা প্রকাশে ॥

যথা—নিরস্তো মন্যুনা কান্তো নমন্নপি যয়া পুরঃ।
সানুতাপযুতা দীনা কলহান্তরিতা ভবেৎ ॥

সখীসঙ্গে অনুতাপ, পূর্বোক্তি-কথন। প্রলাপ, সন্তাপ, গ্লানি ইত্যাদি লক্ষণ ॥

পদং— এ সখি! কি মোরে হইল বিধি বাম।
মানে মানিনী হৈঞা হারাইনু শ্যাম ॥

কত জানি মিনতি করিল পিয়া মোর। সজল নয়ন হৈঞা ব্যাকুলে ভোর ॥
না শুনিল বিনয় বচন অভিমানে। কান্দি কান্দি পিয়া গেল সজলনয়নে।
না কহিল প্রিয় কথা না পেখিলু হেরি। নিরাশ হইঞা গেলা রসের মুরারি ॥
সখী কহে—শুন ধনি বিনোদিনী রাই। সহজেই খলচিত কঠিন মাধাই ॥
কাহে করল ধনি! বচন নিরাস। সো এবে সোঙরত এ নয়ন দাস ॥

অথ প্রোষিতভর্তৃকা—দূরদেশং গতে……[উ ৫।৮৯]

প্রোষিতভর্তৃকা হয় ত্রিবিধ লক্ষণ। ভাবী, ভবন, ভূত—এ তিন নিরূপণ ॥

তত্র ভাবী বিরহঃ—

কৃষ্ণ দূরদেশে যাবেন শুনি গোপীগণ। সহচরীসঙ্গে সভে সচিন্তিত হন ॥
অক্রূরের আগমন শুনি ব্রজবালা। নানা হেতু করে চিন্তা সকল অবলা ॥

[illegible]
[illegible]

অথ প্রবাসঃ—

[illegible]

তত্র ভবন্ বিরহঃ—

অক্রূরের সনে হরি সাজিলা মথুরা। গোকুলে আ[illegible]
ব্রজের রমণীগণ ঊর্দ্ধমুখে ধায়। হা হা কৃষ্ণ [illegible]
খসিল মাথার কেশ বসন ভূষণ। কৃষ্ণে না [illegible]
মৃগ পশু তরুলতা পক্ষিসারিগণ। সকলে [illegible]
ভবন্ বিরহ দুঃখ না যায় বর্ণন। শিলা [illegible]

অথ ভূতমাথুর-বিরহঃ—

মাথুর বিরহ হয় অনেক প্রকার। [illegible]
চিন্তা আদি অনুভাব বহুবিধ দোষ। [illegible]
চিন্তা, উদ্বেগ তথা জাগরণ, জড়িমা। [illegible]
মোহ, মৃত্যু—দশা দশ মাথুর-বিরহে। [illegible]

অথ স্বাধীনভর্তৃকা—যস্যাঃ প্রেম গুণাকৃষ্টঃ প্রিয়ঃ [illegible]
বিচিত্রবিভ্রমাসক্তা সা স্যাৎ স্বাধীনভর্তৃকা ॥

কান্তার প্রেমগুণে কান্ত বশ হন। [illegible]
নায়িকার আদেশে কর্ম নায়ক আচরে। [illegible]

অত্র পদং—রাধে! তোমারি পিরিতি [illegible]

[illegible]

সুচম্পে চিত্র, তিলক হরি রচই, কবরী বান্ধই নানা ফুলে ॥
বেণী বনায়ত, রচয়তি মালা, স্তবক পরায়ে শ্রুতিমূলে ॥
কহ ধনী বিনোদিনী, শুন বর কান, চূড়া বান্ধিঞা দেহ মোর ॥
এ দাস নয়ন করে, পুন পুন নিবেদন, অধীন নাগর ভেল ভোর ॥
এইরূপ নায়িকাভেদ অষ্ট পরকার। ইহাতে বাহুল্যে হয় অনেক বিচার ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ সুন্দর গোপাল। এ-দাস নয়নানন্দে হইবে দয়াল ॥

ইতি ভক্তিরসকদম্বে ষোড়শ-প্রকরণম্ ॥ ১৬ ॥

সপ্তদশ প্রকরণ

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গুণনিধি ! যাঁহার স্মরণে হয় মনোবাঞ্ছা সিদ্ধি ॥

অথ **শ্রীমত্যাঃ স্বগণ-কথনম্**—

বৃকভানুপুরে বাস বৃকভানু-সুতা। রত্নগর্ভা কীর্ত্তিদা শ্রীমতীর মাতা ॥
আভীর গোপজাতি অগ্রজ শ্রীদাম। অনঙ্গমঞ্জরী দেবী কনিষ্ঠা আখ্যান ॥
অভিমন্যু গোপ হন রাধিকার পতি। কৃষ্ণপ্রিয়া শ্রীরাধিকার কৃষ্ণ উপপতি ॥
শাশুড়ী জটিলা-নামা রায়ান বিখ্যাতা। ননন্দা কুটিলা নামা, দেবর দুর্ম্মদা ॥
সংক্ষেপে কহিল এই শ্রীমতীর গণ। তারপর কহিয়ে মধুরে **উদ্দীপন** ॥
যাহার স্মরণ স্মৃতি আর দরশনে। রাধাকৃষ্ণ-স্ফূর্ত্তি হয় সেই উদ্দীপনে ॥
শ্রীকৃষ্ণ শ্রীকৃষ্ণপ্রিয়া প্রিয়গণ যত। তাঁহা সভার নামগুণ বিহার চরিত্র ॥
বেশ ভূষা মণ্ডনাদি মধুরে উদ্দীপন। তাহে রাধাকৃষ্ণের গুণ করহ শ্রবণ ॥
গুণ হয় ত্রিবিধ, সংক্ষেপে তাহা লিখি। কায়িক, বাচিক, মানস গুণত্রয় দেখি ॥

গুণাস্ত্রিধা·········[উ ১০।৩]

কায়িকে বয়োবিচার চতুর্বিধা হয়। বয়ঃসন্ধি, নব্যবয়ঃ, ব্যক্ত, পূর্ণ কয় ॥

বয়ঃসন্ধিস্তথা ·····[উ ১০ ৮]

বাল্য-যৌবন-সন্ধি বয়ঃসন্ধি কহি। কৃষ্ণ কৃষ্ণপ্রিয়াগণের সন্ধি [illegible]।

অথ **নব্যং**—

অল্প লোমাবলি বক্ষে নবীন যৌবন। কেশ বেশ অঙ্গশোভা নব্য বলি কন।

অথ **ব্যক্তং**—

ত্রিবলি-দর্শন পার্শ্বে সুপ্রশস্ত বক্ষ। মধ্য, ক্ষীণ, বাহু, উরু [illegible]।
অঙ্গসৌন্দর্য্য অতিব্যক্ত যৌবন। তারপর কহি শুন পূর্ণ-লক্ষণ।

অথ **পূর্ণং**—

লোমাবলি বক্ষঃস্থলে বাহু সুবলন। নিতম্ব বিপুল, তনু মধ্যক্ষীণ হন ॥
কম্বুগ্রীবা সুপ্রসন্ন বক্ষস্থল তুঙ্গ। পূর্ণ যৌবনে হয় সুশোভিত অঙ্গ ॥

অথ **তয়ো রূপং**—

স্বর্ণরূপ্য অলঙ্কার বেশ বিভূষণ। কৃষ্ণ কৃষ্ণপ্রিয়াগণের 'রূপ' বলি কন।
দোঁহে লাবণ্য সৌন্দর্য্য মাধুর্য্য অনুপম।
অঙ্গ সুকোমলতা আদি রূপ নিরূপণ ॥
তন্নামশ্রবণ আর চরিত্র-শ্রবণ। সেইত চরিত্র পুন দ্বিবিধ লক্ষণ ॥
অনুভাব চরিত্র আর লীলা চরিত্র। তাহে কহি সংক্ষেপে লীলাকথাসূত্র ॥
তাণ্ডব নর্ত্তন ক্রীড়া বেণু-বিনোদন। গোদোহন, জলক্রীড়া, শৈলাদি-ধারণ।

অথ **মণ্ডনং**—

বস্ত্র, ভূষা, অলঙ্কার, চন্দন, লেপন। অঙ্গের বিচিত্র বেশে কহিয়ে মণ্ডন ॥

চতুর্ধা মণ্ডনং······[উ ১০।৫৪]

তৎসম্বন্ধীয় গান নৃত্য শিঙ্গা বেণুরব। অঙ্গসৌরভ আদি যেবা অনুভব।
নূপুরের ধ্বনি, পথে পদাঙ্কদর্শন। মীনচিহ্ন ধ্বজবজ্র অঙ্কুশ লক্ষণ।
পুন উদ্দীপন কহি সন্নিহিতক্রমে। [illegible]
বনধাতু, বনমালা, যমুনা গোবর্দ্ধন। রাসস্থলী, কুঞ্জবাটী, [illegible]
তটস্থ। চন্দ্রিকা, মেঘ, বিদ্যুৎ, পূর্ণচন্দ্র। নবীন [illegible]

বিভাবে কহিল এই উদ্দীপন-সূত্র। তৎপরে মধুরে কহি অনুভাব-সূত্র ॥

অথ **অনুভাবাঃ**—

অনুভাব-লক্ষণ পূর্বে হৈঞাছে বর্ণন। মধুরে অনুভাব-সূত্র করহ শ্রবণ ॥
সেই অনুভাব হয়ে ত্রিবিধ প্রকার। অলঙ্কার, উদ্ভাস্বর, বাচিক রূপ আর ॥

তত্র **অলঙ্কারা** যথা –[অলঙ্কারাস্তু বিংশতিঃ। তত্র ভাব হাব হেলা ইতি ত্রয়ঃ অঙ্গজাঃ। শোভা-কান্তি-দীপ্তি-মাধুর্য্য-প্রগলভা-ঔদার্য্য-ধৈর্য্যাণি ইতি সপ্ত আত্মজাঃ। লীলা-বিলাস-বিচ্ছিত্তি-বিভ্রম-কিলকিঞ্চিত-মোট্টায়িত-কুট্টমিত বিব্বোক ললিত-বিকৃতানি চ দশ স্বভাবজাঃ]

তত্র ভাবঃ—নির্বিকারাত্মকে চিত্তে দেহে প্রথমবিক্রিয়া-দর্শনং **ভাবঃ**। গ্রীবারেচকসংযুক্তো ভ্রূনেত্রাদিবিকারকৃতভাবাদীষৎপ্রকাশঃ স **হাবঃ**। তত্র হাবো যদা ব্যক্ত-শৃঙ্গারসূচকস্তদা হেলা—ইতি অঙ্গজাঃ।

অথ অযত্নজাঃ –তত্র শোভা রূপভোগাদ্যৈর্যৎস্যাদঙ্গবিভূষণম্ (উ ১১।১৩) ইত্যাদি

অথ স্বভাবজাঃ—

তত্র লীলা—রম্যবেশাদিক্রিয়াভিঃ কৃষ্ণানুকরণং **লীলা**। যথা—

একদিন সুন্দরী রাধা কৃষ্ণবেশ ধরে। অঙ্গে মৃগমদ দেয় পীতধড়া পরে ॥
মাথায় শিখণ্ডচূড়া পরে বিনোদিনী। রাধা রাধা বলিঞা করয়ে বেণুধ্বনি ॥
ইত্যাদি লীলানুভাব গ্রন্থে বিবরণ। স্বভাবজ বিচ্ছিত্ত্যাদি দশ নিরূপণ ॥
অলঙ্কার বিংশতি এই সংক্ষেপ কথন। উদ্ভাস্বর ছয় পুন করহ শ্রবণ ॥

অথ **উদ্ভাস্বরাঃ** –[নীবিস্রংসনম্, উত্তরীয়স্রংসনম্, ধম্মিল্ল-স্রংসনং, গাত্রমোটনং জৃম্ভা, ঘ্রাণফুল্লত্বং, নিঃশ্বাসাদ্যাশ্চ তে মতাঃ]

অথ বাচিকাঃ— আলাপশ্চ······মনীষিভিঃ [উ ১১।৭৮-৭৯]

চাটুপ্রিয়োক্তিরালাপঃ (১), বিলাপো দুঃখজং বচঃ (২)।
উক্তিপ্রত্যুক্তিমদ্বাক্যং সংলাপ (৩) ইহ কথ্যতে ॥
ব্যর্থালাপঃ প্রলাপঃ (৪) স্যাৎ অনুলাপো (৫) মুহুর্বচঃ।
অপলাপস্তু (৬) পূর্বোক্তস্যান্যথা যোজনং ভবেৎ ॥

[illegible]
[illegible]
[illegible]
যত্তু শিক্ষার্থবচনং উপদেশঃ (১০) স উচ্যতে ॥
নির্দেশস্তু (১১) ভবেৎ সোহয়মহমিত্যাদি-ভাষণম্।
ব্যাজেনাভিলাষোক্তির্ব্যপদেশ (১২) ইতীর্য্যতে ॥ [উ১১। ৮০-১০৩]

ইতি অনুভাবে বাচিকাঃ।

অথ মধুরে **সাত্ত্বিকাঃ**—

[illegible]
হর্ষ, ভয়, অমর্ষ, বিষাদামর্ষ হইতে। সত্ত্বভাবে স্তম্ভ হয় দেহে আচম্বিতে ॥
স্তম্ভের লক্ষণ হয় বাক্যাদি-রহিত। নিশ্চলাঙ্গ আদি করি তাহাতে বিদিত ॥

অথ **স্বেদঃ**—

[illegible]

অথ **রোমাঞ্চঃ**—

[illegible]

অথ **স্বরভেদঃ**—

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

অথ মধুরে স্থায়ী—

শ্রীকৃষ্ণ শ্রীকৃষ্ণপ্রিয়ার পরস্পরা রতি। সম্ভোগের আদি কারণ মধুর খেয়াতি ॥

মিথো হরের্মৃগাক্ষ্যাশ্চ······[ভ ২।৫।৩৬]

শান্তাদি রসের গুণ মধুরে অনুগত। পঞ্চগুণে মধুর রস আস্বাদ্য অমৃত ॥
শান্তের নিষ্ঠা আর দাস্যের সেবন। সখ্যের হয় অসঙ্কোচ প্রেম-আচরণ ॥
বাৎসল্যের মমতাধিক লালন সেবন। কান্তভাবে নিজদেহ কৃষ্ণে সমর্পণ ॥
সেই ত মধুর রতি ধরে তিন নাম। সাধারণী, সমঞ্জসা, সমর্থা-আখ্যান ॥
কুব্জাদিতে সাধারণী রতি-দরশন। মহিষীগণে সমঞ্জসা কহিলা লক্ষণ ॥
সমর্থা রতি দেখি ব্রজদেবীগণে। রতিভেদ কহিলাম—এই তিন স্থানে ॥
সাধারণী রতি হয় স্ফটিকমণি-সম। সেই ত দুর্লভ নয়, অল্প যত্নে হন ॥
কুব্জাদিতে দেখি নিজ-সুখের তাৎপর্য্য। সাধারণী সেই রতি প্রেমসুখবর্য্য ॥
চিন্তামণিসমা দেখি সমঞ্জসা রতি। অতএব লেখিলেন মহিষীগণ প্রতি ॥
উভয়ানন্দ সুখ – রতি সমঞ্জসা কয়। তারপর কহি শুন সুদুর্লভ হয় ॥
কৌস্তুভমণিতুল্যা সমর্থা রতি হয়। কৃষ্ণ-সুখ তাৎপর্য্য সে, [illegible] নয় ॥
ব্রজদেবীগণে সমর্থা নামে রতি। সংক্ষেপে কহিল এই ত্রিবিধ প্রকৃতি ॥

সাধারণী নিগদিতা······[উ ১৪।৪৩]

সেই রতি পাত্রভেদে বাড়ি ক্রমে ক্রমে। উত্তরোত্তর স্বাদু হয় প্রেমআস্বাদনে।
রতি, প্রেম, স্নেহ, মান, প্রণয়াদি করি। রাগ আর অনুরাগ, ভাব অধিকারী।

স্যাদ্দৃঢ়েয়ং রতিঃ······[উ ১৪।৫৯]

ইহাতে উপমা দেন রসের বিচারে। বীজ, ইক্ষু, রস, গুড়, খণ্ড তার পরে ॥
শর্করা তৎপরে সিতা, সিতোৎপলা পুন। উত্তরোত্তর স্বাদুবৃদ্ধি রসশাস্ত্রে কন ॥
অথ প্রেমা—সর্বথা ধ্বংস-রাহিত্যং······[উ ১৪।৬৩]
অথ স্নেহঃ—আরুহ্য পরমাং কাষ্ঠাং······[উ ১৪।৭৯]
[চতুর্থ দ্রবাভাবঃ স্নেহঃ, স স্নেহঃ। [illegible]—ঘৃতবৎ, মধুবৎ [illegible]

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
অথ প্রণয়ঃ – মানানন্তরং প্রিয়বাক্যভাবনাময়-বিশ্রম্ভস্ত প্রণয়ঃ।
অথ রাগঃ—দুঃখমপ্যধিকং চিত্তে······[উ ১৪।১২৬]
[illegible]
[illegible]
শ্রীমত্যাদৌ মঞ্জিষ্ঠারাগঃ ; অন্যাপেক্ষাশূন্যত্বাৎ।
অথ অনুরাগঃ—সদানুভূতমপি যঃ······ [উ ১৪।১৪৬]
অথ রাগঃ—অনুরাগঃ স্বসংবেদ্য······[উ ১৪।১৫৪]
[illegible]

সুবল উজ্জ্বল নর্মবয়স্তে প্রধান। ভাবপর্য্যন্ত বৃদ্ধি রসের সন্ধান ॥

[illegible]

গোচারণাদিকালে বিপিনে গমন। নিকট প্রবাস সেই অদর্শনে কন ॥

অথ **দূরপ্রবাসঃ** —

ভাবী, ভবন্, ভূত—ত্রিবিধ প্রকার। মথুরা-গমন কৃষ্ণের দূর প্রচার ॥

তত্র **ভাবী**—

কংসপ্রেরিত অক্রূর আইলা গোকুলে। কৃষ্ণ মধুপুরে যাব কহিলা সকলে ॥

এই ধ্বনি হইল নগরে প্রতিঘরে। তাহা শুনি সচিন্তিত গোপিকা অন্তরে ॥

পদং যথা রাগঃ—

কি শুনি আচম্বিতে, অক্রূর আস্তাছে নিতে, হরি নাকি যাব মধুপুরে।

এইত দারুণ কথা, শুনিতে অন্তরে ব্যথা, গোপীগণ প্রতি ঘরে ঘরে ॥

নন্দঘোষ যশোমতী, তারা দিল অনুমতি, প্রাণনাথ যাইবে মথুরা।

প্রাণনাথ পরিহরি, কেমনে পরাণ ধরি, নিশ্চয়ে সে মরিব আমরা ॥

হরিবিনা জীবন, কি ছার ধন জন, যৌবন সম্পদ আমার।

যাহা বিনে এক ত্রুটি, মানি কত যুগ কোটি, কেমনে বিচ্ছেদ সৈব আর ॥

করহ উপায় তায়, অক্রূর ফিরিঞা যায়, প্রাণনাথ রাখি লুকাইঞা।

কিবা আর লাজ ভয়, প্রাণ যদি নাহি রয়, হরি লৈঞা যাব পলাইঞা ॥

কেহো বলে নিশা তুমি, প্রভাত না হইয় জানি, প্রভাতে হইব পরমাদ।

কহয়ে নয়নানন্দ, কিবা জানি কর্ম মন্দ, কে আনিল বিষম সম্বাদ ॥

অথ **ভবন্** –

প্রভাতে ঘোষণা হইল গোকুল নগরে। রামকৃষ্ণ যাব আজি মথুরা-নগরে ॥

যাত্রামঙ্গল পড়ে নান্দীশ্লোক যত। পূর্ণঘট রম্ভাস্তম্ভ মাঙ্গল্য দধি ঘৃত ॥

তাহা শুনি গোপীগণ বিষণ্ণ অন্তর। সর্বাঙ্গ অবশ হৈল কাঁপে থরহর ॥

অধোমুখে নখে করে ভূমিতে লিখন। কি হৈল কি হৈল পুন কি হবে এখন ॥

বহুকালের আশা মোর কে করে ছেদনে। ইত্যাদি বিবিধ কথা আছয়ে ভবনে ॥

ভূত বিরহ কৃষ্ণের মধুপুরী গেলে। চিন্তাদি সঞ্চারিভাব বিরহেতে বলে ॥

চিন্তা, জাগরণ তথা উদ্বেগ, তনুতা। মলিনাঙ্গ, প্রলাপ, ব্যাধি, উন্মাদ, মোহতা ॥

মৃত্যু—এই দশ দশা কহিল বিরহে। শ্রীযুক্তের বর্ণনা উজ্জ্বলগ্রন্থে কহে ॥

চিন্তাত্র জাগরোদ্বেগৌ……[উ ১৫।১৬৭]

প্রকট লীলা-অনুসারে বিরহ-লিখন। নতুবা বিরহ গোপীর নাহিক কথন ॥

এই কথা পূর্বে জানি হৈঞাছে সমাধা। কৃষ্ণছাড়া একক্ষণ কভু নহে রাধা ॥

হরেলীলাবিশেষস্য……[উ ১৫।১৮৫—৬]

অথ **সম্ভোগঃ**—

দোঁহার সংযোগভাব দর্শনালিঙ্গন। নিরবধি উল্লাস-চিত্ত সম্ভোগ বলি কন ॥

দর্শনালিঙ্গনাদীনাং ·…[উ ১৫।১৮৮]

সেই সম্ভোগ হয় দ্বিবিধ প্রকার। মুখ্য সম্ভোগ তথা গৌণরূপ আর ॥

মুখ্য হয় জাগ্রত অবস্থার কালে। চতুর্বিধ সেই মুখ্য সংক্ষিপ্তাদি বলে ॥

সংক্ষিপ্ত, সংকীর্ণ, সম্পন্ন, সমৃদ্ধিমান্। পূর্বরাগ, মান, প্রবাস-হইতে বিধান ॥

তত্র **সংক্ষিপ্তঃ**—

দোঁহে সঙ্কোচিত যায় সাধ্বস-লজ্জাবৃত। উপচারে করে সেবা সংক্ষিপ্ত বিখ্যাত ॥

অত্র নায়ক ধৃষ্ট, নায়িকা খণ্ডিতা। রৌদ্র রস, ক্রোধ ভাব—ইহাতে বিদিতা ॥

নবোঢ়া মানিনী দান ঢাম্মালিরূপ গোষ্ঠ। নৌকাকেলি আদি হয় সংক্ষিপ্ততে স্পষ্ট ॥

নায়িকা যথা—চুম্বে পটাবৃতমুখী··· [উ ১৫।১৯৩]

অথ **সঙ্কীর্ণঃ**—

ধীরশান্ত নায়ক, নায়িকা বাসকসজ্জা। ভাব ভয়ানক, বিস্ময় রস ইত্যাজ্ঞা ॥

ইথে মানভঙ্গ, স্বয়ংদূতী, হিন্দোলা। ভাবোল্লাস শব্দ বাচিকাদি কহিলা ॥

উভয়াত্মিক শব্দ বাচিক, বয়ঃসন্ধি তথা। সঙ্কীর্ণ সম্ভোগে এই কহিল সর্বথা ॥

অথ **সম্পন্নঃ**—

প্রবাসের পর কৃষ্ণসহিত মিলন। সম্পন্ন সম্ভোগ নাম তাহাকারে কন ॥

[তত্র প্রবাসাৎ সঙ্গতিঃ দ্বিপ্রকারা—তত্র আগতিঃ, প্রাদুর্ভাবশ্চ। লৌকিক-ব্যবহারাদাগমনমাগতিঃ, অকস্মাদাবির্ভবনং প্রাদুর্ভাবঃ।]

অত্র নায়ক দক্ষিণ, নায়িকাভিসারিকা। হাস্য রস, হাস্য ভাব, প্রসন্ন নায়িকা ॥
রসোদ্‌গার, রূপোল্লাস, উত্তর গোষ্ঠ আর। ফাগুয়া, সঙ্কেত-মিলন, বেশাভিসার ॥

অথ সমৃদ্ধিমান্—

সমৃদ্ধিমানে ত ধীরললিত নায়ক। অনুকূল তাহে কান্ত সন্তোষকারক ॥
স্বাধীনভর্তৃকা হয় নায়িকা তাহাতে। শৃঙ্গাররস-পূর্ণ শান্ত ভাব তাথে ॥
তত্র গান, পাশাক্রীড়া, নর্ত্তন, রসালস। রসোল্লাস, পত্রাঙ্কুর-লিখন, প্রিয়াবশ ॥
জলকেলি আদি ক্রিয়া সমৃদ্ধি দেখি। গৌণ সম্ভোগ শুন সংক্ষেপেত লিখি ॥

অথ গৌণসম্ভোগঃ—

স্বপ্নে নিদ্রাগত হৈলে কৃষ্ণসঙ্গে রতি। গৌণসম্ভোগ সেই চতুর্বিধ তথি ॥
সংক্ষিপ্তাদি চতুর্বিধ গৌণরূপে হন। উজ্জ্বল গ্রন্থে তাহার বিশেষ বর্ণন ॥
সংক্ষেপে কহিল পঞ্চরসের বর্ণন। যাদৃক্ মতি মোর করিল নিবেদন ॥

অথ গৌণরসাঃ সপ্ত—

হাসো বিস্ময় উৎসাহ……[ভ ২।৫।৪০]

অনিয়তাধার সপ্ত আগন্তুক হয়। অতএব গৌণরতি বলি এই সপ্তে কয় ॥
পঞ্চরসের ভক্ত ইহার আলম্বন। কোন ভক্তে দুই চারি কথন দর্শন ॥

ভক্তানাং পঞ্চধোক্তানাং… [ভ ৪।১।৫]

এই সপ্ত গৌণরস সংক্ষেপে কথন। পঞ্চ স্থায়ী সহ দ্বাদশ রস হন ॥
পঞ্চরসের মৈত্রী বৈরী তটস্থ-লক্ষণ। সংক্ষেপে তাহা কহি—করহ শ্রবণ ॥
শান্ত দাস্য পরস্পর উভয়মিত্র হন। সখ্য বাৎসল্য দুই তটস্থ লক্ষণ ॥
বাৎসল্যের বৈরী উজ্জ্বলরস কয়। সখ্যে উজ্জ্বলে মৈত্র নিরবধি হয় ॥
উজ্জ্বলের বৈরী শান্ত, বাৎসল্য রস দেখি। শান্ত বাৎসল্য রস সখ্যে তটস্থ লেখি ॥
এই ত সংক্ষেপে দ্বাদশ রস নিরূপণ। অখিল রসের তনু শ্রীনন্দনন্দন ॥
নন্দসুত ভজ সদা ব্রজানুগ হৈঞা। নিজাভীষ্ট প্রেষ্ঠজনের অনুগতি লঞা ॥
রাগাত্মিকার আনুগত্যে সেব নন্দসুত। অন্য মমতা ছাড়ি করিঞা প্রেমরীত ॥
দাস, সখা, গুরুবর্গ আর প্রিয়াগণ। ব্রজ-সাধনের এই আশ্রয়রূপ হন ॥

যাঁর যেবা অনুগত, তাঁর ভাব লঞা। ভজ নন্দসুত সদা ব্রজাশ্রিত হৈঞা ॥
ব্রজের কোন ভাবে যেবা ভজে হরি। নিষ্ঠা হৈলে হয় ইষ্টপ্রাপ্তি তারি ॥
দাস্যভক্ত দাসগণের আনুগত্য লঞা। নিরবধি সেবা কর ব্রজেতে বসিঞা ॥
সখ্যভক্ত ব্রজসখার হৈঞা অনুগত। ভজ কৃষ্ণ নিরবধি প্রেম-অভিমত ॥
বাৎসল্য রসের ভক্ত গুরুগণ-সনে। অনুগত হৈঞা ভজ সদা বৃন্দাবনে ॥
মধুরাশ্রিত ভক্তগণ গোপীর ভাব লঞা। ভজ রাধাকৃষ্ণ সদা অনুগত হৈঞা ॥
অন্যত্র শান্তাদি পঞ্চ রসের ভক্তগণ। তত্র স্থলে তদনুসারে করিবে সাধন ॥
নিজ নিজ ভাবে নিষ্ঠা হৈঞা ভজে হরি। ভাবনিষ্ঠা হৈলে গোবিন্দ-প্রাপ্তি তারি ॥
সকলের উপাস্য কৃষ্ণ, আশ্রয়ভেদ তার। বিনাশ্রয়ে কৃষ্ণপ্রাপ্তি ব্রজে নাহি পায় ॥
ব্রজের ভাব লৈঞা যেবা জন ভজে। তত্তদযোগ্য দেহ হৈঞা কৃষ্ণ পায় ব্রজে ॥
সর্বোত্তম-জ্ঞানে নিজ ভাবকে জানিবে। নিষ্ঠা হৈলে কৃষ্ণ ব্রজলোকে পাবে ॥
অতএব নারদ মুনিকে কৃষ্ণ কয়। নারদীয়তন্ত্রে তাহার প্রমাণ নিশ্চয় ॥

ব্রজানুসারেণ চ মাং ভাবেন যেন কেন চ।
ভজিত্বা মদ্‌গতিং প্রাপ্য ক্রীড়েয়ুস্তে ময়া সহ ॥

পঞ্চরসতত্ত্ব সংক্ষেপে বর্ণন হৈল। গৌণসপ্তসহ রস দ্বাদশ কহিল ॥
রসামৃতসিন্ধু গ্রন্থের অনুসার লৈঞা। তথা উজ্জ্বলগ্রন্থের আভাস পাঞা ॥
কিছু ভাষা বর্ণিলাম মনের সাহসে। না লইবে সাধুজনা তায় লিপি-দোষে ॥
রসের বিগ্রহ কৃষ্ণ, রসময় তনু। রসতত্ত্ব কেবা জানে অনুগ্রহ বিনু ॥
বিস্তার করিঞা গ্রন্থ গোস্বামী বর্ণিলা। ভক্তিরসামৃতসিন্ধু নামে প্রচারিলা ॥
ভক্তিরস-অমৃতসাগর নিরমিল। যাহার দর্শনে জীব কৃতার্থ হইল ॥
সেইত সিন্ধুর বিন্দু বায়ুপথে পাঞা। আস্বাদন করিলাম পবিত্র লাগিয়া ॥
আত্মা আত্মীয়গণ শোধনের লাগি। অন্য কিছু নাহি বাঞ্ছা, প্রতিষ্ঠা না মাগি ॥
শ্রীচৈতন্যনিত্যানন্দ গোপাল মহান্ত। শ্রীগুরুগোবিন্দ চিত্তে ভাবিঞা নিতান্ত ॥
কৃষ্ণভক্তিরসকদম্ব শ্রবণ-উল্লাস। কাতরে বর্ণিলা এ নয়নানন্দ দাস ॥

ইতি শ্রীকৃষ্ণভক্তিরসকদম্বে সপ্তদশঃ প্রকরণম্ ॥ ১৭ ॥

উপসংহার

এইত কহিল মাত্র দিগ্ দরশন। আশ্রিত বৈষ্ণবগণের সন্তোষ-কারণ ॥
মূক মুখ দেখে চাহে বেদ বাখানিতে। পঙ্গুর উৎসাহ যেন সুমেরু লঙ্ঘিতে ॥
পিপীলিকা শোষিতে চায় সমুদ্রের জল। গিরি উৎপাটিতে যেন খদ্যোতের বল ॥
তেমত আমার চিত্তে উৎসাহ হইল। সাহসে লিখিতে গ্রন্থ প্রবৃত্ত হইল ॥
সেবা লিপি তার মর্ম সম্যক্ নাহি জানি। কৃপাবলে শ্লোকার্থ-আভাস বাখানি ॥
গুরুকৃষ্ণ-বৈষ্ণব করুণা অবলেশে। যদি বা করুণা হয় কৃপা করি মোকে ॥
পতিত-পাবন কৃষ্ণ সর্বশাস্ত্রে শুনি। পতিত আমাকে দেখি যে কর আপনি ॥
পতিত-তারণ প্রভুর নহেত নিয়ম। তবে কর্ম দোষে আমি পাইছি কদর্থন ॥
গুরু কৃপা করিলে কৃষ্ণ করেন করুণা। শ্রীগুরু পতিত দেখি না করিহ ঘৃণা ॥
শ্রীগুরু দয়াল হন অধম-তারণ। আমি তাহে ভাগ্যহীন অতি অকিঞ্চন ॥

বৈষ্ণবে হইলে ভক্তি, গুরু কৃপা করে।
হেনমতে বৈষ্ণব গোসাঞি না ছাড়িহ মোরে ॥

কৃষ্ণভক্তগণ-পাদপদ্মে করি নতি। শত শত বিনয়, সহস্র করি স্তুতি ॥
মূঢ় করি ভক্তিগ্রন্থ করিল লিখন। কৃপা করি লিপিত্রুটি করিবে শোধন ॥
এবে কহি গ্রন্থের **অনুক্রম সূত্র**। যেবা যেই প্রকরণে হৈয়াছেন উক্ত ॥
প্রথম প্রকরণে হৈল মঙ্গলাচরণ। গুরুকৃষ্ণ বৈষ্ণব-বন্দনারূপ হয় ॥
কৃষ্ণ-আরাধনা পর কৃষ্ণের অর্চন। মন সম্বোধিয়া প্রশ্ন প্রথম প্রকরণ ॥
কৃষ্ণ-সেবায় হয় জগতের প্রীতি। ভক্ত-বশ্য ভগবান্, ভক্তজিজ্ঞাসা তথি ॥
কৃষ্ণাশ্রয় বিনা ভবসিন্ধু নহে পার। **দ্বিতীয়** প্রকরণে হৈল তাহার বিচার ॥
বাল্যাবধি কৃষ্ণসেবা বিষয়াবেশ-ত্যাগ। অনাশ্রিত পশুতুল্য ইত্যাদি বিভাগ ॥
ইন্দ্রিয় থাকিতে যে ইন্দ্রিয়হীন জন। ভক্তিশ্রেষ্ঠ **তৃতীয়ে** হইল নিরূপণ ॥

অকামা সকামা ভক্তি কৃষ্ণভক্তিফল। অবিনাশী কৃষ্ণদাস তৃতীয়ে সকল ॥
চতুর্থে সাধনভক্তি বৈধীর কথন। উত্তম-মধ্যম-কনিষ্ঠ লক্ষণ ॥
পঞ্চমে চতুঃষষ্টি ভক্ত্যঙ্গ-লক্ষণা। **ষষ্ঠে** সেবা-নামাদি-অপরাধ-বর্ণনা ॥
সপ্তমে রাগভক্তি প্রকটাপ্রকট লীলা। **অষ্টমে** ভাবভক্তি বর্ণন হইলা ॥
নবমে নিত্যাবস্থার পূর্ণতর-তত্ত্ব। ধীরোদাত্তাদি তথা নায়ক-কথন ॥
নিত্যসিদ্ধাদি ভক্ত লক্ষণা নবমে। **দশমে** অনুভাব তথা সাত্ত্বিক কথনে ॥
ব্যভিচারী কহিলাম প্রকরণ **একাদশে**। স্থায়িভাব কথন হৈয়াছেন **দ্বাদশে** ॥
ত্রয়োদশে মুখ্যভক্তি রস-নিরূপণ। শান্ত দাস্য সখ্য তাহাতে লিখন ॥
চতুর্দশে গৌণভক্তি রসের বিচার। **পঞ্চদশ** প্রকরণে বাৎসল্যরস সার ॥
ষোড়শ সপ্তদশে উজ্জ্বল-বর্ণন। এইত কহিল শাস্ত্রে যথা অনুক্রম ॥
বহুগ্রন্থে এই গ্রন্থ করিল বর্ণন। কৃপা করি চৈতন্যভক্ত করিবে গ্রহণ ॥
শ্রীগুরু শ্রীকৃষ্ণ শ্রীকৃষ্ণদাসে করি স্তুতি। সপ্তদশ প্রকরণ গ্রন্থে হৈল ইতি।
অহে প্রভু নন্দসুত অগতির গতি। অনাথ জনের প্রভু তুমি হও পতি।
অনাথের নিবেদন তুয়া পদে আশ। জন্মে জন্মে কর প্রভু তব দাসের দাস ॥
কোন কুলে হোক জন্ম নীচানীচ জাতি। নর বা বানর পশুপক্ষি-গর্ভে তথি ॥
কোন কুলে হোক জন্ম তাহে নাহি ভয়। তোমার দাসের দাস-সঙ্গ যেন হয় ॥
ও রাঙ্গাচরণযুগ না হৈয়ে বিস্মৃতি। অনাথ জনার প্রভু এইত মিনতি ॥
ব্রহ্মা আদি দেবগণ স্তাবক তোমার। তব সনকাদি যেন ভাবক যাঁহার ॥
ইন্দ্র চন্দ্র দিবাকর সেবক-গণনা। অনন্ত না পায় যাঁর গাঞা গুণ সীমা ॥
সনকাদি নাম-গানে না পাইল অন্ত। নারদাদি ঋষিগণ না জানে সিদ্ধান্ত ॥
আমি তাহে জীব ছার অতি মূঢ়মতি। কি বর্ণিব তব তত্ত্ব কি আছে শকতি ॥
নাহি জানি তপ জপ অর্চন সমাধি। ভক্তিতত্ত্ব নাহি জানি যোগযাগবিধি।
সবে মাত্র গুরুমুখে শুনি এই নাম। শ্রীগোপাল শ্রীগোবিন্দ কৃষ্ণ বলরাম ॥
রামকৃষ্ণ নামমাত্র করিয়ে স্মরণ। নাহি জানি পূজা বিধি অঙ্গ আচরণ ॥
সেই রামকৃষ্ণ এবে নিতাই চৈতন্য। কলিযুগে অবতরি সংসার কৈল ধন্য ॥

জীব উদ্ধারিতে হৈলা ভক্ত অবতার। আপনি আচরিঞা শিক্ষা করাইল সংসার॥
পূর্ব পার্ষদ তথা পূর্ব ভক্তগণ। সঙ্গে লৈঞা করিলেন প্রেমবিতরণ॥
গোপাল মহান্ত সঙ্গে ব্রজ-অভিলাষ। নিতাই চৈতন্যরূপে কলিতে প্রকাশ॥
শ্রীযুত সুন্দরসহ নিতাই চৈতন্য। ভজ মন নিরবধি ছাড়ি কর্ম অন্য॥
ঠাকুর সুন্দর পূর্বে সুদাম গোপাল। রামকৃষ্ণ-প্রিয়সখা রঙ্গিয়া রাখাল॥
এবেহ শ্রীনিত্যানন্দ-চৈতন্যপ্রিয় অতি। কলিযুগে তার নাম সুন্দর খেয়াতি॥
তাঁর প্রিয়পাত্র পর্ণিগোপাল মহাশয়। জগতে তাঁহার কীর্ত্তি ব্যাঘ্র শিষ্য হয়॥
যবনের অন্ন যিঁহো পুষ্পজাতি কৈল। যাকে স্পর্শি চোরগণ পরে অন্ধ হৈল॥
পর্ণ বেচি কৃষ্ণসেবা করিথা নিতি নিতি। শিরঃস্পর্শ নয় বোঝা চলে উর্দ্ধগতি॥
কৃষ্ণবলরাম যার বশ প্রেমগুণে। তাঁহার মহিমা গুণ কে বর্ণিতে জানে॥
কি কহিব মহিমা তাঁর গুণের গরিমা। সুন্দরের প্রিয়পাত্র তাঁহার করুণা।
তাঁহার আশ্রিত কাশীনাথ মহাশয়। কাশীনাথ ঠাকুরের হৈল পঞ্চ তনয়॥
পঞ্চ পুত্র সহ তাঁরে প্রভু কৃপা কৈল। শক্তি সঞ্চারিঞা পুন সেবা ধর্ম দিল॥
পঞ্চ সহোদর প্রভুর করিল সেবন। শ্রীঅনন্ত, শ্রীকিশোর, শ্রীহরিচরণ॥
এই তিন জ্যেষ্ঠ হৈল প্রভুতে আশ্রিত। কনিষ্ঠ শ্রীকানুরাম ঠাকুর বিখ্যাত॥
তাঁর কৃপাপাত্র শ্রীগোপালচরণ প্রভু। সেই প্রভু নিস্তার করিলা জীব বহু॥
শান্ত দান্ত ধীরমতি শুদ্ধান্তঃকরণ। কৃষ্ণভক্ত-জনপ্রিয় ভক্তি-আচরণ॥
রামকৃষ্ণ বিনা কভু অন্য নাহি স্মৃতি। কৃষ্ণ-বৈষ্ণব-সেবা করিঞা পিরীতি॥
তাঁর সর্বশেষ দাস অতি অকিঞ্চন। এ দাস নয়নানন্দ করে নিবেদন॥
সেই প্রভুর আজ্ঞা হৈল গ্রন্থ বর্ণিবারে। মূর্খ হৈঞা লিখিলাম আজ্ঞা-অনুসারে॥
শ্রীচৈতন্য-নিত্যানন্দ-অদ্বৈত গোস্বামী। গোপাল মহান্তসহ চরণ বন্দি আমি॥
সাভিরাম সুন্দরানন্দ শ্রীপর্ণিগোপাল। বৈষ্ণব ঠাকুর মোর পরম দয়াল॥
এই সভার চরণ-পদ্ম করিঞা স্মরণ। কৃষ্ণভক্তিরসকদম্ব করিল বর্ণন॥
যুগ্ম-বাণ-ঋতু-চন্দ্রশকে পরিগণি। বৃষরাশিগত ভানু মাস তাহে জানি॥
ভূমিপুত্র বারে তথা কুহু তিথি শেষে। হইলেন গ্রন্থ সাঙ্গ পঞ্চম দিবসে॥

সেনভূমি-মধ্যে মঙ্গলডিহি গ্রাম। শ্রীপর্ণিগোপালের সে যাহাতে বিশ্রাম॥
ঠাকুর পানুঞা বন্দো শ্রীশ্যামসুন্দর। বলরামচন্দ্র প্রভু রসিক নাগর॥
সে মূর্ত্তি দেখিতে ভক্তের বাঢ়ে প্রেমরঙ্গ। সেই স্থানে রহি এই গ্রন্থ হৈল সাঙ্গ।
কৃষ্ণভক্তিরসকদম্ব শ্রবণ-উল্লাস। কাতরে বর্ণিল এ নয়নানন্দ দাস॥

॥ সমাপ্তশ্চায়ং গ্রন্থঃ॥

শকাব্দা—১৬৫২ ॥০॥